

প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর): আইএমইডি ০৪/২০২৪ (সংশোধিত)

প্রকল্পের নাম: **মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) (কোড -২২৪৩১৩০০০)**

প্রকল্পের মেয়াদকাল: **জানুয়ারী, ২০২০ হতে জুন, ২০২৫।**

বিভাগ : মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর।
সার্কেল : ফরিদপুর পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ফরিদপুর।
জোন : পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর): আইএমইডি ০৪/২০২৪ (সংশোধিত)

ক. প্রকল্পের বিবরণী:

০১.	প্রকল্পের নাম	:	মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) (কোড -২২৪৩১৩০০০)
০২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	পানি সম্পদ মন্ত্রণালয়
০৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
০৪.	পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/ বিভাগ	:	কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ।
০৫.	প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি/সম্ভাব্যতা সমীক্ষা	:	বিনিয়োগ

০৬.	প্রকল্পের অবস্থান (প্রকল্প দলিল অনুযায়ী)	:	

ক্রমিক	বিভাগ	জেলা	মহানগর/পৌরসভা/উপজেলা
০১	ঢাকা	মাদারীপুর	শিবচর

০৭. প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়), বাস্তবায়নকাল এবং অনুমোদন:

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	মেয়াদ ও ব্যয় হ্রাস/বৃদ্ধির কারণ	অনুমোদনকারী কর্তৃপক্ষ
	মোট	জিওবি (বৈদেশিক মুদ্রা)	নিজস্ব অর্থায়ন				
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
মূল	৩৯৪৪৭.৪৫	৩৯৪৪৭.৪৫		জানুয়ারি-২০২০ জুন-২০২৩	১১.০৬.২০২০		একনেক
১ম সংশোধন	৪০৪২৮.২৪	৪০৪২৮.২৪		জানুয়ারি-২০২০ জুন-২০২৪	১৮.০৫.২০২৩	প্রকল্পটি ২৮-০১-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। ২৭-০৫-২০২১ খ্রিঃ তারিখে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (CCGP) অনুমোদনের পরে ২৩-০৬-২০২১ খ্রিঃ তারিখে বাংলাদেশ নৌ-বাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" এর সাথে চুক্তি সম্পাদিত হয়। দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি করায় ভৌত কার্যক্রম শুরু করতে বিলম্ব হয়েছে। ঠিকাদারের সাথে চুক্তিকালীন সময়ে ভৌত কাজের Working Design টি ৩১-০৫-২০২০ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়। দীর্ঘ তিন বছর সময়ে নদীর মরফলজিক্যাল	পানি সম্পদ মন্ত্রণালয়

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	মেয়াদ ও ব্যয় হ্রাস/বৃদ্ধির কারণ	অনুমোদনকারী কর্তৃপক্ষ
	মোট	জিওবি (বৈদেশিক মুদ্রা)	নিজস্ব অর্থায়ন				
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
						পরিবর্তনের কারণে নদীর বামতীর ও ডানতীর এর বিভিন্ন স্থানে নদীর তলদেশে পরিবর্তনের কারণে নদীতীর সংরক্ষণ কাজের ডিজাইন কোন কোন ক্ষেত্রে পরিবর্তন করা হয়। ফলে অবশিষ্ট নদীতীর সংরক্ষণ কাজ শেষ করার জন্য লাঞ্চিং এপ্রোনে ডাম্পিং ম্যাটেরিয়াল হিসাবে অতিরিক্ত জিও ব্যাগ ও প্লেসিং ব্লক সমন্বয় করা প্রয়োজন পড়ে। এলজিইডি কর্তৃক নির্মানাধীন উৎরাইল ব্রীজের স্থায়ীত্বের কথা বিবেচনায় উজানে ০.৫০০ কিঃমিঃ ও ভাটিতে ০.৫০০ কিঃমিঃ পর্যন্ত মোট ১.০০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ বাদ দেওয়া প্রয়োজন পড়ে। তৎকালীন সময়ের চীপ হুইপ ও সংসদ সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী, এমপি, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর, উপজেলা নির্বাহী অফিসার, শিবচর এবং কারিগরি/ সমীক্ষা কমিটির সুপারিশের প্রেক্ষিতে আড়িয়াল খাঁ ব্রীজ টু বাবলাতলা বাজার সড়ক রাস্তাটি নদী ভাঙ্গন রক্ষার্থে ০.৩৫০কিঃমিঃ তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা প্রয়োজন পড়ে।	
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার)	৪০৪২৮.২৪	৪০৪২৮.২৪	-	জানুয়ারি-২০২০ জুন-২০২৫	১৩-০৬-২০২৪	এপ্রিল ২০২৪ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৮০.৯০% এবং আর্থিক অগ্রগতি ছিল ৬৯.৩১%। প্রকল্পের প্রধান দু'টি কম্পোনেন্টের মধ্যে নদী ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছিল। ২.৪৫ কিলোমিটার দৈর্ঘ্যে নদী তীর সংরক্ষণ কাজ চলমান ছিল। বর্ষা মৌসুম সমাগত হওয়ায় নভেম্বরের পূর্বে পুনরায় কাজ শুরু করা সম্ভব ছিল না। এছাড়া প্রকল্পের শেষ অর্থবছরে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা সম্ভব হয়নি। সুতরাং, প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্নের জন্য অতিরিক্ত সময়ের প্রয়োজন পড়ে।	পরিকল্পনা কমিশন

০৮. প্রকল্পের উদ্দেশ্য:

৮.১ সার্বিক

- প্রকল্প এলাকার বিদ্যালয় এবং হাট-বাজার, রাস্তা ও ব্রীজ, ফসলি ও বাসযোগ্য জমি, বসবাসের বাড়ি-ঘর, ধর্মীয় উপসানালয়, সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা ইত্যাদি নদী ভাঙ্গনের হাত থেকে রক্ষা করা।
- প্রকল্প এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন সাধন এবং প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখা।

৮.২ সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীর বাম ও ডান তীরে ৬.৬৫ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের মাধ্যমে নদী ভাঙ্গনের হাত থেকে স্থানীয় জনগণকে রক্ষা করা।
- আড়িয়াল খাঁ নদীতে ১৩.৭৫ কিঃমিঃ নদী ড্রেজিং কাজের মাধ্যমে নদীর নাব্যতা স্বাভাবিক রাখা এবং বন্যার হাত থেকে স্থানীয় জনগণকে রক্ষা করা।
- আনুমানিক ২০৪২৮৫.০০ লক্ষ টাকার সম্পত্তি রক্ষা করা।

০৯. প্রকল্পের পটভূমি

বাংলাদেশ নদী মাতৃক দেশ। নদী ভাঙ্গন একটি প্রতিনিয়ত ঘটনা। মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন সন্নাসীরচর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়ন আড়িয়াল খাঁ নদীর তীরে অবস্থিত। এলাকা সমূহ বারবার নদী ভাঙ্গনের সম্মুখীন হওয়ার ফলে অনেক গুরুত্বপূর্ন স্থাপনা নদী গর্ভে বিলীন হওয়ার আশংকা দেখা দেয়। সন্নাসীর চর ইউনিয়নের ভাঙ্গন কবলিত এলাকা আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত। উক্ত এলাকা কয়েক বছর ধরে ভাঙ্গন কবলিত হওয়ায় বাজার, স্কুল, দাখিল মাদ্রাসা, মসজিদ, ব্রিজ, সন্নাসীরচর, পাঁচ্চর রোড নদী ভাঙ্গনের হুমকীর মুখে পড়ে। বহেরাতলা ইউনিয়নের ভাঙ্গন কবলিত স্থান আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত। নদী ভাঙ্গন কবলিত হয়ে উক্ত স্থানে কলেজ, বাজার, স্কুল, মাদ্রাসা, সাইক্লোন সেন্টার, মসজিদ হুমকীর মুখে ছিল। শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের ভাঙ্গন কবলিত এলাকা আড়িয়াল খাঁ নদীর ডানপাড়ে অবস্থিত। নদী ভাঙ্গনে এই দুই ইউনিয়নের প্রায় তিনশত পরিবার বাড়ীঘর হারিয়ে নিঃস্ব হয়ে যায়। এছাড়া বাজার, স্কুল, মাদ্রাসা, মসজিদ, বসতবাড়ি ও সংযোগ সড়ক নদী ভাঙ্গনে বিলীন হওয়ার আশংকা ছিল। উক্ত এলাকা সমূহ আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে রক্ষাকল্পে মাননীয় সংসদ সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী, ২১৮, মাদারীপুর-১ এবং সভাপতি অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি মহোদয়ের ডিও লেটারের আলোকে একটি প্রকল্প প্রণয়নের লক্ষ্যে কারিগরী প্রতিবেদন প্রনয়নের জন্য বোর্ড সচিবালয়ের স্মারক নং- বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৭(১ম খন্ড)/২৯১, তারিখঃ ৩০-১০-২০১৭ খ্রিঃ মোতাবেক বোর্ড কর্তৃক ছয় সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়। উক্ত কারিগরি কমিটি কর্তৃক দাখিলকৃত এবং বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরী প্রতিবেদনের আলোকে ডিপিপি প্রনয়ন করা হয়।

১০. প্রধান প্রধান কার্যক্রম:

- নদী তীর রক্ষামূলক কাজ-৬.৬৫ কিঃমিঃ
- নদী খনন- ১৩.৭৫ কিঃমিঃ/ ৯০১১১৪৭.২৬ লক্ষ ঘনমিটার
- বৃক্ষরোপন

১১. প্রকল্প সংশোধনের কারণ :

➢ ১ম সংশোধন

প্রকল্পটি ২৮-০১-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। ২৭-০৫-২০২১ খ্রিঃ তারিখে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (CCGP) অনুমোদনের পরে ২৩-০৬-২০২১ খ্রিঃ তারিখে বাংলাদেশ নৌ-বাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" এর সাথে চুক্তি সম্পাদিত হয়। দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি করায় ভৌত কার্যক্রম শুরু করতে বিলম্ব হয়েছিল।ঠিকাদারের সাথে চুক্তিকালীন সময়ে ভৌত কাজের Working Design টি ৩১-০৫-২০২০ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়। দীর্ঘ তিন বছর সময়ে নদীর মরফলজিক্যাল পরিবর্তনের কারণে নদীর বামতীর ও ডানতীর এর বিভিন্ন স্থানে নদীর তলদেশে পরিবর্তনের কারণে নদীতীর সংরক্ষণ কাজের ডিজাইন কোন কোন ক্ষেত্রে পরিবর্তন করা হয়। ফলে অবশিষ্ট নদীতীর সংরক্ষণ কাজ শেষ করার জন্য লাঞ্চিং এপ্রোনে ডাম্পিং ম্যাটেরিয়াল হিসাবে অতিরিক্ত জিও ব্যাগ ও প্লেসিং ব্লক সমন্বয় করা প্রয়োজন পড়ে। এলজিইডি কর্তৃক তৎকালীন সময়ে নির্মানাধীন উৎরাইল ব্রীজের স্থায়ীত্বের কথা বিবেচনায় উজানে ০.৫০০ কিঃমিঃ ও ভাটিতে ০.৫০০ কিঃমিঃ পর্যন্ত মোট ১.০০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ বাদ দেওয়া প্রয়োজন পড়ে। তৎকালীন সময়ের চীপ হুইপ ও সংসদ সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী, এমপি, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর, উপজেলা নির্বাহী অফিসার, শিবচর এবং কারিগরি/ সমীক্ষা কমিটির সুপারিশের প্রেক্ষিতে আড়িয়াল খাঁ ব্রীজ টু বাবলাতলা বাজার সড়ক রাস্তাটি নদী ভাঙ্গন হতে রক্ষার্থে ০.৩৫০ কিঃমিঃ তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা প্রয়োজন পড়ে।

১২. ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কারণ:

➢ ১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি

এপ্রিল ২০২৪ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৮০.৯০% এবং আর্থিক অগ্রগতি ছিল ৬৯.৩১%। প্রকল্পের প্রধান দু'টি কম্পোনেন্টের মধ্যে নদী ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছিল। ২.৪৫ কিলোমিটার দৈর্ঘ্যে নদী তীর সংরক্ষণ কাজ চলমান ছিল। বর্ষা মৌসুম সমাগত হওয়ায় নভেম্বরের পূর্বে পুনরায় কাজ শুরু করা সম্ভব ছিল না। এছাড়া প্রকল্পের শেষ অর্থবছরে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। সুতরাং, প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্নের জন্য অতিরিক্ত সময়ের প্রয়োজন পড়ে।

১৩. প্রকল্পের অর্থায়ন (লক্ষ টাকায়):

উৎস / ধরন	জিওবি	নিজস্ব অর্থায়ন	অন্যান্য	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)=(২+৩+৪)
বিনিয়োগ	৪০৪২৮.২৪	-	-	৪০৪২৮.২৪
ঋণ	-	-	-	-
ইক্যুইটি	-	-	-	-
অনুদান	-	-	-	-
অন্যান্য	-	-	-	-
মোট	৪০৪২৮.২৪	-	-	৪০৪২৮.২৪

খ. বাস্তবায়ন অবস্থা

১৪. বাস্তবায়নকাল:

অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মেয়াদ হ্রাস/বৃদ্ধি (মূল মেয়াদের %)	মন্তব্য
মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)
জানুয়ারি-২০২০ জুন-২০২৩	জানুয়ারি-২০২০ জুন-২০২৫	জানুয়ারি-২০২০ জুন-২০২৫	(+) ৭৩০ দিন (৫৭.২৮%)	নদীর মরফলজিক্যাল পরিবর্তনের কারনে Working deisgn এর পরিবর্তন হয়। ফলে ডিপিপি সংশোধনের সময় ০১ বছর মেয়াদ বৃদ্ধি হয়। প্রকল্পের শেষ অর্থবছরে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা সম্ভব হয়নি বিধায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর মেয়াদ বৃদ্ধি করা হয়।

১৫. প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	ব্যয় হ্রাস/বৃদ্ধি (মূল ব্যয়ের %)	মন্তব্য
মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৩৯৪৪৭.৪৫	৪০৪২৮.২৪	৩৮০২৮.৯০	(-) ১৪১৮.৫৫ (-৩.৫৯%)	প্রকল্পের ভৌত কাজের প্যাকেজের প্রাক্কলিত মূল্যের বিপরীতে মূল্যায়ন পরবর্তী ঠিকাদারের উদ্ধৃত নিম্নদর চুক্তিমূল্য হিসেবে গ্রহণ করা হয়েছে। নদীতীর সংরক্ষণ কাজের ক্ষেত্রে টাস্কফোর্স কর্তৃক গৃহীত সিসি ব্লক এবং জিও ব্যাগ গণনার প্রতিবেদন ও টেস্ট রেজাল্টের আলোকে গৃহীত জিও ব্যাগ ও ব্লকের সংখ্যা নির্ধারণ এবং মাঠ পর্যায়ের বাস্তবতার নিরীখে অন্যান্য আইটেমসমূহের পরিমান নির্ধারণ পূর্বক চূড়ান্ত বিল প্রদান করা হয়। ফলে নদীতীর সংরক্ষণ কাজে অর্থ সাশ্রয় হয়েছে। নদী ড্রেজিং কাজের ক্ষেত্রে সম্পূর্ণ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ সম্পন্ন করা হলেও টাস্কফোর্স কর্তৃক যৌথ পরিমাপের আলোকে যে মাটির পরিমান পাওয়া যায় তাহা ডিপিপির প্রাক্কলিত মাটির পরিমানের তুলনায় ৯২.১০%। ফলে খনন কাজের কম বিল প্রদান করা হয়। বালির ডাইক ও বালি রাখার স্থানের জমির মালিকানা ও লীজ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক জমা প্রদান না করায় জমি লীজের টাকা প্রদান করা হয়নি। স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তের আলোকে নদীতীর সংরক্ষণ কাজ সংলগ্ন স্থানে সরকারী খাসজমি না থাকায় বৃক্ষরোপণ কার্যক্রম বাদ দেওয়া হয়েছে। ফলে ড্রেজিং ও বৃক্ষরোপণ কাজে অর্থ সাশ্রয় হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে পিকআপ ক্রয় ও বৈদেশিক প্রশিক্ষণ বাদ দেওয়া হয়েছে।

১৬. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্পের শুরু হতে ক্রমানুসারে):

নাম, আইডি, মূল পদবি, গ্রেড ও মোবাইল নম্বর	দায়িত্বের ধরণ		একাধিক প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত (হ্যাঁ/না)	সময়কাল (তারিখ)		মন্তব্য
	পূর্ণকালীন (হ্যাঁ/না)	অতিরিক্ত দায়িত্ব (হ্যাঁ/না)		যোগদান	অবমুক্তি	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
জনাব পার্থ প্রতীম সাহা, নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর। গ্রেড: ৫ম গ্রেড মোবাইল: ০১৭১৮৭৩৩৫১৩	হ্যাঁ	না	না	২৭.০২.২০২০	১২.১২.২০২১	
জনাব সৈয়দ সাহিদুল আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পানি উন্নয়ন, সার্কেল, বাপাউবো, ফরিদপুর গ্রেড: ৪র্থ মোবাইল: ০১৭১১৫৮৯৩৩৫	হ্যাঁ	না	হ্যা	১২.১২.২০২১	০২.০৯.২০২৪	
জনাব মোঃ সুলতান মাহমুদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পানি উন্নয়ন, সার্কেল, বাপাউবো, ফরিদপুর গ্রেড: ৪র্থ মোবাইল: ০১৭২৬৮৮০০৪৪	হ্যাঁ	না	হ্যা	০৭.১০.২০২৪	৩০.০৬.২০২৫	

১৭. প্রকল্পের জনবল:

(ক) প্রকল্প বাস্তবায়ন ইউনিটের জনবল:

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত জনবল	বাস্তবায়নকালে নিয়োগকৃত জনবল
(১)	(২)	(৩)	(৪)
প্রকল্পটি মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর দপ্তরের বিদ্যমান জনবল কাঠামোর মাধ্যমে বাস্তবায়িত হয়েছে।			

(খ) প্রকল্প সমাপ্তির পর প্রয়োজনীয় জনবলের তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে):

ক্রমিক নং	প্রকল্প দলিল অনুযায়ী লক্ষ্যমাত্রা		নিয়োগ সম্পন্ন হয়েছে (হ্যাঁ/না)	নিয়োগ সম্পন্ন না হলে তার কারণ ও সর্বশেষ অবস্থা
	পদের নাম ও গ্রেড	সংখ্যা		
(১)	(২)	(৩)	(৪)	(৫)
প্রকল্পটি মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর দপ্তরের বিদ্যমান জনবল কাঠামোর মাধ্যমে বাস্তবায়িত হয়েছে। ফলে অতিরিক্ত জনবলের প্রয়োজন হয়নি।				

১৮. প্রশিক্ষণ (স্থানীয়/বৈদেশিক):

ধরন	ক্রমিক নং	দিন/সপ্তাহ/মাস, ব্যাচ ও অংশগ্রহণকারীর সংখ্যা					
		প্রকল্প দলিল অনুযায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অর্জন		
		দিন/সপ্তাহ/মাস	ব্যাচ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	দিন/সপ্তাহ/মাস	ব্যাচ	প্রশিক্ষণার্থীর সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৯)
প্রকল্পটির আওতায় বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান ছিল। কিন্তু অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ স্মারক নং: ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১; তারিখ: ০৩ জুলাই ২০২২ মোতাবেক বিদেশ ভ্রমন স্থগিত করায় প্রকল্পের আওতায় কোন বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ করা হয় নাই।							

১৯. অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অর্জন (প্রকল্প দলিল অনুযায়ী): (লক্ষ টাকায়)

অংগের নাম	একক	পরিমান	প্রাক্কলিত ব্যয়				প্রকৃত অর্জন			
			মোট	জিওবি	নিজস্ব	অন্যান্য	মোট	জিওবি	নিজস্ব	অন্যান্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
(ক) রাজস্ব ব্যয়:										
৩২৪১১০১ অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয়	থোক	থোক	৮.০০	৮.০০	-	-	৮.০০	৮.০০	-	-
৩২৪৩১০১ পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	থোক	থোক	১২.০০	১২.০০	-	-	১১.২৫	১১.২৫	-	-
৩২৫৫১০২ মুদ্রণ ও বাঁধাই	থোক	থোক	২.০০	২.০০	-	-	২.০০	২.০০	-	-
৩২৫৫১০৪ স্ট্যাম্প ও সিল	থোক	থোক	১.০০	১.০০	-	-	১.০০	১.০০	-	-
৩২৫৫১০৫ অন্যান্য মনিহারি	থোক	থোক	৪.০০	৪.০০	-	-	৩.৯৯	৩.৯৯	-	-
৩২১১১২৫ প্রচার বিজ্ঞাপন (প্রকল্প ভিডিও / ফটো সংরক্ষণ, ইত্যাদি)	থোক	থোক	৪.০০	৪.০০	-	-	৩.৯৮	৩.৯৮	-	-
৩২১১১০৯ শ্রমিক মজুরি (সরকারি শ্রমিক ব্যতীত) অনিয়মিত শ্রমিক	থোক	থোক	৮.০০	৮.০০	-	-	৭.৯৭	৭.৯৭	-	-
৩১১১৩৩২ সম্মানী ভাতা (মধ্যবর্তী মূল্যায়ন ও প্রসেসিং মনিটরিং এক্টিভিটিস)	থোক	থোক	৮.০০	৮.০০	-	-	৮.০০	৮.০০	-	-
৩১১১৩৩২ সম্মানী ভাতা (বিভিন্ন কমিটির জন্য)	থোক	থোক	৯.০০	৯.০০	-	-	৯.০০	৯.০০	-	-
৩২৫৭১০৪ সার্ভে (জরিপ ও অনুসন্ধান)	থোক	থোক	১২.০০	১২.০০	-	-	১০.১৭	১০.১৭	-	-
৩২৩১১০১ বৈদেশিক প্রশিক্ষণ (অভিজ্ঞতা বিনিময়)	থোক	থোক	৭৫.০০	৭৫.০০	-	-	০.০০	০.০০	-	-
৩২৫৮১০৭ অনাবাসিক ভবন (অফিস ভবন মেরামত)	থোক	থোক	১০০.০০	১০০.০০	-	-	৯৩.৩৪	৯৩.৩৪	-	-
৩২৫৮১০১ মোটর যানবাহ (বিদ্যমান যানবাহন)	থোক	থোক	১০.০০	১০.০০	-	-	৯.৯৯	৯.৯৯	-	-
উপমোট (রাজস্ব ব্যয়)			২৫৩.০০	২৫৩.০০			১৬৮.৬৯	১৬৮.৬৯		
(খ) মুলধন										
৪১১২১০১- মোটরযান (প্রগতির তৈরী ডাবল কেবিন পিকআপ)	সংখ্যা	১	৫৬.০০	৫৬.০০			০.০০	০.০০		
৪১১২১২১০১- মোটরযান (মটর সাইকেল ক্রয় অনূর্ধ ১২৫ সিসি)	সংখ্যা	২	৩.৭৪	৩.৭৪			৩.৭৪	৩.৭৪		
৪১১২৩০৪- প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি	সেট	২	৩.০০	৩.০০			২.৯৮	২.৯৮		

অংগের নাম	একক	পরিমান	প্রাক্কলিত ব্যয়				প্রকৃত অর্জন			
			মোট	জিওবি	নিজস্ব	অন্যান্য	মোট	জিওবি	নিজস্ব	অন্যান্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
(লেভেলিং ইন্সট্রুমেন্ট ২টি, সিও ও ওয়েট মেশিন ২ সেট)										
৪১১২৩০৪ প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি (ইকোসাউন্ডার ও জিপিএস ১ সেট)	সেট	১	০.১০	০.১০			০.০০	০.০০		
৪১১২২০২ কম্পিউটার ও আনুসাংঙ্গিক (ইউপিএস, প্রিন্টার সহ) ডেস্কটপ	সংখ্যা	৪	৫.০০	৫.০০			৫.০০	৫.০০		
৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি (ফটোকপিয়ার মেশিন)	সংখ্যা	২	৪.০০	৪.০০			৩.৯৯	৩.৯৯		
৪১১২৩০৩ বৈদ্যুতিক সরঞ্জামাদি (আইপিএস)	সংখ্যা	৪	৫.০০	৫.০০			৩.৯৪	৩.৯৪		
৪১১৩১০২ বৃক্ষ, শস্য ও উদ্ভিজ্জ সম্পদ উৎপন্নকারী আবর্তক পণ্য (বনায়ন)	থোক	১	১০.০০	১০.০০			০.০০	০.০০		
নির্মাণ ও পূর্ত										
৪১১১৩২১ নদীতীর সংরক্ষণ কাজ (৬.৬৫ কিঃমিঃ)	কিঃমিঃ	৬.৬৫	২২৩৫৪.৮	২২৩৫৪.৮			২২০৫৪.৯১	২২০৫৪.৯১		
৪১১১৩১০ খনন (নদী ড্রেজিং)	ঘঃমিঃ	৯৭৭৩০০০.০০	১৭৬২২.৬	১৭৬২২.৬			১৫৭৮৫.৬৫	১৫৭৮৫.৬৫		
(খ) উপমোট (মূলধন)			৪০০৬৪.২৪	৪০০৬৪.২৪			৩৭৮৬০.২১	৩৭৮৬০.২১		
মোট ব্যয়			৪০৩১৭.২৪	৪০৩১৭.২৪			৩৮০২৮.৯০	৩৮০২৮.৯০		
(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি			৬১.০০	৬১.০০			০.০০	০.০০		
(ঘ) প্রাইস কনটিনজেন্সি			৫০.০০	৫০.০০			০.০০	০.০০		
সর্বমোট প্রকল্প ব্যয় [(ক)+(খ)+(গ)+(ঘ)]=			৪০৪২৮.২৪	৪০৪২৮.২৪			৩৮০২৮.৯০	৩৮০২৮.৯০		

২০. যানবাহন ক্রয় সংক্রান্ত:

যানবাহনের ধরন	প্রকল্প দলিল অনুযায়ী সংখ্যা	ক্রয়ের সংখ্যা ও ক্রয়ের তারিখ	সরকারি যানবাহন অধিদপ্তরের পরিবহন পুলে হস্তান্তরের সংখ্যা ও তারিখ	ও এন্ড এম-এ হস্তান্তরের সংখ্যা, মেমো নং, তারিখ	বাতিল ঘোষণা হয়ে থাকলে তার সংখ্যা, মেমো নং, তারিখ	পরবর্তীতে ফেরৎ/স্থানান্তর	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
পিক-আপ	১	-	-	-	-	-	অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ স্মারক নং: ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১; তারিখ: ০৩ জুলাই ২০২২ মোতাবেক মোটরযান ক্রয় স্থগিত করা হয়।

যানবাহনের ধরন	প্রকল্প দলিল অনুযায়ী সংখ্যা	ক্রয়ের সংখ্যা ও ক্রয়ের তারিখ	সরকারি যানবাহন অধিদপ্তরের পরিবহন পুলে হস্তান্তরের সংখ্যা ও তারিখ	ও এন্ড এম-এ হস্তান্তরের সংখ্যা, মেমো নং, তারিখ	বাতিল ঘোষণা হয়ে থাকলে তার সংখ্যা, মেমো নং, তারিখ	পরবর্তীতে ফেরৎ/স্থানান্তর	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
মটর সাইকেল	২	২ টি ও ২১-১২-২০২০ খ্রি:	-	-	-	-	মাদারীপুর পানি উন্নয়ন বিভাগের পরিচালন বাজেটের আওতায় বিভিন্ন কাজ বাস্তবায়নে ব্যবহৃত হচ্ছে।

২১. প্রকল্পের পরামর্শক সংক্রান্ত (স্থানীয়/বৈদেশিক):

পরামর্শকের ধরন	জন-মাস		প্রকৃত জন-মাস এর তথ্য	ডেলিভারেবলের সংখ্যা		মন্তব্য
	প্রকল্প দলিল অনুযায়ী	চুক্তি অনুযায়ী		প্রকল্প দলিল অনুযায়ী	প্রকৃত	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
ক) স্থানীয়	প্রযোজ্য নয়।					
খ) বৈদেশিক						

২২. অবকাঠামো ও যন্ত্রপাতি স্থাপন:

অবকাঠামো ও যন্ত্রপাতির বিবরণ	পরিমাণ (প্রকল্প দলিল অনুযায়ী	ক্রয়ের পরিমাণ (তারিখসহ)	ও এন্ড এম-এ হস্তান্তরের তারিখ	বিধি অনুযায়ী বাতিল ঘোষণার তারিখ	অবশিষ্ট	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৪১১২৩০৪- প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি (লেভেলিং ইন্সট্রুমেন্ট ২টি, সিও ও ওয়েট মেশিন ২ সেট)	২	২ (২০-১২-২০২০)				মাদারীপুর পানি উন্নয়ন বিভাগের দাপ্তরিক কাজ ও পরিচালন বাজেটের আওতায় বিভিন্ন কাজ বাস্তবায়নে ব্যবহৃত হচ্ছে।
৪১১২২০২ কম্পিউটার ও আনুসাংঙ্গিক (ইউপিএস, প্রিন্টার সহ) ডেস্কটপ	৪	৪ (২০-১২-২০২০ ও ০৯-১০-২০২৩)				
৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি (ফটোকপিয়ার মেশিন)	২	২ (২২-১২-২০২০ ও ২৫-০৯-২০২৩)				
৪১১২৩০৩ বৈদ্যুতিক সরঞ্জামাদি (আইপিএস)	৪	৩ (২০-১২-২০২০ ও ২৫-০৯-২০২৩)				

২৩. পণ্য, কার্য এ সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

২৩.১ প্যাকেজসমূহের এর তথ্য:

ক) প্রকল্প দলিল অনুযায়ী মোট প্যাকেজের সংখ্যা: ১৯টি; তার মধ্যে পণ্য ৯টি, কার্য ১০টি ও সেবা ০টি।

খ) ক্রয়কৃত মোট প্যাকেজের সংখ্যা: ১৮টি; তার মধ্যে পণ্য ৮টি, কার্য ১০টি ও সেবা ০টি।

গ) কোন প্যাকেজের ক্রয় সম্পন্ন না হলে তার কারণ (যদি থাকে): ১টি অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ স্মারক নং: ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১; তারিখ: ০৩ জুলাই ২০২২ মোতাবেক মোটরযান ক্রয় স্থগিত করা হয়।

ঘ) যে সকল প্যাকেজের প্রাক্কলিত মূল্য প্রকল্পের মোট অনুমোদিত প্রাক্কলিত মূলের ১% এর বেশী তার সংখ্যা: ০টি; তার মধ্যে পণ্য ০টি, কার্য০টি ও সেবা ০ টি।

২৩.২ প্যাকেজ ভিত্তিক পণ্য, কার্য ও সেবা ক্রয়ের তথ্য (প্রতি ক্ষেত্রে ব্যয়ের ক্রমানুসারে সর্বোচ্চ ৫০টি প্যাকেজ): সংযুক্তি -ক, সংযুক্তি -খ এবং সংযুক্তি-গ অনুযায়ী তথ্যাদি প্রদান করতে হবে।

গ. আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং অর্জন

২৪. মূল এবং সর্বশেষ সংশোধিত প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক আর্থিক বাস্তব লক্ষ্যমাত্রা: (লক্ষ টাকায়)

অর্থ বছর	আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা (মূল প্রকল্প দলিল অনুযায়ী)				আর্থিক ও বাস্তব অর্জন (সর্বশেষ সংশোধিত প্রকল্প দলিল অনুযায়ী)			
	মোট	জিওবি	নিজস্ব অর্থায়ন/ অন্যান্য	বাস্তব (%)	মোট	জিওবি	নিজস্ব অর্থায়ন/ অন্যান্য	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৯-২০২০	২১৮৮.৯৪	২১৮৮.৯৪	-	৫.৫৫	০.০০	০.০০	-	০.০০
২০২০-২০২১	১৫০৩৩.১০	১৫০৩৩.১০	-	৩৮.১১	২০৫.৪০	২০৫.৪০	-	০.৫১
২০২১-২০২২	১৫০১৭.৩৫	১৫০১৭.৩৫	-	৩৮.০৭	৩৯৯৮.৩৯	৩৯৯৮.৩৯	-	৯.৮৯
২০২২-২০২৩	৭২০৮.০৬	৭২০৮.০৬	-	১৮.২৭	১৫০০০.০০	১৫০০০.০০	-	৩৭.১০
২০২৩-২০২৪	০.০০	০.০০	-	০.০০	২১২২৪.৪৬	২১২২৪.৪৬	-	৫২.৫০
সর্বমোট=	৩৯৪৪৭.৪৫	৩৯৪৪৭.৪৫	-	১০০.০০	৪০৪২৮.২৪	৪০৪২৮.২৪	-	১০০.০০

২৫. সংশোধিত এডিপি বরাদ্দ ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং আর্থিক ও বাস্তব অর্জন: (লক্ষ টাকায়)

অর্থ-বছর	সংশোধিত বরাদ্দ ও বাস্তব লক্ষ্যমাত্রা				অর্থছাড় জিওবি	আর্থিক ও বাস্তব অর্জন				অব্যয়িত ছাড়কৃত জিওবি
	মোট	জিওবি	নিজস্ব অর্থায়ন	বাস্তব (%)		মোট	জিওবি	নিজস্ব অর্থায়ন	বাস্তব (%)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
২০১৯-২০২০	-	-	-	-	-	-	-	-	-	-
২০২০-২০২১	২১৪.০০	২১৪.০০	-	০.৫৫	২১৪.০০	২০৫.৩৪	২০৫.৩৪	-	০.৫৪	৮.৬৬
২০২১-২০২২	৪০০০.০০	৪০০০.০০	-	১২.০০	৪০০০.০০	৩৯৯৮.৩৮	৩৯৯৮.৩৮	-	২৬.৪৫	১.৬২
২০২২-২০২৩	১৫০০০.০০	১৫০০০.০০	-	১৬.৪৮	১১৯১৮.৪৫	১১৯৯৭.৮৫	১১৯৯৭.৮৫	-	৩২.৬৩	০.৬০

অর্থ-বছর	সংশোধিত বরাদ্দ ও বাস্তব লক্ষ্যমাত্রা				অর্থছাড় জিওবি	আর্থিক ও বাস্তব অর্জন				অব্যয়িত ছাড়কৃত জিওবি
	মোট	জিওবি	নিজস্ব অর্থায়ন	বাস্তব (%)		মোট	জিওবি	নিজস্ব অর্থায়ন	বাস্তব (%)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
২০২৩-২০২৪	১৫৮০০.০০	১৫৮০০.০০	-	৪০.৩৮	১৫৭৯৯.২০	১৫৭৯৯.০৭	১৫৭৯৯.০৭	-	২২.২৪	০.১৩
২০২৪-২০২৫	৬৭০১.০০	৬৭০১.০০	-	১৮.১৪	৬৬৯৯.৯০	৬০২৮.২৬	৬০২৮.২৬	-	১৫.৬৪	৬৭১.৬৪
সর্বমোট=	৪১৭১৫.০০	৪১৭১৫.০০			৩৮৭১১.৫৫	৩৮০২৮.৯০	৩৮০২৮.৯০			৬৮২.৬৫

নোট: ১। ছাড়কৃত জিওবি অর্থের অব্যয়িত অংশের সমন্বয় সংক্রান্ত প্রমাণক সংযুক্ত করতে হবে;
২। পরিকল্পনা বিভাগের জারিকৃত পরিপত্র অনুযায়ী ফর্মূলা ব্যবহার করে বাস্তব অগ্রগতির হার নির্ধারণ করতে হবে।

ঘ. প্রকল্পের উদ্দেশ্য অর্জন

২৬. প্রকল্পের উদ্দেশ্য, প্রকৃত অর্জন ও উদ্দেশ্য অর্জনে ঘাটতির কারণ (যদি থাকে):

প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন	অর্জনে ঘাটতি থাকলে তার কারণ
(১) নদীর তীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়নের মাধ্যমে নদী ভাঙ্গন হতে স্থানীয় জনগণকে রক্ষা করা।	প্রকল্প এলাকায় সন্যাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা ও শিরুয়াইল-নিলখী ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর বাম ও ডানতীরে ৬.৬৫ কিঃমিঃ নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা হয়েছে। ফলে বর্ষাকালে নদী ভাঙ্গনের হাত থেকে উক্ত ইউনিয়নের জনগণ রক্ষা পেয়েছে।	পরিলক্ষিত হয়নি।
(২) বিদ্যালয় এবং হাট-বাজার, রাস্তা ও ব্রীজ, ফসলি ও বাসযোগ্য জমি, বসবাসের বাড়ি-ঘর, ধর্মীয় উপসানালয়, সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা ইত্যাদি নদী ভাঙ্গান থেকে রক্ষা করা	প্রকল্প এলাকায় ৬.৬৫ কিঃমিঃ স্থায়ী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের ফলে সন্যাসীরচর ইউনিয়নে সন্যাসীরচর বোট বাজার, সন্যাসীরচর হাই স্কুল, সন্যাসীরচর সরকারী প্রাথমিক বিদ্যালয়, ব্রিজ, পাঁকা রাস্তা, বসতভিটা, বোট বাজার মসজিদ ও মাদ্রাসা, বিদ্যালয় এবং হাট-বাজার, রাস্তা ও ব্রীজ, ফসলি ও বাসযোগ্য জমি, বসবাসের বাড়ি-ঘর, ধর্মীয় উপসানালয়, সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা ইত্যাদি নদী ভাঙ্গান থেকে স্থানীয় জনগণকে রক্ষা করা সম্ভব হয়েছে।	পরিলক্ষিত হয়নি।
(৩) প্রকল্প এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন সাধন এবং প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখা।	প্রকল্পটি বাস্তবায়নের ফলে নদীর গতিপথ ও পানির প্রবাহ স্বাভাবিক মাত্রায় ফিরে এসেছে ফলে এলাকার পরিবেশ ও জীব বৈচিত্রের মানোন্নয়ন হয়েছে। একইসাথে বন্যা ঝুকি হ্রাস পাওয়ায় নদী পাড়ের জমিতে ব্যাপক হারে চাষাবাদ ও ফলন হয়েছে এবং বাস্তুচ্যুত মানুষের নিরাপদ আশ্রয়, ভূমির মূল্যবৃদ্ধি সহ আর্থ সামাজিক অবস্থার উন্নতি হয়েছে।	পরিলক্ষিত হয়নি।
(৪) নদী ড্রেজিং দ্বারা নদীর প্রবাহ/নাব্যতা স্বাভাবিক রাখা এবং নদীতীরের ভাঙ্গান প্রশমন করা	ড্রেজিং কাজ বাস্তবায়নের ফলে বর্তমানে অধিকাংশ স্থানে মূল স্রোত নদীর মাঝ বরাবর থাকায় ভাঙ্গানের ঝুঁকি হ্রাস পেয়েছে। ড্রেজিং করার ফলে নদীর গভীরতা/প্রশস্ততা বৃদ্ধি পাওয়ায় নদী ভাঙ্গান প্রবনতা হ্রাস পেয়েছে এবং নেভিগেশন সুবিধা বৃদ্ধি পেয়েছে।	পরিলক্ষিত হয়নি।

ঙ. বেনিফিট বিশ্লেষণ

২৭. বার্ষিক আউটপুট:

আউটপুটসমূহ	একক	প্রত্যাশিত উৎপাদনের পরিমাণ (পূর্ণ মাত্রায় কার্যকর হলে)	পূর্ণমাত্রায় কার্যকর হবার পর ১ম বছরের প্রকৃত উৎপাদনের পরিমাণ
১) ২০ বছরে রক্ষাকৃত ফসলের মূল্য	হেক্টর	১২০০০	প্রকল্পটি সম্প্রতি জুন/২০২৫ মাসে সমাপ্ত হয়েছে। প্রকৃত আউটপুট/ উৎপাদনের পরিমান প্রকল্প সমাপ্তির এক বছর পরে নিরূপণ করা যেতে পারে।
২) পাকা বাড়ী (১ তলা বিশিষ্ট)	টি	২৮০	
৩) পাকা বাড়ী (২ তলা বিশিষ্ট)	টি	১৩০	
৪) আধাপাকা বাড়ী	টি	২৫০০	
৫) কাঁচা বাড়ী	টি	৩০০০	
৬) পাকা রাস্তা	কিঃমিঃ	১০.০০	
৭) কাঁচা রাস্তা	কিঃমিঃ	১৩.০০	
৮) ব্রীজ/কালভার্ট	টি	১৫	
৯) স্বাস্থ্য সেবা কেন্দ্র	টি	৩	
১০) হাট-বাজার	টি	৮	
১১) মসজিদ	টি	৩০	
১২) সরকারী প্রাথমিক বিদ্যালয় ও উচ্চ বিদ্যালয়	টি	৪	
১৩) কলেজ	টি	১	
১৪) মাদ্রাসা	টি	৪	
১৫) ইউনিয়ন পরিষদ ভবন	টি	৪	
১৬) আবাদী জমি	হেক্টর	২৭০০	
১৭) গাছ	টি	৩০০০	
১৮) ডাকঘর	টি	৩	
১৯) ইটভাটা	টি	২	

২৮. কস্ট বেনিফিট:

বিবরণ	প্রাক্কলিত	প্রকৃত
(১) প্রকল্পের বেনিফিট কস্ট - এর অনুপাত (ক) আর্থিক (খ) অর্থনৈতিক (২) ইনটারনাল রেট অব রিটার্ন (ক) আর্থিক (খ) অর্থনৈতিক	১.৬৭ : ১.০০ ২৩.৪৫%	প্রকল্পের প্রকৃত বেনিফিট কস্ট - এর অনুপাত (BCR) এবং ইনটারনাল রেট অব রিটার্ন (IRR) সমাপ্তির এক বছর পরে মূল্যায়ন করা যেতে পারে।

২৯. প্রকল্পের প্রত্যাশিত ও প্রকৃত বেনিফিটের মধ্যে কোন ঘাটতি থাকলে তার কারণ উল্লেখ করুন: প্রযোজ্য নয়।

চ. পরিবীক্ষণ ও নিরীক্ষণ

৩০. প্রকল্প বাস্তবায়নকালের পরিবীক্ষণ সংক্রান্ত:

পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি	পরিবীক্ষণের তারিখ	উল্লেখযোগ্য সমস্যা	সুপারিশসমূহ	সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
ক) আইএমইডি				
জনাব মহাঃ এনামুল হক, যুগ্মপ্রধান (সেচ উইং), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।	০৪-০৮-২০২৩	নাই	প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতির তুলনায় আর্থিক অগ্রগতি পর্যাপ্ত নয়। অবশিষ্ট কাজের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ বরাদ্দ পাওয়া না গেলে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করা সম্ভব হবে না।	আরএডিপিতে অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল।

পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি	পরিবীক্ষণের তারিখ	উল্লেখযোগ্য সমস্যা	সুপারিশসমূহ	সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
জনাব মোঃ সাইফুল ইসলাম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), আইএমইডি এর পরিবীক্ষন ও মূল্যায়ন সেক্টর-৪, শেরেবাংলা নগর, ঢাকা।	একাধিক বার।	নাই	নাই	-
জনাব রত্না শারমীন ঝরা, উপপ্রধান (সেচ উইং), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।	০৪-০৮-২০২৩	নাই	নাই	-
জনাব ইসরাত জাহান, সিনিয়র সহকারী প্রধান (সেচ উইং), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।	০৪-০৮-২০২৩	নাই	নাই	-
জনাব সঞ্জয় কর্মকার, সহকারী পরিচালক, সেক্টর-৪, আইএমইডি, শেরেবাংলা নগর, ঢাকা।	২৬-১০-২০২৪	নাই	নাই	-
খ) মন্ত্রণালয়/সংস্থা:		নাই		
জনাব কবির বিন আনোয়ার, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়,	একাধিকবার	নাই	নাই	-
জনাব দীপান্বিতা সাহা, যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ), পানি সম্পদ মন্ত্রণালয়।	০৪-০৮-২০২৩	নাই	নাই	-
জনাব আবদুল্লাহ আল আরিফ, উপসচিব (পরিকল্পনা-০২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়।	০৪-০৮-২০২৩	নাই	নাই	-
জনাব মোবাশশেরুল ইসলাম, উপসচিব (উন্নয়ন-০২ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়।	০৪-০৮-২০২৩	নাই	নাই	-
জনাব মোহাঃ শাজাহান আলি, উপসচিব (পরিকল্পনা-০৪ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়।	০৪-০৮-২০২৩	নাই	নাই	-
জনাব এস এম রেজাউল মোস্তফা কামাল, যুগ্ম সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।	২৫-১২-২০২১	নাই	নাই	-
জনাব নাজমুল আহসান, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।	১৪-০১-২০২৩	নাই	নাই	-
জনাব মল্লিক সাঈদ মাহবুব, অতিরিক্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	একাধিক বার	নাই	নাই	-
জনাব মোঃ নূরুল আলম, অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়।	০৪-০৫-২০২৩	নাই	নাই	-
জনাব ফজলুর রশিদ, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	২৫-১২-২০২১	নাই	নাই	-
জনাব ড. রহিমা খাতুন, জেলা প্রশাসক, মাদারীপুর।	একাধিক বার	নাই	নাই	-
জনাব আবদুল হেকিম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, ফরিদপুর।	একাধিকবার	নাই	নাই	-

পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি	পরিবীক্ষণের তারিখ	উল্লেখযোগ্য সমস্যা	সুপারিশসমূহ	সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
জনাব মোঃ আবদুল হান্নান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।	একাধিকবার	নাই	নাই	-
জনাব মোঃ শাহজাহান সিরাজ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর,	একাধিকবার	নাই	নাই	-
জনাব মোঃ মাহফুজুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-০৫, বাপাউবো, ঢাকা।	একাধিকবার	নাই	নাই	-
জনাব সৈয়দ সাহিদুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর ও প্রকল্প পরিচালক।	একাধিকবার	নাই	নাই	-
জনাব মোঃ আমিনুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা ও আহবায়ক, টাস্কফোর্স কমিটি।	৩০-১২-২০২৪	নাই	নাই	-
জনাব মো: সুলতান মাহমুদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপাউবো, ফরিদপুর ও প্রকল্প পরিচালক।	একাধিকবার	নাই	নাই	-
জনাব পিউলি দে, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৫, বাপাউবো, ঢাকা,	০১-০৩-২০২৩	নাই	নাই	-
জনাব এ.এফ.এম. তৌহিদ জামান, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-০২, বাপাউবো, ঢাকা।	২৫-১২-২০২১	নাই	নাই	-
জনাব উজ্জল কুমার সেন, নির্বাহী প্রকৌশলী, নড়াইল পওর বিভাগ, বাপাউবো, নড়াইল।	২৫-১২-২০২১	নাই	নাই	-
জনাব পার্থ প্রতিম সাহা, নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর।	একাধিকবার	নাই	নাই	-
জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর।	একাধিকবার	নাই	নাই	-
জনাব মোঃ সানাউল কাদের খান, নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর।	একাধিকবার	নাই	নাই	-
জনাব মোঃ শাহিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ইউএসপিপি, বাপাউবো, ঢাকা।	১৭-১১-২০২২	নাই	নাই	-
জনাব মোঃ জিয়াউল আমিন, উপ-প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	১৭-১১-২০২২	নাই	নাই	-
জনাব কে, এম জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা।	১৭-১১-২০২২	নাই	নাই	-
জনাব মোহাম্মদ আলী রুবেল, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা।	১৭-১১-২০২২	নাই	নাই	-

পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি	পরিবীক্ষণের তারিখ	উল্লেখযোগ্য সমস্যা	সুপারিশসমূহ	সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
জনাব মোঃ মিজানুর রহমান, এসোসিয়েট স্পেশালিষ্ট, রিভার, ডেল্টা ও কোষ্টাল মরফোলজি ডিভিশন, সিইজিআইএস, ঢাকা।	১৭-১১-২০২২	নাই	নাই	-
জনাব মুহাম্মদ আনোয়ার সাদাত, সিনিয়র স্পেশালিষ্ট, রিভার ইঞ্জিনিয়ারিং ডিভিশন, আইডব্লিউএম, ঢাকা।	১৭-১১-২০২২	নাই	নাই	-

৩১. প্রকল্প বাস্তবায়নকালে ও সমাপ্তির পর নিরীক্ষণ সংক্রান্ত:

(ক) অভ্যন্তরীণ নিরীক্ষা:

ক্রমিক নং	নিরীক্ষা সময়কাল	নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ	পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ)	আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন হয়নি।				

(খ) বহিঃনিরীক্ষা:

ক্রমিক নং	নিরীক্ষা সময়কাল	নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ	পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ)	আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১	২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থ বছর	২০-০১-২০২২ অ:নং-১২	ঠিকাদারী কর্তৃক চুক্তিমূল্যের উপর বিমা না করায় বিমা প্রিমিয়ামের উপর নির্ধারিত হারে ভ্যাট বাবদ সরকারের আর্থিক ক্ষতি ৩৩,১০,৪১০/- (তেত্রিশ লক্ষ দশ হাজার চারশত দশ) টাকা।	পূর্ত অডিট অধিদপ্তর এর স্মারক নং-৮২.০৯.০০০০.০১০.০১.১০৭.২২.৭৩ ৩২, তারিখ: ২৭-০৮-২০২৪ মোতাবেক আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।
২	২০২১-২০২২ অর্থ বছর	২২-০১-২০২৩ অ:নং-১১৮	OTM যোগ্য কাজকে DPM পদ্ধতিতে সম্পাদন করায় বোর্ডের ৩৩,৩৮,৯৫,০০০ (তেত্রিশ কোটি আটত্রিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা আর্থিক ক্ষতি।	পূর্ত অডিট অধিদপ্তর এর স্মারক নং-৮২.০৯.০০০০.০১০.০১.১৬৯.২২.৩ ৯৭, তারিখ: ২৭-০৮-২০২৪ মোতাবেক আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।
৩	২০২২-২০২৩ অর্থ বছর	০৮-০১-২০২৪ অ:নং-১৬	চুক্তিপত্রের শর্ত মোতাবেক পূর্ত কাজের ঝুঁকির উপর নির্ধারিত হারে বীমা না করায় বীমার প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ বোর্ডের আর্থিক ক্ষতি ৩০৩০১০০ (ত্রিশ লক্ষ ত্রিশ হাজার একশত) টাকা।	অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য পুনঃজবাব প্রেরণ করা হয়েছে।
		০৮-০১-২০২৪ অ:নং-৫৬	ডিপিপির অনুমোদিত ডিজাইন উপেক্ষা করে স্টক পাইল সংরক্ষণ ছাড়া কাজ বাস্তবায়ন করায় ১৮৩৪৯১৮৭৯৭ টাকার কাজ নিরাপত্তা ঝুকিতে।	অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য পুনঃজবাব প্রেরণ করা হয়েছে।
৪	২০২৩-২০২৪ অর্থ বছর	০৬-০৩-২০২৫ অ:নং-৪	চুক্তিপত্রের শর্ত মোতাবেক পূর্ত কাজের ঝুঁকির উপর নির্ধারিত হারে বীমা না করায় বীমার প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ বোর্ডের আর্থিক ক্ষতি ৯০,৩১৭/- (নব্বই হাজার তিনশত সতেরো) টাকা।	অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য পুনঃজবাব প্রেরণ করা হয়েছে।
৫		০৬-০৩-২০২৫ অ:নং-৭	বাস্তবে সাইট অফিস নির্মাণ না করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় বোর্ডের আর্থিক ক্ষতি ১০,০৬,০৮৯ (দশ লক্ষ ছয় হাজার উনআশি) টাকা।	অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য পুনঃজবাব প্রেরণ করা হয়েছে।

ক্রমিক নং	নিরীক্ষা সময়কাল	নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ	পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ)	আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৬		০৬-০৩-২০২৫ অ:নং-১০	Dumping কাজে Design/specification for civil works এর শর্ত লঙ্ঘণ করে কার্য-সম্পাদন দেখিয়ে বিল পরিশোধে আর্থিক ক্ষতি ৪,০৩,৯২,৪৫৬/- (চার কোটি তিন লক্ষ বিরানব্বই হাজার চারশত ছাপান্ন) টাকা।	অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য পুনঃজবাব প্রেরণ করা হয়েছে।
৭		০৬-০৩-২০২৫ অ:নং-২৭	Bathymetical & river bank topography survey না করেই বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২,৪৭,৭৫৬ (দুই লক্ষ সাতচল্লিশ হাজার সাতশত ছাপান্ন) টাকা।	অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য পুনঃজবাব প্রেরণ করা হয়েছে।
৮		০৬-০৩-২০২৫ অ:নং-৪৫	Labour Charge of Laying C.C. Block এর কাজ ২০০ মিটার বাহিরে দেখিয়ে অতিরিক্ত একক দরে বিল পরিশোধ করায় বোর্ডের আর্থিক ক্ষতি ২,৬৬,৪৯,৯৬৮ (দুই কোটি ছেষট্টি লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত আটষট্টি) টাকা।	অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য পুনঃজবাব প্রেরণ করা হয়েছে।
মোট আপত্তির সংখ্যা ও আপত্তিকৃত টাকার পরিমাণ			মোট আপত্তির সংখ্যা ৮ টি ও টাকার পরিমাণ ১৯৪৯৬৫৯১৬৫/-	

ছ. প্রকল্প বাস্তবায়নোত্তর মন্তব্য

৩২. প্রকল্পের বিষয়ে সাধারণ পর্যবেক্ষণ ও মন্তব্য (নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে):

৩২.১. পটভূমি: বাংলাদেশ নদী মাতৃক দেশ। নদী ভাঙ্গন একটি প্রতিনিয়ত ঘটনা। আড়িয়াল খাঁ নদীটি পদ্মা নদী হতে উৎপন্ন হয়ে মাদারীপুর জেলার শিবচর উপজেলা, মাদারীপুর সদর উপজেলা ও কালকিনি উপজেলার বিভিন্ন ইউনিয়নের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে। তন্মধ্যে শিবচর উপজেলার সন্যাসীরচর ইউনিয়ন, দত্তপাড়া ইউনিয়ন, বহেরাতলা ইউনিয়ন ও শিরুয়াইল-নীলখী ইউনিয়নের মধ্যে দিয়ে প্রবাহিত হয়েছে। প্রতি বর্ষা মৌসুমে বৃষ্টিপাত জনিত সংঘটিত বন্যার পাশাপাশি উজান থেকে নেমে আসা বন্যার পানির তীব্র স্রোতে অত্র এলাকা সমূহ বার বার নদী ভাংগনের সম্মুখীন হওয়ার ফলে উল্লেখিত ইউনিয়নগুলির ঘর বাড়ী, কৃষি জমি, হাট বাজার; রাস্তাঘাট মসজিদ মাদ্রাসা সহ সরকারী-বেসরকারী অনেক গুরুত্বপূর্ণ অবকাঠামো নদী গর্ভে বিলীন হওয়ার আশংকা দেখা দেয়। উক্ত ভাংগনের ধারাবাহিকতায় আড়িয়াল খাঁ নদীর বাম তীরে অবস্থিত সন্যাসীরচর ইউনিয়নে হাট বাজার, স্কুল, দাখিল মাদ্রাসা, মসজিদ, ব্রীজ, সন্যাসীচর পাচ্চর রোড নদী ভাঙ্গনের হুমকীর মুখে পড়ে। আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত বহেরাতলা ইউনিয়নের বাজার, স্কুল, মাদ্রাসা, সাইক্লোন সেন্টার, ও মসজিদ নদী ভাঙ্গনের হুমকীর মুখে পড়ে। আড়িয়াল খা নদীর ডান তীরে অবস্থিত শিরুয়াইল ও নিলখী ইউনিয়ন। এই দুই ইউনিয়নের পূর্বে প্রায় তিনশত পরিবার বাড়ী ঘর হারিয়ে নিঃস্ব হয়ে যায়। এছাড়া বাজার, স্কুল মাদ্রাসা, মসজিদ বসতবাড়ী ও সংযোগ সড়ক নদী ভাঙ্গনের হুমকীর মুখে পড়ে। মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন দত্তপাড়া ইউনিয়নের বাচামারা এলাকায় পদ্মা সেতুর সংযোগ সড়কটি হাজী শরীয়তউল্যাহ ব্রীজের ভাটিতে আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত। নদীতে অবিরত পলি জমা হয়ে ডান তীরে বিশাল চর জগে উঠায় সাথে সাথে নদীর বাম তীরে ভাঙ্গন প্রবল আকার ধারণ করে। এছাড়া ডান তীরে হাজী শরীয়তউল্যাহ সেতুর এবাটমেন্ট ১৫০.০০ মিটার নদীর ভিতরে হওয়ায় প্রস্তাবিত এলাকার কারিগরী দিক বিবেচনায় আড়িয়াল খাঁ নদীর ডানে প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন না করে বাম তীরে যোগাযোগের পাকা সড়ক, রেল ব্রীজের ভবন, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ স্থাবর-অস্থাবর স্থাপনা নদী ভাঙ্গনের হুমকীর সম্মুখিন হওয়ায় ডানতীরের পরিবর্তে বামতীরে প্রতিরক্ষামূলক কাজটি বাস্তবায়নে গুরুত্ব দেখা দেয়। বর্ণিত কারনে একটি বাস্তবসম্মত প্রকল্প গ্রহণের মাধ্যমে ভাঙ্গন কবলিত স্থানসমূহে স্থায়ী প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের প্রয়োজনীয়তা দেখা দেয়।

৩২.২ যৌক্তিকতা/পর্যাপ্ততা: মাদারীপুর জেলাধীন শিবচর উপজেলার সন্নাসীরচর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে এলাকা রক্ষা কল্পে মাননীয় সংসদ সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী, ২১৮, মাদারীপুর-১ এবং সভাপতি অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি মহোদয়ের ডিও লেটারের আলোকে একটি প্রকল্প প্রণয়নের লক্ষ্যে কারিগরী প্রতিবেদন প্রনয়নের জন্য বোর্ড সচিবালয়ের স্মারক নং-বাপাউবো(সেচি)/পরি-১/বিবিধ-৩/২০১৭(১ম খন্ড)/২৯১, তারিখঃ ৩০-১০-২০১৭ খ্রিঃ মোতাবেক বোর্ড কর্তৃক ছয় সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি

গঠন করা হয়। উক্ত কারিগরি কমিটি কর্তৃক দাখিলকৃত এবং বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি প্রতিবেদনের আলোকে ডিপিপি প্রণয়ন করা হয়। ডিপিপির প্রধান অঙ্গ সমূহ হলো নদীর তীর প্রতিরক্ষামূলক কাজ এবং নদী ড্রেজিং কাজ।

৩২.৩ উদ্দেশ্য:

- নদীর তীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়নের মাধ্যমে নদী ভাঙ্গন রোধ এবং বন্যার হাত থেকে স্থানীয় জনগণকে রক্ষা করা।
- বিদ্যালয় এবং হাট-বাজার, রাস্তা ও ব্রীজ, ফসলি ও বাসযোগ্য জমি, বসবাসের বাড়ি-ঘর, ধর্মীয় উপসানালয়, সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা ইত্যাদি নদী ভাঙ্গন থেকে রক্ষা করা।
- প্রকল্প এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন সাধন এবং প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখা।
- নদী ড্রেজিং দ্বারা নদীর প্রবাহ/নাব্যতা স্বাভাবিক রাখা এবং নদীতীরের ভাঙ্গন প্রশমন করা।
- আনুমানিক ২০৪২৮৫.০০ লক্ষ টাকার সম্পত্তি রক্ষা করা।

৩২.৪ প্রকল্প সংশোধন এ তার কারণ সম্পর্কিত: "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং"শীর্ষক প্রকল্পটি গত ২৮-০১-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয় । গত ১৮-০৬-২০২০ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পের ভৌত কাজসমূহ সরাসরি ক্রয় পদ্ধতির (DPM) মাধ্যমে বাস্তবায়নের জন্য বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর আগ্রহ প্রকাশ করে। তৎপ্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের কাজসমূহ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণ পূর্বক উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) সদয় বিবেচনা ও অনুমোদনের লক্ষ্যে বাপাউবোর মতামতসহ সার সংক্ষেপ প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক উক্ত নির্দেশনার আলোকে সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) উক্ত কাজ সম্পূর্ণ বাস্তবায়নের জন্য প্রস্তাব প্রেরণ করা হলে তা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) অনুমোদনের প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন জ্ঞাপন করা হয়। পরবর্তীতে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের কাজসমূহ সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) বাস্তবায়নের জন্য বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" কর্তৃক দাখিলকৃত দর প্রস্তাবটি যাচাই বাছাইয়ের পর অনুমোদনের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) নিকট প্রেরণ করা হয়। দরপত্র মূল্যায়ন প্রতিবেদন গত ২৭-০৫-২০২১ খ্রিঃ তারিখে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (CCGP) অনুমোদনের পরে গত ২৩-০৬-২০২১ খ্রিঃ তারিখে ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয়। প্রকল্পটির চুক্তি মূল্য ৩৬৭২৮.৪৯ লক্ষ টাকা । দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি করায় ভৌত কার্যক্রম শুরু করতে বিলম্ব হয়। প্রকল্পের মেয়াদকাল জানুয়ারী ২০২০ হতে জুন ২০২৩ পর্যন্ত নির্ধারিত ছিল।

প্রকল্পটি বাস্তবায়নের জন্য ২৩-০৬-২০২১ খ্রিঃ তারিখে খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) কে কার্যাদেশ প্রদান করা হয়। আড়িয়াল খাঁ নদীর উৎস মুখ পদ্মা নদীতে হওয়ায় বর্ষা মৌসুমে পদ্মা নদীর পানি প্রবাহের কারণে তীব্র স্রোত ও ঘূর্নী প্রবাহের সৃষ্টি হয়ে আড়িয়াল খাঁ নদীর ডানতীর সন্ন্যাসীরচর, বামতীর বহেরাতলা ও ডানতীরে শিরুয়াইল নিলখী এলাকায় ব্যাপক ভাঙ্গনের সৃষ্টি হয়। ২০২০-২১ অর্থ বছরে বর্ষা মৌসুমে উল্লিখিত স্থান সমূহে ভাঙ্গনের ফলে স্থানীয় জনসাধারণের বসত-বাড়ী, স্কুল, মসজিদ, মাদ্রাসা ও রাস্তাঘাটের ব্যাপক ক্ষতি হয়। ২০২১-২২ অর্থ বছরে বর্ষা মৌসুমে সিসি ব্লক নির্মাণ করে নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন সম্ভব হয়নি। ২০২০-২১ অর্থ বছরে বর্ষা মৌসুমে সিসি ব্লক নির্মাণ করে নদীতীর সংরক্ষণ কাজ সম্পূর্ণ বাস্তবায়ন সম্ভব নয় বিধায় Bank Line যাতে Shift না হয় তার জন্য মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের ডায়েরি নং-৭৪৩৭, তারিখ: ১২-০৪-২০২১ খ্রিঃ মোতাবেক প্রকল্পভূক্ত ৩টি এলাকায় নদীতীরে পূর্ব সর্তকতামূলক ব্যবস্থা হিসাবে ২০০ কেজি বালি ভর্তি জিও ব্যাগ ডাম্পিং ও প্লেসিং কাজ বাস্তবায়নের মাধ্যমে ভাঙ্গন প্রতিরোধে ব্যবস্থা গ্রহন করা হয়।

প্রকল্পের বর্তমান Working Design টি ৩১-০৫-২০২০ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়। দীর্ঘ তিন বছর সময়ে নদীর মরফলজিক্যাল পরিবর্তনের কারণে নদীর বামতীর ও ডানতীর এর বিভিন্ন স্থানে নদীর তলদেশে পরিবর্তনের কারণে নদী তীর সংরক্ষণ কাজের ডিজাইন কোন কোন ক্ষেত্রে পরিবর্তন হয়েছে। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ৬.৩০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের দৈর্ঘ্যের বিভিন্ন জায়গায় পলি মাটি জমা হওয়ার কারনে অস্থায়ী চর সৃষ্টি হয়। প্রকল্পের ৬.৩০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের জন্য চুক্তি অনুযায়ী মোট জিও ব্যাগ ছিল ৫,৫৩,০২১ টি, যার মধ্যে ৫,০১,৬২৮ টি জিও ব্যাগ (Precautionary ডিজাইন সহ) প্লেসিং ও ডাম্পিং করা হয়েছিল তন্মধ্যে ১,১৯,৬৩৫ টি জিও ব্যাগ প্লেসিং করা হয়েছিল। প্লেসিংকৃত জিও ব্যাগ সূর্যরশ্মির সংস্পর্শে থাকার ফলে এর কার্যকারিতা হ্রাস পায়। প্রকল্পে সর্বমোট ৫১,৩৯৩ টি জিও ব্যাগ অবশিষ্ট ছিল। ২০২২-২৩ অর্থ বছরে অবশিষ্ট নদীতীর সংরক্ষণ কাজ শেষ করার জন্য লাঞ্চিং এপ্রোনে ডাম্পিং ম্যাটেরিয়াল হিসাবে অপ্রতুলতার জন্য অতিরিক্ত জিও ব্যাগ ও প্লেসিং ব্লক সমন্বয় করা প্রয়োজন হয়। বহেরাতলা ইউনিয়নে নদী তীর সংরক্ষণ কাজের ১:২ স্লোপে ব্লক প্লেসিং কাজ বাস্তবায়ন করতে গিয়ে বিদ্যমান Bank Level (GL) সাথে মিল রেখে বাস্তবায়ন করায় স্লোপের দৈর্ঘ্য বৃদ্ধি পায় যার ফলে ৪০*৪০*২০ সাইজের অতিরিক্ত ব্লকের প্রয়োজন হয়।

বিষয় বর্ণিত প্রকল্পের উদ্বোধন উপলক্ষ্যে গত ২৫-১২-২০২১ খ্রিঃ তারিখে শিবচর পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় তৎকালীন বাংলাদেশ জাতীয় সংসদ এর মাননীয় চীপ হুইপ, পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তৎকালীন মহাপরিচালক জনাব ফজলুর রশিদ এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব, পরিকল্পনা অনুবিভাগ, জনাব এস, এম রেজাউল মোস্তফা কামাল উপস্থিত ছিলেন। উক্ত মতবিনিময় সভায় মাননীয় চীফ হুইপ মহোদয় বর্ণিত প্রকল্পের আওতায় পদ্মা সেতুর সংযোগ সড়ক এর হাজী শরীয়তউল্লাহ ব্রীজের ভাটিতে আড়িয়াল খাঁ নদীর ডানতীরে ও উৎরাইল হাট ব্রীজের উজানে আড়িয়াল খাঁ নদীর বামতীরে অতিরিক্ত নদী তীর সংরক্ষণ কাজ ও ময়না কাটা নদীর মুখে ড্রেজিং কাজ করার জন্য নির্দেশনা প্রদান করে ছিলেন। এছাড়াও সন্ন্যাসীরচর ২.৮০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের সাথে ০.৩০০ কিঃমিঃ কাজ বর্ধিত করলে হাজী শরীয়তউল্লাহ ব্রীজের বামতীরে গাইড বাঁধের সাথে সংযোগ স্থাপনের বিষয়ে মতামত দেন।

উল্লেখিত সমস্যা সমূহ সমাধানের নিমিত্তে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীর তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের ডিপিপি সংশোধনের জন্য অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা এর দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৬৫, তারিখ: ১৯-০৯-২০২২ খ্রিঃ তারিখ মারফতে ০৮ (আট) সদস্য বিশিষ্ট একটি কারিগরি/সমীক্ষা কমিটি গঠন করা হয়। উক্ত কারিগরি/সমীক্ষা কমিটি ১৭-১১-২০২২খ্রিঃ তারিখে প্রকল্প বাস্তবায়ন এলাকা পরিদর্শন করে এবং ২৮-০২-২০২৩ খ্রিঃ তারিখে প্রতিবেদন দাখিল করে। কমিটি হাজী শরীয়তউল্লাহ ব্রীজের ভাটিতে আড়িয়াল খাঁ নদীর বাম তীরে অতিরিক্ত ০.২০০ কিঃমিঃ কাজের প্রস্তাব করেন। নদীর মরফলজিক্যাল পরিবর্তনের কারনে ভাঙ্গন তীব্রতর হওয়ায় নদী এলজিইডি কর্তৃক নির্মিত রাস্তার নিকটে চলে আসে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর ১৩/০৩/২০২৩ খ্রিঃ তারিখে পত্র মারফত ০.৩৭৫ কিঃমিঃ দৈর্ঘ্যে নদী তীর সংরক্ষণ কাজের জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর আড়িয়াল খা ব্রীজ টু বাবলাতলা বাজার সড়ক রাস্তাটি নদী ভাঙ্গন হতে রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ পত্র প্রদান করেন। কারিগরি প্রতিবেদনে উক্ত অংশে ০.২০০ কিঃমিঃ প্রতিরক্ষা কাজের প্রস্তাব করা হলেও ০.৩৫০ কিঃমিঃ তীর প্রতিরক্ষা কাজ না করা হলে প্রকল্পের উদ্দেশ্য ব্যহত হতো।

কারিগরি কমিটির মতামত ও স্টিয়ারিং সভার সিদ্ধান্তের আলোকে ৪০৬৭৩.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত আরডিপিপি দাখিল করা হলে গত ০২-০৪-২০২৩ তারিখে যাচাই সভা অনুষ্ঠিত হয় । সভার সিদ্ধান্তের আলোকে আড়িয়াল খাঁ ব্রীজ টু বাবলাতলা বাজার সড়ক রাস্তাটি নদী ভাঙ্গন রক্ষার্থে ০.৩৫০কিঃমিঃ তীর প্রতিরক্ষা কাজের অনুমোদিত নকশা সংশ্লিষ্ট নকশা সার্কেল হতে পাওয়া যায়। উক্ত অনুমোদিত নকশার আলোকে বাপাউবো সিডিউল অফ রেটস অক্টোবর-২০২২ এর ভিত্তিতে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করে আরডিপিপি প্রণয়ন করা হয়।

৩৩. প্রকল্পের নিম্নবর্ণিত বিষয়ে যৌক্তিকতা (নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে):

৩৩.১ ধারনা: বর্ষা মৌসুমে নদী ভাঙ্গনের তীব্রতা ও ভাঙ্গনের হার অত্যধিক হয়। ভাঙ্গন প্রতিরোধে তরিৎ ব্যবস্থা না নিলে প্রকল্পের বিভিন্ন এলাকা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভবনা রয়েছে। বন্যা ও নদী তীর ভাঙ্গনের কারনে এলাকার ফসলী জমি, বসত বাড়ী, সড়কসহ বিভিন্ন অবকাঠামো ইত্যাদির ব্যাপক ক্ষয়ক্ষতি হবে এবং প্রকল্প এলাকায় বসবাসরত জনসাধারণের জীবন যাত্রায় বিপর্যয় নেমে আসবে। নদীর তীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন হলে এলাকার মানুষের কাছে সড়ক যোগাযোগের একটি পরোক্ষ সুবিধা হিসেবে বিবেচিত হবে। প্রকল্প বাস্তবায়ন করা হলে কৃষি কাজে উন্নতি হবে এবং নারী ও শিশুদের জন্য নিরাপদ ও সুস্থ পরিবেশ তৈরি হবে। এর ফলে নারী ও শিশুদের উপর ইতিবাচক প্রভাব পড়বে।

৩৩.২ নকশা: প্রকল্পের ভৌত কাজের নকশা প্রণয়নের জন্য মাঠ পর্যায়ে জরিপ করত নকশা উপাত্ত সংগ্রহ করা হয়। প্রেরিত নকশা উপাত্তের উপর ভিত্তি করে বাপাউবোর ডিজাইন সার্কেল-৫ হতে নকশা প্রণয়ন ও অনুমোদিত হয়েছে। এছাড়াও মাঠ পর্যায়ের বাস্তবতা ও কারিগরী দিক বিবেচনায় কাজ বাস্তবায়নকালীন সময়ে বিভিন্ন প্যাকেজের নকশা সংশোধনের প্রয়োজন হলে অথবা নতুন নকশার প্রয়োজন হলে সংশোধিত নকশা অনুযায়ী প্যাকেজের ভেরিয়েশন অনুমোদন পূর্বক কাজ সমূহ সম্পাদিত হয়েছে।

৩৩.৩ স্থান: প্রকল্পটির এলাকা ঢাকা বিভাগের মাদারীপুরা জেলার শিবচর উপজেলায় আড়িয়াল নদীর ডান তীর ও বামতীরে সন্যাসীরচর, বহেরাতলা, শিরুয়াইল-নিলখী ও দত্তপাড়া ইউনিয়নে অবস্থিত। সন্যাসীর চর ইউনিয়নে ২.৮ কিঃমিঃ, দত্তপাড়া ইউনিয়নে ০.৩৫ কিঃমিঃ, বহেরাতলা ইউনিয়নে ১.০ কিঃমিঃ এবং শিরুয়াইল ও নিলখী ইউনিয়নে ২.৫ কিঃমিঃ নদী তীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করা হয়। প্রকল্পের আওতায় ১৩.৭৫ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ বাস্তবায়ন করা হয়।

৩৩.৪ বাস্তবায়নকাল: মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল ছিল ১লা জানুয়ারী, ২০২০ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত। পরবর্তীতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৪২.১৪.০১৩.১৯-৬৬, তারিখ: ১৮-০৫-২০২৩ খ্রিঃ মোতাবেক প্রকল্পটি সংশোধন করা হয় এবং প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০২৪ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে এডিপি ও সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ ও ছাড় না পাওয়ায় সম্পাদিত কাজের বিপরীতে বিল পরিশোধে জটিলতা এবং নির্মাণ সামগ্রী মূল্য বৃদ্ধিসহ বিভিন্ন কারনে ঠিকাদার কর্তৃক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে বিলম্ব ঘটেছে। এ সকল কারনে

উর্ধ্বতন দপ্তরে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করা হলে পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.০৪.০০০০.৩৫৮.১৪.০৭২.১৮.৯৬, তারিখ: ১৩-০৬-২০২৪ খ্রিঃ মোতাবেক প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৩৪. প্রকল্প পরিকল্পনা, অর্থায়ন ও প্রযোজ্যতা সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ (নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে):

৩৪.১ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই (প্রযোজ্য ক্ষেত্রে): মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি মাননীয় সংসদ সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী, ২১৮, মাদারীপুর-১ এবং সভাপতি, অনুমতি হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি মহোদয়ের ডিও লেটারের আলোকে একটি প্রকল্প প্রণয়নের লক্ষ্যে কারিগরী প্রতিবেদন প্রণয়নের জন্য বোর্ড সচিবালয়ের স্মারক নং-বাপাউবো (সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৭ (১ম খন্ড)/২১১, তারিখ: ৩০-১০-২০১৭ খ্রিঃ মোতাবেক বোর্ড কর্তৃক ছয় সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়। উক্ত কারিগরি কমিটি কর্তৃক দাখিলকৃত এবং বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি প্রতিবেদনের আলোকে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি প্রস্তুত ও দাখিল করা হয়।

৩৪.২ প্রকল্প সনাক্তকরণ: মাদারীপুর জেলাধীন শিবচর উপজেলার সন্নাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে এলাকা রক্ষা কল্পে মাননীয় সংসদ সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী, ২১৮, মাদারীপুর-১ এবং সভাপতি অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি মহোদয়ের ডিও লেটারের আলোকে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" প্রকল্প শিরোনামে ডিপিপি প্রস্তুত করা হয় এবং গত ২৮/০১/২০২০ খ্রিঃ তারিখে অনুস্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। গত ১৮/০৬/২০২০ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রনালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রস্তাবিত প্রকল্পের আওতায় সন্ন্যাসীর চর ইউনিয়নে ২.৮ কিঃমিঃ, দত্তপাড়া ইউনিয়নে ০.৩৫ কিঃমিঃ, বহেরাতলা ইউনিয়নে ১.০ কিঃমিঃ এবং শিরুয়াইল ও নিলখী ইউনিয়নে ২.৫০ কিঃমিঃ নদী তীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করা হয়। প্রকল্পের আওতায় ১৩.৭৫ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ বাস্তবায়ন করা হয়।

৩৪.৩ প্রকল্প প্রস্তাব প্রণয়ন: বাংলাদেশ নদী মাতৃক দেশ। নদী ভাঙ্গন একটি প্রতিনিয়ত ঘটনা। মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন সন্নাসীরচর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়ন আড়িয়াল খাঁ নদীর তীরে অবস্থিত। এলাকা সমূহ বারবার নদী ভাঙ্গনের সম্মূখীন হওয়ার ফলে অনেক গুরুত্বপূর্ন স্থাপনা নদী গর্ভে বিলীন হওয়ার আশংকা থাকে। সন্নাসীর চর ইউনিয়নের ভাঙ্গন কবলিত এলাকা আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত। উক্ত এলাকা কয়েক বছর ধরে ভাঙ্গন কবলিত হওয়ায় বাজার, স্কুল, দাখিল মাদ্রাসা, মসজিদ, ব্রিজ, সন্নাসীরচর, পাঁচর রোড নদী ভাঙ্গনের হুমকীর মুখে পড়ে। বহেরাতলা ইউনিয়নের ভাঙ্গন কবলিত স্থান আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত। নদী ভাঙ্গন কবলিত হয়ে উক্ত স্থানে কলেজ, বাজার, স্কুল, মাদ্রাসা, সাইক্লোন সেন্টার, মসজিদ হুমকীর মুখে পড়ে। শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের ভাঙ্গন কবলিত এলাকা আড়িয়াল খাঁ নদীর ডানপাড়ে অবস্থিত। নদী ভাঙ্গনে এই দুই ইউনিয়নের প্রায় তিনশত পরিবার বাড়ীঘর হারিয়া নিঃস্ব হয়ে যায়। এছাড়া বাজার, স্কুল, মাদ্রাসা, মসজিদ, বসতবাড়ি ও সংযোগ সড়ক নদী ভাঙ্গনে বিলীন হওয়ার আশংকা ছিল। মাদারীপুর জেলাধীন শিবচর উপজেলার সন্নাসীরচর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে এলাকা রক্ষা কল্পে মাননীয় সংসদ সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী, ২১৮, মাদারীপুর-১ এবং সভাপতি অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি মহোদয়ের ডিও লেটারের আলোকে একটি প্রকল্প প্রণয়নের লক্ষ্যে কারিগরী প্রতিবেদন প্রনয়নের জন্য বোর্ড সচিবালয়ের স্মারক নং- বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৭(১ম খন্ড)/২৯১, তারিখঃ ৩০-১০-২০১৭ খ্রিঃ মোতাবেক বোর্ড কর্তৃক ছয় সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়। উক্ত কারিগরি কমিটি কর্তৃক দাখিলকৃত এবং বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরী প্রতিবেদনের আলোকে ডিপিপি প্রণয়ন করা হয়।

৩৪.৪ প্রকল্পের প্রাক-মূল্যায়ন: প্রযোজ্য নয়।

৩৪.৫ অর্থায়ন: প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৩৪.৬ প্রকল্প অনুমোদন: প্রকল্প প্রস্তাবনাটি পানি উন্নয়ন বোর্ড এবং পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক যথাযথ যাচাই পূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। গত ২৮/০১/২০২০ খ্রিঃ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক একনেক সভায় অনুমোদিত হয় এবং প্রকল্পের সরকারী আদেশ জারী করা হয়। গত ১৮/০৬/২০২০ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারী করা হয়।

৩৪.৭ অন্যান্য (যদি থাকে): পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৪২.১৪.০১৩.১৯-৬৬, তারিখ: ১৮-০৫-২০২৩ খ্রিঃ মোতাবেক প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদন হয়েছে এবং প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.০৪.০০০০.৩৫৮.১৪.০৭২.১৮.৯৬, তারিখ: ১৩-০৬-২০২৪ খ্রিঃ মোতাবেক প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৩৫. প্রকল্পের বাস্তবায়নোত্তর অবস্থা ও প্রকল্পের ফলাফল বিশ্লেষণ (নিম্নবর্ণিত বিষয়ে বিবেচনা করা যেতে পারে):

৩৫.১ প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা সম্পর্কে উপকারভোগীদের সুস্পষ্ট জ্ঞান ছিল কি না: স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমাণ্য ব্যক্তিবর্গ এবং জেলা প্রশাসন ও উপকারভোগীদের দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রস্তাবিত প্রকল্পটি দ্রুত অনুমোদন এবং বাস্তবায়নের আশায় এলাকাবাসী স্থায়ী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা সম্পর্কে উপকারভোগীদের সুস্পষ্ট জ্ঞান ছিল।

৩৫.২ প্রকল্প থেকে সৃষ্ট সুবিধাদির ব্যবহারের জন্য কার্যক্রম: প্রকল্পটি ০৫ (পাঁচ) বছর মেয়াদে গত জুন, ২০২৫ সালে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নকালীন সময়ে পাউবোর কর্মকর্তা ও কর্মচারীদের সার্বক্ষনিক তদারকি, স্থানীয় প্রশাসনের সাথে সম্পৃক্ততা প্রকল্পটি সমাপ্ত করার ক্ষেত্রে যথাযথ ভূমিকা রেখেছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে জন মানুষের বিপুল পরিমান সম্পদ, জানমালের নিরাপত্তা অর্জনের পাশাপাশি নদী ভাঙ্গন ও প্রাকৃতিক বিপর্যয় হতে প্রকল্প এলাকা রক্ষা পেয়েছে। প্রকল্পের এই অর্জিত সুবিধা টেকসই করার লক্ষ্যে পাউবো, স্থানীয় প্রশাসন সহ জনগণের সরাসরি সম্পৃক্ততা ও নিয়মিত তদারকি জরুরী। এ লক্ষ্যে প্রকল্পের সুবিধাভোগী জনগণকে সার্বিক বিষয়ে জ্ঞাত করে প্রাথমিক করণীয় কার্যাবলী সম্পর্কে প্রশিক্ষণ এবং স্থানীয়ভাবে সার্বক্ষণিক মনিটরিং এর জন্য উৎসাহ প্রদান করা হবে। ফলে প্রকল্পের সৃষ্ট সুবিধাদি টেকসই হওয়ার পাশাপশি গ্রামীণ আর্থ সামাজিক অবস্থা, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি ক্ষেত্রে ইতিবাচক প্রভাব তৈরি হবে।

৩৫.৩ প্রকল্পের ওএন্ডএম কার্যক্রম: অনুমোদিত নকশা ও প্রাক্কলনের বিভিন্ন আইটেম সমূহ যথাযথ ও যৌক্তিক মনে হলেও মাঠ পর্যায়ে পুঙ্খানুপুঙ্খভাবে কাজ বাস্তবায়ন অনেক ক্ষেত্রেই সম্ভব হয় না। তাই অপর্যাপ্ত পরিচালন ও রক্ষণাবেক্ষণ প্রকল্পের লাইফটাইম হ্রাসসহ অকাল পুনর্বাসনের প্রয়োজনীয়তা দেখা দেয়। প্রকল্পের সমাপ্ত পরবর্তী সময়ে যেকোন অঙ্গের মেরামত/রক্ষণাবেক্ষণের প্রয়োজন হলে তা অর্থ-বছর ভিত্তিক সরকারের রাজস্ব বরাদ্দ হতে পরিচালন ব্যয় খাতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা মেরামত/রক্ষণাবেক্ষণ করা হবে। এক্ষেত্রে পরিচালন ব্যয় খাতে পরিমিত বরাদ্দ, আধুনিক যন্ত্রপাতি সরবরাহ সহ বাপাউবোর মাঠ দপ্তরের কর্মকর্তাদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করা জরুরী।

৩৫.৫ প্রকল্পের প্রভাব (প্রত্যক্ষ ও পরোক্ষ): প্রকল্পটি বাস্তবায়নের ফলে দীর্ঘ মেয়াদে পরিমাপযোগ্য ও অপরিমাপযোগ্য দুই ধরনের সফলতা প্রত্যাশা করা হচ্ছে। যেমন ৬.৬৫০ কিঃমিঃ স্থায়ী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকা ইতিমধ্যে নদী ভাঙ্গন থেকে রক্ষা পাওয়ায় জনমনে স্বস্তি ফিরে এসেছে। কৃষির জমির যথাযথ ব্যবহার নিশ্চিত হওয়ায় নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। তাছাড়া ১৩.৭৫ কিঃমিঃ দৈর্ঘ্যে নদী ড্রেজিং করার কারনে নদীর নাব্যতা বৃদ্ধি পাওয়াসহ জলজ পরিবেশের উন্নতি হয়েছে। ফলে মৎস্য উৎপাদন যেমন বৃদ্ধি পেয়েছে তেমনি বর্ষাকালে বন্যার কবল হতে নদী পাড়ের আশে পাশের জনগণ রক্ষা পেয়েছে।

৩৫.৬ প্রকল্পের মাধ্যমে প্রযুক্তি হস্তান্তর ও প্রাতিষ্ঠানিকীকরণ ব্যবস্থা: প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নদী ভাঙ্গন হ্রাসের ফলে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে প্রযুক্তি ছোঁয়ায় এনে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলার অবারিত সুযোগ তৈরি হয়েছে। এছাড়াও সকল ক্ষেত্রে বিনিয়োগ ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনের দ্বার প্রসারিত হয়েছে। পাশাপাশি প্রকল্পটি সম্পাদনের ফলে সুবিধাভোগী বিপুল জনগোষ্ঠীর জন্য হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ইত্যাদি স্থাপনের মাধ্যমে অর্থনৈতিক নিরাপত্তা বিধান করা সম্ভব হবে।

৩৫.৭ প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান: প্রকল্পটি বাস্তবায়নকালীন সময়ে সৃষ্ট বিশাল কর্মযজ্ঞের সময় সহায় সম্বলহীন নিঃস্ব, হতদরিদ্র ও দিনমজুর মানুষ সরাসরি প্রকল্পের কাজে অংশগ্রহণ করে প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের পাশাপাশি তাদের জীবিকা নির্বাহ করতে সক্ষম হয়।

৩৫.৮ আত্ম-কর্মসংস্থানের সম্ভাব্যতা: বর্তমানে প্রকল্পটি সমাপ্ত হওয়ায় এলাকার মানুষের মনে নিরাপত্তাবোধ সৃষ্টি হয়েছে, যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। এছাড়াও বিস্তীর্ণ এলাকার ফসলী জমি বন্যা ও নদী ভাঙ্গন হতে রক্ষা পাওয়ায় মানুষ কৃষি ও মৎস্য চাষকে পেশা হিসাবে বেছে নিতে আগ্রহী হয়েছে। এতে নতুন আত্ম কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।

৩৫.৯ নারীদের কর্মসংস্থানের সুযোগের সম্ভাব্যতা: যেকোন প্রাকৃতিক দুর্যোগে নারী ও শিশু সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নদী ভাঙ্গন হ্রাসের ফলে নারী ও শিশুর নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত হয়েছে। মেয়ে শিশুরা শিক্ষার জন্য স্কুলে যেতে আগ্রহী হচ্ছে। এতে শিক্ষার মানোন্নয়নের পাশাপাশি কর্মসংস্থান বৃদ্ধির ভিত্তি স্থাপিত হয়েছে। এছাড়াও নিরাপদ পরিবেশের কারনে প্রকল্প এলাকার নারীদের মধ্যে কৃষি, মৎস্য চাষ, বৃক্ষরোপন, গবাদি পশু পালনে উৎসাহ সৃষ্টি হয়েছে। দিনকে দিন পোশাক শিল্পের বিভিন্ন কারখানায় তাদের অংশগ্রহণ উল্লেখযোগ্য হারে বাড়ছে।

৩৫.১০ **উন্নয়নের নারীদের অংশ গ্রহণ:** প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে প্রকল্প এলাকায় বিশাল কর্মযজ্ঞের সৃষ্টি হয়। এ সময় সহায় অসহায় ও হতদরিদ্র নারীরা সরাসরি প্রকল্পের উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ করে প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের পাশাপাশি তাদের জীবিকা নির্বাহ করতে সক্ষম হয়। প্রকল্পটি বাস্তবায়িত হওয়ায় পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত হওয়ায় কন্যা শিশুদের লেখাপড়ার সুযোগ বৃদ্ধি পেয়েছে। ফলে লিঙ্গ সমতা অর্জন এবং নারীর ক্ষমতায়নের পথ প্রশস্ত হয়েছে।

৩৫.১১ **আর্থ-সামাজিক কার্যক্রমে প্রকল্পের সম্ভাব্য প্রভাব:** প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নদী ভাঙ্গন হ্রাসের ফলে নিরাপত্তা বিধানের কারনে জনমনে স্বস্তি ফিরে এসেছে। সামাজিক নিরাপত্তা নিশ্চিতের কারনে নতুন করে দোকানপাট ও ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটছে। প্রকল্প এলাকার অসংখ্য মানুষ কৃষি ও মৎস্য চাষকে পেশা হিসাবে বেছে নিতে আগ্রহী হয়েছে। প্রকল্পটি সম্প্রতি সমাপ্ত হয়েছে। অদূর ভবিষ্যতে প্রকল্প এলাকাটি ধীরে ধীরে নগরায়নের দিকে ধাবিত হবে, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলে সরকার ও বিভিন্ন এনজিও বিনিয়োগে আগ্রহী হবে। প্রকল্প এলাকায় নতুন রাস্তা ঘাট, বিভিন্ন সরকারী স্থাপনা, স্কুল কলেজ, হাট বাজার সহ বিভিন্ন অবকাঠামো নির্মিত হবে। এছাড়াও গ্রামীণ আর্থ সামাজিক অবস্থার উন্নতির ফলে প্রকল্প এলাকা আধুনিকতার ছোঁয়া পাবে, মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাওয়ায় জীবনযাত্রার মানোন্নয়ন ঘটবে।

৩৫.১২ **পরিবেশের ওপর প্রভাব:** প্রকল্পটি রেড ক্যাটাগরির অন্তর্ভুক্ত নয়। প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নদী ভাঙ্গণ হ্রাস পেয়েছে। ফলে এলাকায় কৃষিজ উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এছাড়াও মাছের উৎপাদন, হাঁস মুরগী পালন বৃদ্ধি সহ বৃক্ষরাজি ফুলে ফুলে সুশোভিত হয়েছে। এতে প্রকল্প এলাকার জানমাল, আর্থ সামাজিক কার্যক্রম সহ প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষা পেয়েছে। যা সামগ্রিক জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে কার্যকরী ভূমিকা পালন করবে।

৩৫.১৩ **প্রকল্প টেকসইকরণ ও এক্সিট প্ল্যান:** প্রকল্পটি সরকাররের টেকসই উন্নয়ন লক্ষমাত্রা (SDG) এবং বাপাউবোর মিশন/ভিশনের সাথে সম্পৃক্ত। প্রকল্পের ফলাফল টেকসই করার জন্য জনগণের অংশগ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। এছাড়াও বাস্তবায়নকারী সংস্থা ও অন্যান্য সংস্থার মধ্যে সমন্বয় করে কার্যকর ও দক্ষ ব্যবস্থাপনা এবং সুশাসন নিশ্চিত করতে হবে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে জন মানুষের বিপুল পরিমান সম্পদ, জানমালের নিরাপত্তা অর্জনের পাশাপাশি নদী ভাঙ্গন ও প্রাকৃতিক বিপর্যয় হতে প্রকল্প এলাকা রক্ষা পেয়েছে। প্রকল্পের এই অর্জিত সুবিধা টেকসই করার লক্ষ্যে পাউবো, স্থানীয় প্রশাসন সহ জনগণের সরাসরি সম্পৃক্ততা ও নিয়মিত তদারকি জরুরী। এ লক্ষ্যে প্রকল্পের সুবিধাভোগী জনগনকে সার্বিক বিষয়ে জ্ঞাত করে প্রাথমিক করণীয় কার্যাবলী সম্পর্কে প্রশিক্ষণ এবং স্থানীয়ভাবে সার্বক্ষণিক মনিটরিং এর জন্য উৎসাহ প্রদান করা হবে। ফলে প্রকল্পের সৃষ্ট সুবিধাদি টেকসই হওয়ার পাশাপশি গ্রামীণ আর্থ সামাজিক অবস্থা, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি ক্ষেত্রে ইতিবাচক প্রভাব তৈরি হবে। এছাড়াও প্রাকৃতিক পরিবেশের যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্প এলাকার পরিবেশের উত্তর উত্তর উন্নতির মাধ্যমে পরিবেশ বান্ধব টেকসই উন্নয়ন সম্ভব হবে।

৩৫.১৪ **দারিদ্র দূরিকরণ/হ্রাসকরণে অবদান:** প্রকল্পটি বাস্তবায়নের ফলে কৃষি জমি ভাঙ্গনের হাত থেকে রক্ষা পাওয়ায় কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এতে স্থানীয় পর্যায়ে খাদ্য নিরাপত্তা বৃদ্ধি, যোগাযোগ ব্যবস্থার উন্নতি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় দারিদ্র বিমোচনের ক্ষেত্র তৈরি হয়েছে। সামাজিক নিরাপত্তা নিশ্চিতের কারনে নতুন করে দোকানপাট ও ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটছে। প্রকল্প এলাকার অসংখ্য মানুষ কৃষি ও মৎস্য চাষকে পেশা হিসাবে বেছে নিতে আগ্রহী হয়েছে।

৩৫.১৫ **জনপ্রতিনিধি, স্থায়ী অভিজাত ব্যক্তিবর্গ, স্থানীয় প্রশাসন, শিক্ষক, ধর্মীয় নেতা, মহিলা প্রতিনিধি প্রমুখের মতামত:** প্রকল্পটি গ্রহণ এবং বাস্তবায়নকালীন সময়ে স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, জেলা প্রশাসন ও প্রকল্পের সুবিধাভোগীগণের মতামতকে গুরুত্ব দিয়ে কাজ সমূহ বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটি সমাপ্তির পরে কাজের সার্বিক অগ্রগতি এবং প্রকল্পের সুফল সম্পর্কে এর সুবিধাভোগীদের মতামত গ্রহণ করা হলে সকলেই প্রকল্পটির ব্যাপারে সন্তোষজনক অভিমত ব্যক্ত করেছেন।

৩৫.১৬ **ক্ষুদ্রঋণ কর্মসূচিতে অবদান এবং এনজিও কর্মকান্ডের সাথে দ্বৈততা মম্পর্কে মতামত:** প্রকল্প এলাকার যোগাযোগ ব্যবস্থা সহ সার্বিক উন্নয়নের কারনে বিভিন্ন এনজিও প্রতিষ্ঠান সেখানে তাদের কার্যক্রম পরিচালনা করতে পারবে। এতে করে দরিদ্র জনগোষ্ঠী ক্ষুদ্রঋণ সুবিধার আওতায় এসে তাদের জীবনমান পরিবর্তনে এবং কর্মসংস্থান সৃষ্ঠিতে ভূমিকা রাখবে। এনজিও সমূহ সকলের সাথে সমন্বয় করে তাদের কার্যক্রম পরিচালনা করলে যেকোন দ্বৈততা এড়ানো সম্ভব হবে।

৩৬. প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভুত সমস্যা (মেয়াদ ও সমস্যা নিরসনে গৃহীত ব্যবস্থা (নিম্নবর্ণিত বিষয় বিবেচনা) করা যেতে পারে:

৩৬.১ **প্রকল্প ব্যবস্থাপনা:** প্রকল্পটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ফরিদপুর এর কারিগরী ও প্রশাসনিক তদারকির মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর এর দপ্তরাধীন বিদ্যমান জনবল কাঠামো ব্যবহার করে বাস্তবায়িত হয়েছে।

৩৬.২ **প্রকল্প পরিচালক:** প্রকল্পের বিভিন্ন পর্যায়ে প্রকল্প পরিচালক হিসাবে নির্বাহী প্রকৌশলী, বাপাউবো মাদারীপুর এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ফরিদপুর দায়িত্ব পালন করেছেন।

৩৬.৩ **ভূমি অধিগ্রহণ:** প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের প্রয়োজন হয়নি।

৩৬.৪ **ক্রয় কার্যক্রম:** প্রকল্পের মূল ডিপিপিতে পন্য ৯ টি, কার্য ১০ টি ও সেবা ০ টি সহ মোট ১৯ টি প্যাকেজ অন্তর্ভুক্ত ছিল। কার্য সংশ্লিষ্ট ১টি প্যাকেজ জিওবি তহবিলের আওতায় সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম), ৪ টি প্যাকেজ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (ওটিএম) এবং ৫ টি প্যাকেজ আরএফকিউ পদ্ধতিতে কাজ সম্পন্ন করা হয়। পন্য সংগ্রহ সংক্রান্ত প্যাকেজের ক্রয় কার্যক্রম আরএফকিউ পদ্ধতি ব্যবহার করে সম্পন্ন করা হয়।

৩৬.৫ **পরামর্শ সেবা:** পরামর্শ সেবা গ্রহণের প্রয়োজন হয়নি।

৩৬.৬ **ঠিকাদার:** প্রকল্পের ক্রয় পরিকল্পনা মোতাবেক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮, বাপাউবোর Delegation of Financial Power-2016, সরকার ও বাপাউবোর ক্রয় সংশ্লিষ্ট পরিদপ্তর হতে সময় সময় জারীকৃত আদেশ ও বিধি বিধানের আলোকে যথাযথ প্রক্রিয়া অনুসরনপূর্বক কাজের ঠিকাদার নির্বাচন করা হয়েছে।

৩৬.৭ **লোকবল:** মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর এর বিদ্যমান জনবল কাঠামো ব্যবহার করে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। সরাসরি জনবল নিয়োগের প্রয়োজন হয়নি।

৩৬.৮ **আইন শৃংখলা:** স্থানীয় জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসনের সার্বিক সহযোগীতায় সুশৃঙ্খল আইন শৃংখলার পরিবেশ বজায় রেখে প্রকল্পের কাজ বাস্তবায়িত হয়েছে। বিশেষ করে নদীর খননকৃত বালু নিলাম করনের জন্য জেলা/উপজেলা পানি ব্যবস্থাপনা কমিটি, ভূমি অফিস এবং সংশ্লিষ্ট থানার পুলিশ প্রশাসনের সহযোগী ভূমিকা উল্লেখযোগ্য।

৩৬.৯ **প্রাকৃতিক দুর্যোগ:** বছরের নির্ধারিত সময়ে বন্যার কারনে নদীতে পানির গভীরতা বৃদ্ধি ও কাজের প্রতিকূল পরিবেশের কারনে সকল প্যাকেজের কাজ সংশ্লিষ্ট ঠিকাদার নির্ধারিত সময়ে সমাপ্ত করতে না পারায় কাজের সময় বর্ধিতকরণ করা হয়েছে।

৩৬.১০ **প্রকল্পে অর্থায়ন:** প্রকল্পের সকল প্যাকেজের কাজ বাংলাদেশ সরকারের জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৩৬.১১ **বরাদ্দ ও অর্থ ছাড়:** প্রকল্পটি ২০১৯-২০২০ অর্থ-বছর (জানুয়ারী, ২০২০) হতে বাস্তবায়নের অনুমোদন থাকলেও বরাদ্দ না থাকায় এবং জিও জারী, প্রশাসনিক অনুমোদন ও প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়ায় উক্ত অর্থবছরে কাজ শুরু করা সম্ভব হয়নি। নিম্নে প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে অর্থ ছাড়ের তুলনা দেওয়া হলো।

অর্থ-বছর	সংশোধিত বরাদ্দ (লক্ষ টাকায়)	অর্থছাড় জিওবি (লক্ষ টাকায়)
(১)	(২)	(৩)
২০১৯-২০২০	-	-
২০২০-২০২১	২১৪.০০	২১৪.০০
২০২১-২০২২	৪০০০.০০	৪০০০.০০
২০২২-২০২৩	১৫০০০.০০	১১৯৯৮.৪৫
২০২৩-২০২৪	১৫৮০০.০০	১৫৭৯৯.২০
২০২৪-২০২৫	৬৭০১.০০	৬৬৯৯.৯০

৩৬.১২ **নকশা প্রস্তুত ও অনুমোদন:** প্রকল্পের ভৌত কাজের নকশা প্রণয়নের জন্য মাঠ পর্যায়ে জরিপ করত নকশা উপাত্ত সংগ্রহ করা হয়। প্রেরিত নকশা উপাত্তের উপর ভিত্তি করে বাপাউবোর ডিজাইন সার্কেল-৫ হতে নকশা প্রণয়ন ও অনুমোদিত হয়েছে। কাজ বাস্তবায়নকালীন সময়ে মাঠ পর্যায়ের বাস্তবতার নিরীখে নকশা সংশোধনের প্রয়োজন হলে হালনাগাদ জরিপ করে নকশা উপাত্ত পুনরায় ডিজাইন সার্কেল-৫ -এ প্রেরণ করা হয়। বাপাউবো, ডিজাইন সার্কেল-৫ হতে সংশোধিত নকশা প্রণয়ন করা হয় এবং যথাযথ কর্তৃপক্ষের মাধমে অনুমোদিত হয়।

৩৬.১৩ **প্রকল্প সহায়তা স্থাড়করণ এবং পুর্ণভরণ:** প্রযোজ্য নয়।

৩৬.১৪ **মেয়াদ ও ব্যয় বৃদ্ধি:** মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল ছিল ১লা জানুয়ারী, ২০২০ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত। ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল ছিল ১লা জানুয়ারী, ২০২০ হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১লা জানুয়ারী, ২০২০ হতে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত করা হয়।

৩৬.১৫ **তত্ত্বাবধান/পরিবীক্ষণ:** প্রকল্পটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ফরিদপুর এর কারিগরী ও প্রশাসনিক তদারকির মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর এর দপ্তরাধীন বিদ্যমান জনবল কাঠামো ব্যবহার করে বাস্তবায়িত হয়েছে। বাস্তবায়নকালীন সময়ে উর্দ্ধতন দপ্তর যেমন পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি, আইএমইডি প্রতিনিধি, পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বাপাউবো'র কেন্দ্রীয় দপ্তরের প্রতিনিধিবর্গ প্রকল্পের বিভিন্ন পর্যায়ের পরিবীক্ষণ সহ মূল্যায়ন প্রদান করেছেন।

৩৬.১৬ **সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব:** মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নকালীন সময়ে বিভিন্ন বিষয়ে জটিলতার উদ্ভব ঘটলে এর সমাধানের জন্য উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে আলোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এক্ষেত্রে সাময়িকভাবে কাজের অগ্রগতি বাধাগ্রস্ত হয়েছে।

৩৬.১৭ **যানবাহন:** মাদারীপুর সদর দপ্তর হতে প্রকল্পের অবস্থান শিবচর উপজেলায় হওয়ায় অত্র দপ্তর হতে প্রায় ৬০ কিঃমিঃ দূরত্বের কারনে প্রকল্পের কাজের নিবীর পর্যবেক্ষনের জন্য উক্ত প্রকল্পে যানবাহনের সংস্থান রাখা হয়েছিল। কিন্তু অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ স্মারক নং: ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১; তারিখ: ০৩ জুলাই ২০২২ মোতাবেক পিকআপ মোটরযানটি ক্রয় স্থগিত করা হয়। এতে প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগনের সাইট তদারকী করতে অসুবিধা সৃষ্টি হয়েছে।

৩৬.১৮ **প্রশিক্ষণ:** প্রকল্পটির আওতায় বৈদেশিক সংস্থানের প্রস্তাব থাকলেও অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ স্মারক নং: ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১; তারিখ: ০৩ জুলাই ২০২২ মোতাবেক বিদেশ ভ্রমন স্থগিত করায় প্রকল্পের আওতায় কোন বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ করা হয় নাই।

৩৬.১৯ **অনুমোদন:** প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে দরপত্র প্রণয়ন ও অনুমোদনের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৮ সহ অন্যান্য সরকারী বিধি বিধান অনুসরন করা হয়েছে।

৩৬.২০ **অন্যান্য:** মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটির ব্যয় ৩৯৪৪৭.৪৫ লক্ষ টাকা এবং ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪০৪২৮.২৪ লক্ষ টাকা। প্রকল্প সমাপ্তির পরে ক্রমপুঞ্জিভূত ব্যয় ৩৮০২৮.৯০ লক্ষ টাকা। অর্থাৎ প্রকল্পটি থেকে সরকারের ২৩৯৯.৩৪ লক্ষ টাকা অর্থের সাশ্রয় হয়েছে।

৩৭. প্রকল্প পরিচালকের মতামত এবং সুপারিশ:

প্রকল্প পরিচালক হিসেবে স্বল্প মেয়াদে অর্থাৎ ০৭.১০.২০২৪ খ্রিঃ হতে ৩০.০৬.২০২৫ খ্রিঃ পর্যন্ত মেয়াদে কর্মরত ছিলাম/দায়িত্ব পালন করেছি। এ মেয়াদকালে প্রকল্পের আওতায় নদী ভাঙ্গন প্রতিরক্ষা কাজ/নদী ড্রেজিং কাজ সম্পর্কে বিস্তারিত জেনেছি। দফায় দফায় প্রকল্প এলাকা পরিদর্শনকালীন গুনগতমান বজায় রেখে কাজ বাস্তবায়নে সচেষ্ট থেকেছি। মূলত "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" প্রণয়ন করা হয় মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন আড়িয়াল খাঁ নদীর উভয় তীরে সন্যাসীর ইউনিয়ন, দত্ত পাড়া ইউনিয়ন, বহেরতলা দক্ষিণ ইউনিয়ন, শিরুয়াইল ও নিলখী ইউনিয়নস্থ এলাকাসমূহে দীর্ঘ দিনের নদী ভাঙ্গন প্রশমন/প্রতিরোধ এবং একইসাথে আড়িয়াল খাঁ নদীর শিবচর উপজেলাধীন স্থান বিশেষে চর জেগে উঠায় নাব্যতা সংকট প্রশমন এবং নদী ভাঙ্গনের তীব্রতা কমানোর লক্ষ্যে নদী ড্রেজিং কাজ বাস্তবায়ন করার নিমিত্ত। অনুমোদিত প্রকল্পের আওতায় মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন আড়িয়াল খাঁ নদীর উভয় তীরে ৬.৬৫০ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করা হয়েছে এবং পাশাপাশি ১৩.৭৫০ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ/চর অপসারণ কাজ বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্প এলাকা তথা কাজের সাইট যতবার পরিদর্শন করেছি ততবারই সুবিধা ভোগীদের সাথে মত বিনিময়কালে তাদের সন্তুষ্টি দেখেছি। বর্ণিত প্রকল্পের আওতায় ৬.৬৫০ কিঃমিঃ দৈর্ঘ্যের এলাকায় জনসাধারণ নদী ভাঙ্গন হতে সুরক্ষা পেয়েছে। এছাড়া নদী ড্রেজিং কাজ বাস্তবায়ন দ্বারা নদীর ১৩.৭৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে নাব্যতা বৃদ্ধি পেয়েছে এবং একইসাথে নদী ভাঙ্গন প্রশমিত হয়েছে। আড়িয়াল খাঁ নদীর বর্ণিত স্থানসমূহে নদীতীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের মাধ্যমে এলাকাসমূহ সুরক্ষা পাওয়ায় সংশ্লিষ্ট এলাকার কৃষি জমিতে খাদ্যশস্য উৎপাদনে কৃষকের উদ্দীপনা বৃদ্ধি পাওয়ায় ফলন বেড়েছে, প্রকল্প এলাকায় বসবাসরত হাজার হাজার জনগণের আর্থ- সামাজিক সুরক্ষার উন্নতির পাশাপাশি পরিবেশ, জীব-বৈচিত্র সমুন্নয় থাকছে। এতে করে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় দারিদ্র বিমোচনে ভূমিকা থাকছে। কাজ বাস্তবায়নকালীন নারীদের কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে এবং তা অব্যাহত থাকতে পারে। নদী ভাঙ্গন প্রতিরোধ হওয়ায় সংশ্লিষ্ট এলাকায় সরকারী-বেসরকারী স্থাপনা, শিক্ষা-প্রতিষ্ঠান, স্থানীয় বাজারসহ বিভিন্ন স্থায়ী

অবকাঠামো নির্মাণের সম্ভাবনা তৈরি হয়েছে। এছাড়াও গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নতির ফলে প্রকল্প এলাকা আধুনিকতার ছোঁয়া পাবে, যোগাযোগ ব্যবস্থার উন্নতিসহ মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাওয়ায় জীবনযাত্রার মানোন্নয়ন ঘটবে। প্রকল্পটি বিশেষভাবে সরকারের SDG, প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২১, পানি ব্যবস্থাপনার সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা, ডেল্টা প্লান-২১০০ এর সাথে সরাসরি সম্পর্কযুক্ত। প্রকল্পের ফলাফল টেকসই করার জন্য জনগণের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। প্রকল্পের অর্জিত সুফল ভোগ করাসহ কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বাপাউবো, স্থানীয় প্রশাসনসহ জনগণের সরাসরি অংশগ্রহণের মাধ্যমে নিয়মিত তদারকি নিশ্চিত করতে হবে। এছাড়াও প্রাকৃতিক পরিবেশের যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্প এলাকার পরিবেশের উত্তর উত্তর উন্নতির মাধ্যমে পরিবেশ বান্ধব টেকসই উন্নয়ন সম্ভব হবে। তবে প্রকল্পের সুফল যথাযথ বজায় রাখার নিমিত্ত ভবিষ্যতে প্রকল্পের আওতায় বাস্তবায়িত ভৌত কাজ/অবকাঠামো মেরামত/রক্ষণাবেক্ষণ করার জন্য পরিচালন বাজেটে অর্থের সংস্থান রাখতে হবে। সার্বিকভাবে বলা যায় যে, প্রকল্পটি বাস্তবায়নের দ্বারা উদ্দেশ্যসমুহ অর্জিত হওয়ায় প্রকল্পটি পরিকল্পনার উদ্দেশ্য, লক্ষ্য এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি'র) অভীষ্ঠ ও লক্ষ্যমাত্রসমূহ অর্জিত হয়েছে।

24.09.25

তারিখ:.....

প্রকল্প পরিচালকের নাম ও পদবিসহ স্বাক্ষর ও সীল

(মোঃ সুলতান মাহমুদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
ফরিদপুর পানি উন্নয়ন সার্কেল
বাপাউবো, ফরিদপুর।

৩৮. সংস্থা প্রধানের মতামত এবং সুপারিশ:

মাদারীপুর জেলার শিবচর উপজেলার সন্যাসীরচর, বহেরাতলা, শিরুয়াইল-নিলক্ষী ও দত্তপাড়া ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর উভয় তীরে নদী ভাঙ্গন হতে রক্ষা এবং নদী তীরবর্তী জনপদকে বন্যার প্রকোপ হতে রক্ষার জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল। প্রকল্পের আওতায় ৬.৬৫ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের ফলে নদী ভাঙ্গন হ্রাস পেয়েছে। এছাড়াও আড়িয়াল খাঁ নদীর ১৩.৭৫ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং এর ফলে নদীর নাব্যতা বৃদ্ধি, জলাবদ্ধতা দূরীকরণ ও বন্যা নিয়ন্ত্রণের পাশাপাশি যোগাযোগ ব্যবস্থারও উন্নতি সাধিত হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হওয়ায় প্রকল্পটির বাস্তবায়ন সার্থক বলে প্রতীয়মান হয়।

০৯.১০.২০২৫

তারিখ:.....

সংস্থা প্রধানের নাম ও পদবিসহ স্বাক্ষর ও সীল

(মোঃ এনায়েত উল্লাহ)
পরিচিতি নং-৬৭০৭০৫০০১
মহাপরিচালক
বাপাউবো, ঢাকা।

৩৯. মন্ত্রণালয়/বিভাগ এর সচিব/সিনিয়র সচিবের মতামত এবং সুপারিশ:

প্রকল্পটির বাস্তবায়ন সফলভাবে সম্পন্ন হয়েছে। প্রকল্পের সুফল অব্যাহত ও স্থায়ী রাখার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নিয়মিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।

তারিখ:..... পরিকল্পনা: মন্ত্রণালয়/বিভাগ এর সচিব/সিনিয়র সচিবের স্বাক্ষর ও সীল

পণ্য ক্রয় সংক্রান্ত:

প্রকল্প দলিল অনুযায়ী		প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	ক্রয় পদ্ধতি ও ধরন	ক্রয় অনুমোদনকারী	দরপত্র আহবানের তারিখ	সংবাদপত্রের নাম	দরপত্র উন্মুক্ত করার তারিখ	অনুমোদনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তিমূল্য ও তারিখ	প্রকৃত ব্যয়	সমাপ্তি তারিখ	
প্যাকেজ নং	প্যাকেজের বর্ণনা											চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)
SPD/G-02	মোটরসাইকেল ক্রয় রেজিস্ট্রেশন সহ (নূন্যতম ১২৫ সিসি)	পরিকল্পনা: ৩.৭৪	RFQ	AO	২৫-১১-২০২০	প্রযোজ্য নয়	২৯-১১-২০২০	০১-১২-২০২০	০২-১২-২০২০	৩৭৩৬০০.০০ তারিখ: ০১-১২-২০২০	৩৭৩৬০০.০০	১৫-০১-২০২১	২১-১২-২০২০
		প্রকৃত: ৩.৭৪	RFQ	CE	২৪-১১-২০২০		২৬-১১-২০২০	২৯-১১-২০২০	২৯-১১-২০২০				
		ব্যত্যয়:			-		-	-	-				
SPD/ G-03	কম্পিউটার ও যন্ত্রাংশ (ইউপিএস, প্রিন্টার-সহ) ডেস্কটপ ১টি	পরিকল্পনা: ১.০০	RFQ	AO	১২-১১-২০২০	প্রযোজ্য নয়	১৮-১১-২০২০	২২-১১-২০২০	২৩-১১-২০২০	৯৯৫০০.০০ তারিখ: ২৩-১১-২০২০	৯৯৫০০.০০	০৭-০১-২০২১	২০-১২-২০২০
		প্রকৃত: ০.৯৯৬	RFQ	EE	১৫-১১-২০২০		১৮-১১-২০২০	১৯-১১-২০২০	১৯-১১-২০২০				
		ব্যত্যয়:			৩ দিন		-	-	-				
SPD/G-04	প্রকৌশল যন্ত্রপাতি (লেভেলিং ইন্সট্রুমেন্ট ২টি, সিভ ও ওয়েট মেশিন ২টি)	পরিকল্পনা: ৩.০০	RFQ	AO	১৮-১১-২০২০	প্রযোজ্য নয়	২৪-১১-২০২০	২৬-১১-২০২০	২৯-১১-২০২০	২৯৮০০০.০০ তারিখ: ২৬-১১-২০২০	২৯৮০০০.০০	১২-০১-২০২১	২০-১২-২০২০
		প্রকৃত: ২.৯৮৯	RFQ	PD	১৯-১১-২০২০		২৩-১১-২০২০	২৪-১১-২০২০	২৪-১১-২০২০				
		ব্যত্যয়:			১ দিন		-	-	-				
SPD/G-05	অফিস সরঞ্জাম (ফটোকপিয়ার মেশিন)	পরিকল্পনা: ১.৫০	RFQ	AO	১৮-১১-২০২০	প্রযোজ্য নয়	২৪-১১-২০২০	২৬-১১-২০২০	২৯-১১-২০২০	১৪৯০০০.০০ তারিখ: ২৬-১১-২০২০	১৪৯০০০.০০	১২-০১-২০২১	২২-১২-২০২০
		প্রকৃত: ১.৪৯৫	RFQ	EE	১৯-১১-২০২০		২৩-১১-২০২০	২৪-১১-২০২০	২৪-১১-২০২০				
		ব্যত্যয়:			১ দিন		-	-	-				
SPD/G-06	আইপিএস	পরিকল্পনা: ১.০০	RFQ	AO	১২-১১-২০২০	প্রযোজ্য নয়	১৮-১১-২০২০	২২-১১-২০২০	২৩-১১-২০২০	৯৯৪০০.০০ তারিখ: ২৩-১১-	৯৯৪০০.০০	০৭-০১-২০২১	২০-১২-২০২০
		প্রকৃত: ০.৯৯৬	RFQ	EE	১৫-১১-২০২০		১৮-১১-২০২০	১৯-১১-২০২০	১৯-১১-২০২০				

প্রকল্প দলিল অনুযায়ী		প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	ক্রয় পদ্ধতি ও ধরন	ক্রয় অনুমোদনকারী	দরপত্র আহবানের তারিখ	সংবাদপত্রের নাম	দরপত্র উন্মুক্ত করার তারিখ	অনুমোদনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তিমূল্য ও তারিখ	প্রকৃত ব্যয়	সমাপ্তি তারিখ	
প্যাকেজ নং	প্যাকেজের বর্ণনা											চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)
		ব্যত্যয়:			৩ দিন		-	-	-	২০২০			
SPD/G-07	কম্পিউটার ও যন্ত্রাংশ (ইউপিএস, প্রিন্টার-সহ) ডেস্কটপ ৩ টি	পরিকল্পনা: ৪.০০	RFQ	AO	০১-১০-২০২৩	প্রযোজ্য নয়	১১-১০-২০২৩	১২-১০-২০২৩	১৫-১০-২০২৩	৩৯৯৯৬০.০০ তারিখ: ০২-১০-২০২৩	৩৯৯৯৬০.০০	০৯-১০-২০২৩	০৯-১০-২০২৩
		প্রকৃত:৪.০০	RFQ	CE	২৬-০৯-২০২৩		০১-১০-২০২৩	০১-১০-২০২৩	০২-১০-২০২৩				
		ব্যত্যয়:			-		-	-	-				
SPD/G-08	অফিস সরঞ্জাম (ফটোকপিয়ার মেশিন)	পরিকল্পনা: ২.৫০	RFQ	AO	০৩-০৯-২০২৩	প্রযোজ্য নয়	১০-০৯-২০২৩	১২-০৯-২০২৩	১৩-০৯-২০২৩	২৪৯৫০০.০০ তারিখ: ১৮-০৯-২০২৩	২৪৯৫০০.০০	২৫-০৯-২০২৩	২৫-০৯-২০২৩
		প্রকৃত: ২.৪৯৭	RFQ	PD	১২-০৯-২০২৩		১৪-০৯-২০২৩	১৪-০৯-২০২৩	১৮-০৯-২০২৩				
		ব্যত্যয়:			৯ দিন		৪ দিন	২ দিন	৫ দিন				
SPD/G-09	আইপিএস	পরিকল্পনা: ৩.০০	RFQ	AO	০৩-০৯-২০২৩	প্রযোজ্য নয়	১০-০৯-২০২৩	১২-০৯-২০২৩	১৩-০৯-২০২৩	২৯৫৪৫৫.০০ তারিখ: ১৮-০৯-২০২৩	২৯৫৪৫৫.০০	২৫-০৯-২০২৩	২৫-০৯-২০২৩
		প্রকৃত: ২.৯৫৫	RFQ	PD	১২-০৯-২০২৩		১৪-০৯-২০২৩	১৪-০৯-২০২৩	১৮-০৯-২০২৩				
		ব্যত্যয়:			৯ দিন		৪ দিন	২ দিন	৫ দিন				

*পরিকল্পনা ও প্রকৃত তারিখ উল্লেখ করুন

** ব্যত্যয় হিসেবে পরিকল্পনা ও প্রকৃত তারিখের মধ্যে পার্থক্য দিন এ উল্লেখ করুন

*** প্রকল্প দলিলের ক্রয় পরিকল্পনায় উল্লিখিত তারিখ পরিকল্পনা হিসেবে উল্লেখ করুন

কার্য ক্রয় সংক্রান্ত তথ্য:

প্রকল্প দলিল অনুযায়ী		প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	ক্রয় পদ্ধতি ও ধরন	ক্রয় অনুমোদনকারী	দরপত্র আহবানের তারিখ	সংবাদপত্রের নাম	দরপত্র উন্মুক্ত করার তারিখ	অনুমোদনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তিমূল্য ও তারিখ	প্রকৃত ব্যয়	সমাপ্তি তারিখ	
প্যাকেজ নং	প্যাকেজের বর্ণনা											চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)
SPD/RP-01	মাদারীপুর পওর দপ্তরের ভবন মেরামত কাজ	পরিকল্পনা: ৫.০০	RFQ	AO	১৮-০৪-২০২১	প্রযোজ্য নয়	২৫-০৪-২০২১	২৭-০৪-২০২১	২৮-০৪-২০২১	৪৯৯৪১০.৫৮ তারিখ: ২৫-০৪-২০২১	৪৯৯৪১০.০০	২৪-০৬-২০২১	১৬-০৬-২০২১
		প্রকৃত: ৪.৯৯৯	RFQ	PD	২১-০৪-২০২১		২২-০৪-২০২১	২২-০৪-২০২১	২২-০৪-২০২১				
		ব্যত্যয়:			৩ দিন		-	-	-				
SPD/RP-02	মাদারীপুর পওর দপ্তরের ভবন মেরামত কাজ	পরিকল্পনা: ৫.০০	RFQ	AO	১৯-০৫-২০২২	প্রযোজ্য নয়	২৬-০৫-২০২২	০১-০৬-২০২২	০২-০৬-২০২২	৪৯৮১৯১.১১ তারিখ: ৩১-০৫-২০২২	৪৯৭৯৩৩.০০	৩০-০৬-২০২২	২২-০৬-২০২২
		প্রকৃত: ৪.৯৯২	RFQ	PD	২৪-০৫-২০২২		২৬-০৫-২০২২	২৯-০৫-২০২২	২৯-০৫-২০২২				
		ব্যত্যয়:			৫ দিন		-	৩ দিন	৪ দিন				
SPD/RP-03	মাদারীপুর পওর দপ্তরের ভবন মেরামত কাজ	পরিকল্পনা: ৫.০০	RFQ	AO	১৯-০৫-২০২২	প্রযোজ্য নয়	২৬-০৫-২০২২	০১-০৬-২০২২	০২-০৬-২০২২	৪৯৯৪৬৯.৭৯ তারিখ: ৩১-০৫-২০২২	৪৯৯৪৬৯.০০	৩০-০৬-২০২২	২২-০৬-২০২২
		প্রকৃত: ৪.৯৯৯	RFQ	PD	২৪-০৫-২০২২		২৬-০৫-২০২২	২৯-০৫-২০২২	২৯-০৫-২০২২				
		ব্যত্যয়:			৫ দিন		-	-	-				
SPD/RP-04	মাদারীপুর পওর দপ্তরের ভবন মেরামত কাজ	পরিকল্পনা: ৫.০০	RFQ	AO	১১-১২-২০২২	প্রযোজ্য নয়	১৮-১২-২০২২	২০-১২-২০২২	২১-১২-২০২২	৪৯৯৩৭১.৯৫ তারিখ: ১৯-১২-২০২২	৪৯৯৩৭১.০০	০৩-০১-২০২৩	০৩-০১-২০২৩
		প্রকৃত: ৪.৯৯৭	RFQ	PD	১২-১২-২০২২		১৫-০২-২০২২	১৫-১২-২০২২	১৮-১২-২০২২				
		ব্যত্যয়:			১ দিন		-	-	-				
SPD/RP-05	মাদারীপুর পওর উপ-বিভাগ-১ দপ্তরের মেরামত কাজ।	পরিকল্পনা: ৬০.০০	OTM	AO	০৩-০৯-২০২৩	বাংলাদেশ সমাচার, The Daily Dhaka Tribune	১৭-০৯-২০২৩	০৮-১০-২০২৩	১৫-১০-২০২৩	৫৩৮৩৪৯২.৬৫ তারিখ: ১২-০৩-২০২৪	৫৩৪৫৯৯৪.০০	২০-০৩-২০২৫	১৬-০৩-২০২৫
		প্রকৃত:৫৯.৮২	OTM	EE	০৬-০২-২০২৪		২২-০২-২০২৪	০৩-০৩-২০২৪	০৩-০৩-২০২৪				
		ব্যত্যয়:			১০৩ দিন		১৫৮ দিন	১৪৭ দিন	১৪০ দিন				

প্রকল্প দলিল অনুযায়ী		প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	ক্রয় পদ্ধতি ও ধরন	ক্রয় অনুমোদনকারী	দরপত্র আহবানের তারিখ	সংবাদপত্রের নাম	দরপত্র উন্মুক্ত করার তারিখ	অনুমোদনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তিমূল্য ও তারিখ	প্রকৃত ব্যয়	সমাপ্তি তারিখ	
প্যাকেজ নং	প্যাকেজের বর্ণনা											চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)
SPD/RP-07	মাদারীপুর পওর দপ্তরের বিভাগীয় ভবন মেরামত কাজ।	পরিকল্পনা: ১৫.০০	OTM	AO	০৩-০৯-২০২৩	দৈনিক ইনকিলাব, The Business Post	১৭-০৯-২০২৩	০৮-১০-২০২৩	১৫-১০-২০২৩	১৪৯২৪২২.৭৪৮ তারিখ: ২৬-১১-২০২৩	১৪৯২৪২২.০০	১৩-০৬-২০২৪	১৫-০২-২০২৪
		প্রকৃত:	OTM	EE	১৬-১০-২০২৩		৩১-১০-২০২৩	০৮-১১-২০২৩	০৮-১১-২০২৩				
		ব্যত্যয়:			৪৩ দিন		৪৪ দিন	৩১ দিন	২৪ দিন				
SPD/RP-08	মাদারীপুর পওর দপ্তরের ব্যারাক-৩ এর মেরামত কাজ।	পরিকল্পনা: ৫.০০	RFQ	AO	০৩-০৯-২০২৩		১০-০৯-২০২৩	১২-০৯-২০২৩	১৩-০৯-২০২৩	৪৯৯৪৬৭.৮৯ তারিখ: ১৮-০৯-২০২৩	৪৯৯৪৬৭.০০	১৮-১০-২০২৩	১৮-১০-২০২৩
		প্রকৃত: ৪.৯৯৭	RFQ	PD	১২-০৯-২০২৩		১৪-০৯-২০২৩	১৪-০৯-২০২৩	১৭-০৯-২০২৩				
		ব্যত্যয়:			৯ দিন		৪ দিন	২ দিন	৪ দিন				
Arial Khan/ Madaripur/Dattapara-02	শিবচর উপজেলার দত্তপাড়া ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর বামপাড়ে কিঃমিঃ ২২.৯০০ হতে কিঃমিঃ ২৩.১০০ পর্যন্ত = ০.২০০ কিঃমিঃ নদীর সংরক্ষণ কাজ।	পরিকল্পনা: ৬৭১.৬১	OTM	AO	২৯-০৫-২০২৩	দৈনিক মাদারীপুরের সংবাদ, দৈনিক কালবেলা, New Age	২৬-০৬-২০২৩	১৭-০৭-২০২৩	২৪-০৭-২০২৩	৬১৭২৭৯৮৫.৮২৬ তারিখ: ০৮-০৮-২০২৩	৬১৩৫১৪২৭.৩৩১	৩০-০৫-২০২৪	০২-০৪-২০২৪
		প্রকৃত: ৬৭১.০২	OTM	PD	০৫-০৬-২০২৩		০৬-০৭-২০২৩	৩০-০৭-২০২৩	৩১-০৭-২০২৩				
		ব্যত্যয়:	OTM		৭ দিন		১০ দিন	১৩ দিন	৭ দিন				
Arial Khan/ Madaripur/Dattapara-01	শিবচর উপজেলার দত্তপাড়া ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর বামপাড়ে কিঃমিঃ ২২.৭৫০ হতে কিঃমিঃ ২২.৯০০ পর্যন্ত = ০.১৫০ কিঃমিঃ নদীর সংরক্ষণ কাজ।	পরিকল্পনা: ৫৩১.০০	OTM	AO	২৯-০৫-২০২৩	দৈনিক মাদারীপুরের সংবাদ, দৈনিক কালবেলা, New Age	২৬-০৬-২০২৩	১৭-০৭-২০২৩	২৪-০৭-২০২৩	৪৭৭৪৮৪৮৩.৯০ তারিখ: ২৭-০৮-২০২৩	৫২৭৮৩৪৩১.০৩৫	৩০-০৫-২০২৪	২০-০৫-২০২৪
		প্রকৃত: ৫৩০.৫৪	OTM	PD	০৫-০৬-২০২৩		০৬-০৭-২০২৩	৩০-০৭-২০২৩	৩১-০৭-২০২৩				
		ব্যত্যয়:			৭ দিন		১০ দিন	১৩ দিন	৭ দিন				
Arial Khan/ Madaripur/DPM-48	মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের আওতায় মাদারীপুর জেলার শিবচর উপজেলার আড়িয়াল খাঁ নদীর বাম তীরে সন্ন্যাসীরচর ইউনিয়নে কিঃমিঃ ১৯.০০০ হতে কিঃমিঃ ২১.৮০০	পরিকল্পনা:	DPM	CCGP	১১-০৩-২০২১		২৫-০৩-২০২১	০৮-০৬-২০২১	১৭-০৬-২০২১	৩৮১৬১.৮৩ তারিখ: ১২-০৩-২০২৪	৩৬৭৫২.০১	৩১-০৫-২০২৫	৩১-০৫-২০২৫
		প্রকৃত:	DPM	CCGP	১১-০৩-২০২১		২৫-০৩-২০২১	০৮-০৬-২০২১	১৭-০৬-২০২১				
		ব্যত্যয়:			-		-	-	-				

প্রকল্প দলিল অনুযায়ী		প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	ক্রয় পদ্ধতি ও ধরন	ক্রয় অনুমোদনকারী	দরপত্র আহবানের তারিখ	সংবাদপত্রের নাম	দরপত্র উন্মুক্ত করার তারিখ	অনুমোদনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তিমূল্য ও তারিখ	প্রকৃত ব্যয়	সমাপ্তি তারিখ	
প্যাকেজ নং	প্যাকেজের বর্ণনা											চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)
	পর্যন্ত = ২.৮০০ কিঃমিঃ, বহেরাতলা ইউনিয়নে কিঃমিঃ ৩০.৭০০ হতে কিঃমিঃ ৩১.৭০০ পর্যন্ত = ১.০০০ কিঃমিঃ এবং ডান তীরে শিরুয়াইল ও নিলক্ষী ইউনিয়নে কিঃমিঃ ৩২.৩০০হতে কিঃমিঃ ৩৪.৮০০ পর্যন্ত = ২.৫০০ কিঃমিঃ সর্বমোট ৬.৩০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ এবং আড়িয়াল খাঁ নদীর কিঃমিঃ ১৯.১০০ হতে কিঃমিঃ ২১.৮০০ পর্যন্ত = ২.৭০০ কিঃমিঃ এবং কিঃমিঃ ২৩.৮০০ হতে কিঃমিঃ ৩৫.০০০ পর্যন্ত = ১১.২০০ কিঃমিঃ এবং উৎরাইল হাট বাওরের ইনটেক চ্যানেলের কিঃমিঃ ০.০০০ হতে কিঃমিঃ ০.৮৫০ পর্যন্ত = ০.৮৫০ কিঃমিঃ সর্বমোট ১৪.৭৫০ কিঃমিঃ ড্রেজিং কাজ।												

*পরিকল্পনা ও প্রকৃত তারিখ উল্লেখ করুন

** ব্যত্যয় হিসেবে পরিকল্পনা ও প্রকৃত তারিখের মধ্যে পার্থক্য দিন এ উল্লেখ করুন

*** প্রকল্প দলিলের ক্রয় পরিকল্পনায় উল্লিখিত তারিখ পরিকল্পনা হিসেবে উল্লেখ করুন

সংযুক্তি-গ

সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্রকল্প দলিল অনুযায়ী		প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	ক্রয় পদ্ধতি ও ধরন	ক্রয় অনুমোদনকারী	দরপত্র আহবানের তারিখ	সংবাদপত্রের নাম	দরপত্র উন্মুক্ত করার তারিখ	অনুমোদনের তারিখ	LOA প্রদানের তারিখ	চুক্তিমূল্য ও তারিখ	প্রকৃত ব্যয়	সমাপ্তি তারিখ	
প্যাকেজ নং	প্যাকেজের বর্ণনা											চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)
		পরিকল্পনা:											
		প্রকৃত:											
		ব্যত্যয়:											
		পরিকল্পনা:											
		প্রকৃত:											
		ব্যত্যয়:											
		পরিকল্পনা:											
		প্রকৃত:											
		ব্যত্যয়:											

*পরিকল্পনা ও প্রকৃত তারিখ উল্লেখ করুন

** ব্যত্যয় হিসেবে পরিকল্পনা ও প্রকৃত তারিখের মধ্যে পার্থক্য দিন এ উল্লেখ করুন

*** প্রকল্প দলিলের ক্রয় পরিকল্পনায় উল্লিখিত তারিখ পরিকল্পনা হিসেবে উল্লেখ করুন

Name of Project: Bank Protective & Dredging Work in Arial Khan River at Shibchar Upzila of Madaripur District



মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নদী ড্রেজিং কাজের স্থিরচিত্র।



সন্ন্যাসীরচর ইউনিয়নে নদী তীর সংরক্ষণ কাজের পূর্বের স্থিরচিত্র।



সন্ন্যাসীরচর ইউনিয়নে নদী তীর সংরক্ষণ চলমান কাজের স্থিরচিত্র।



সন্ন্যাসীরচর ইউনিয়নে নদী তীর সংরক্ষণ পরবর্তী কাজের স্থিরচিত্র।

মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নদী ড্রেজিং কাজের স্থিরচিত্র।







সন্যাসীরচর ইউনিয়নে নদী তীর সংরক্ষণ কাজের স্থিরচিত্র।

মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নদী ড্রেজিং কাজের স্থিরচিত্র।



দত্তপাড়া ইউনিয়নে নদী তীর সংরক্ষণ কাজের পূর্বের স্থিরচিত্র।



দত্তপাড়া ইউনিয়নে নদী তীর সংরক্ষণ চলমান কাজের স্থিরচিত্র।



দত্তপাড়া ইউনিয়নে নদী তীর সংরক্ষণ পরবর্তী কাজের স্থিরচিত্র।

মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নদী ড্রেজিং কাজের স্থিরচিত্র।







বহেরাতলা ইউনিয়নে নদী তীর সংরক্ষণ কাজের স্থিরচিত্র।

মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নদী ড্রেজিং কাজের স্থিরচিত্র।







শিরুয়াইল-নিলখী ইউনিয়নে নদী তীর সংরক্ষণ কাজের স্থিরচিত্র।

মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নদী ড্রেজিং এর স্থিরচিত্র।





মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নদী ড্রেজিং এর স্থিরচিত্র।





মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নদী ড্রেজিং এর স্থিরচিত্র।





মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী ও ঠিকদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি সহ নদী তীর সংরক্ষণ কাজ পরিদর্শণকালীন সময়ের স্থিরচিত্র।







গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা কমিশন

কৃষি, পানি সম্পদ ও পল্লি প্রতিষ্ঠান বিভাগ

সেচ অনুবিভাগ

"মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদন।



আগষ্ট, ২০২৩

সূচিপত্র

ক্রমিক নং		বিষয়	পৃষ্ঠা
১		**প্রথম অধ্যায়ঃ প্রকল্পের বিবরণ**	
	১.১	পটভূমি	০১
	১.২	প্রকল্প সংক্রান্ত সাধারণ তথ্যাবলী	০৩
	১.৩	প্রকল্পের অংগসমূহের ক্রমপুঞ্জিত বাস্তব ও আর্থিক অগ্রগতি	০৩
	১.৪	প্রকল্পের উদ্দেশ্য	০৫
	১.৫	প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম	০৫
	১.৬	প্রকল্পের মূল কাজের অগ্রগতির বিবরণ	০৫
	১.৭	ডিপিপি অনুসারে বছর ভিত্তিক বরাদ্দ ও প্রকৃত ব্যয়	০৫
	১.৮	প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাবলী	০৬
২		**দ্বিতীয় অধ্যায়ঃ মধ্যবর্তী মূল্যায়ন**	
	২.১	কমিটি গঠন	০৭
	২.২	কমিটির উদ্দেশ্য	০৭
	২.৩	কমিটির কার্যপরিধি	০৭
	২.৪	মূল্যায়ন পদ্ধতি	০৮
	২.৫	মূল্যায়নের সীমাবদ্ধতা	০৮
৩		**তৃতীয় অধ্যায়ঃ প্রকল্প এলাকা পরিদর্শন ও তথ্য সংগ্রহ**	
	৩.১	প্রকল্প এলাকা পরিদর্শনের বিবরণ	০৯
	৩.২	মাঠ পর্যায়ে ভৌত-কাজ বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে মতবিনিময়	১০

৩.৩		উপকারভোগী ও জনপ্রতিনিধিগণের সাথে মতবিনিময়	১০
	৩.৩.১	বহেরাতলা ইউনিয়নের কাজ পরিদর্শন ও তথ্য সংগ্রহ	১১
	৩.৩.২	শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে কাজ পরিদর্শন ও তথ্য সংগ্রহ	১২
	৩.৩.৩	খনন (নদী ড্রেজিং) কাজ	১৩
৪		**চতুর্থ অধ্যায়ঃ তথ্য বিশ্লেষণ ও প্রকল্পের প্রভাব নিরুপন**	
৪.১		উপকারভোগীদের মতামতের ভিত্তিতে প্রকল্পের প্রভাব	১৫
৪.২		আর্থ-সামাজিক উন্নয়ন	১৫
৪.৩		পরিবেশ উন্নয়ন	১৫
৫		**পঞ্চম অধ্যায়ঃ কমিটির পর্যবেক্ষণ**	
৫.১		স্থানীয় জনগণের মতামতের ভিত্তিতে	১৬
৫.২		কমিটির সাধারণ পর্যবেক্ষণ	১৬
৫.৩		কমিটির বিশেষ পর্যবেক্ষণ	১৬
৫.৪		প্রকল্পের SWOT বিশ্লেষণ	১৭
	৫.৪.১	প্রকল্পের সবল দিক	১৭
	৫.৪.২	প্রকল্পের দুর্বল দিক	১৭
	৫.৪.৩	প্রকল্পের সুযোগ	১৭
৬		**ষষ্ঠ অধ্যায়ঃ কমিটির সুপারিশ**	১৮

সংক্ষিপ্ত সার-সংক্ষেপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন সন্যাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের নদী ভাঙ্গন কবলিত সুবিধাবঞ্চিত দরিদ্র জনগোষ্ঠীকে নদী ভাঙ্গনের অভিশাপ থেকে মুক্ত করে জীবন-যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর আওতায় "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের সার্বিক উদ্দেশ্য হচ্ছে নদী ভাঙ্গন কবলিত মাদারীপুর জেলার শিবচর উপজেলার সন্যাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী এলাকার গ্রামীণ জনগণকে নদী ভাঙ্গন ও বন্যার হাত থেকে রক্ষা এবং দারিদ্র হ্রাসের লক্ষ্যে স্থানীয় জনগণকে প্রকল্প সংশ্লিষ্ট কাজে সম্পৃক্তকরণের মাধ্যমে আরো দক্ষ ও টেকসই উন্নয়ন সাধন।

মাদারীপুর জেলার শিবচর উপজেলার ভিতর দিয়ে আড়িয়াল খাঁ নদীটি প্রবাহিত হচ্ছে। বর্ষা মৌসুমে আড়িয়াল খাঁ নদীটি খরস্রোতা থাকে। নদীটি প্রকৃতিগতভাবে আঁকাবাঁকা হওয়ায় এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের কারণে নদীটির Concave অংশে নদী ভাঙ্গন দেখা দেয়। নদী তীরবর্তী জনগুরুত্বপূর্ণ স্থাপনা রাস্তাঘাট, কবরস্থান, স্কুল-কলেজ, বাজার, মাদ্রাসা, সাইক্লোন সেন্টার, ঘর-বাড়ী, বসতভিটা, মসজিদসহ বিভিন্ন ধরণের ধর্মীয় স্থাপনা এবং মূল্যবান ফসলি জমি রক্ষার্থে বর্ণিত প্রকল্পটি ৩৯৪৪৭.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২০ খ্রিঃ হতে জুন, ২০২৩ খ্রিঃ পর্যন্ত বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিলো। প্রকল্পটির ১ম সংশোধনী গত ১৮-০৫-২০২৩ খ্রি. তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন করা হয়। যার মোট ব্যয় ৪০৪২৮.২৪ লক্ষ টাকা। প্রকল্পটির সংশোধিত বাস্তবায়ন কাল ০১ জানুয়ারী, ২০২০ হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত । প্রকল্পের আওতায় ৬.৬৫ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ এবং ১৩.৭৫০ কিঃমিঃ নদী ড্রেজিং সহ অবকাঠামোগত কাজ বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি প্রায় ৬৮.০০ শতাংশ এবং আর্থিক অগ্রগতি ৪০.০৭ শতাংশ। প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজ রয়েছে। প্যাকেজ নং- Arial Khan/Madaripur/DPM-48 সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) বাস্তবায়নের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) এর অনুমোদনক্রমে বাংলাদেশ নৌ-বাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" এর সাথে চুক্তি করা হয়। এই প্যাকেজের আওতায় ৬.৩০০ কিঃমিঃ দৈর্ঘ্যে শিবচর উপজেলার ৪টি ইউনিয়নে নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা হচ্ছে। সন্যাসীরচর এলাকায় ২.৮০০ কিঃমিঃ মধ্যে ১.৬০০ কিঃমিঃ, বহেরাতলা এলাকায় ১.০০০ কিঃমিঃ এর মধ্যে ১,০০০ কিঃমিঃ এবং শিরুয়াইল ও নিলখী এলাকায় ২.৫০০ কিঃমিঃ এর মধ্যে ০.৭০০ কিঃমিঃ সহ মোট ৩.৩০০ কিঃমিঃ দৈর্ঘ্যে নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়িত হয়েছে। অবশিষ্ট ৩.০০০ কিঃমিঃ দৈর্ঘ্যে নদী তীর প্রতিরক্ষা কাজ চলমান রয়েছে। বর্ণিত প্যাকেজের আওতায় মোট ১৩.৭৫০ কিঃমিঃ ড্রেজিং কাজের সংস্থান রয়েছে যার মধ্যে সন্যাসীরচর এলাকায় ২.৭০০ কিঃমিঃ, দত্তপাড়া এলাকায় ২.৭০০ কিঃমিঃ, শিরুয়াইল ৬.৩৫০ কিঃমিঃ এবং নিলখী এলাকায় ২.০০০ কিঃমিঃ কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের কাজ বাস্তাবায়কালীন সময়ে মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং কর্মচারীগণ কর্তৃক সার্বক্ষণিক তদারকি করা হয়। প্রকল্পের অবশিষ্ট ২টি প্যাকেজের দরপত্র আহবান সম্পন্ন করে NoA প্রদান করা হয়েছে। প্রকল্পের ভৌতকাজ বাস্তবায়নে দরপত্র আহ্বান, চুক্তি-স্বাক্ষর ও মান নিয়ন্ত্রণ, চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনায় মাঠ দপ্তরসমূহ ক্ষমতাবান। মাঠ দপ্তরকে ভৌত কাজের গুণগত মান নিয়ন্ত্রণে সহায়তা প্রদানে বাপাউবো'র প্রধান প্রকৌশলীর দপ্তর, মনিটরিং এর আওতায় টাস্কফোর্স কমিটি নিয়োজিত আছে। টাস্কফোর্স কর্তৃক বিধি মোতাবেক দৈবচয়নের ভিত্তিতে কাজের গুণগত মান ও পরিমাণ তদারকি করেছে। কাজ বাস্তবায়নের পর টাস্কফোর্স কমিটির মূল্যায়ন প্রতিবেদনের ভিত্তিতে ঠিকাদারের বিল প্রদান করা হয়।

প্রকল্পের কাজসমূহ যথাযথভাবে সম্পাদনে লক্ষ্যে প্রকল্পের ডিপিপিতে মধ্যবর্তী মূল্যায়নের সংস্থান রয়েছে। উক্ত সংস্থান অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২.০০.০০০০.০৪২.০১৪.০১৩.১৯-৬৮, তারিখঃ ২১-০৫-২০২৩ খ্রিঃ মোতাবেক ১৩ সদস্য বিশিষ্ট একটি মধ্যবর্তী মূল্যায়ন কমিটি গঠন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের দলিলাদি পর্যালোচনা, স্থানীয় জনগণ ও জনপ্রতিনিধিদের সাথে আলোচনাপূর্বক তাদের মতামত নেয়া হয়। উপকারভোগী, স্থানীয় জনগণ, প্রতিনিধিদের সাথে সরেজমিন আলোচনা এবং মতবিনিময়ের মাধ্যমে কাজের গুণগত মান, কাজ বাস্তবায়নের পূর্বের সমস্যা, সমস্যা সমাধানে বাস্তবায়িত কাজের অবদান, প্রাপ্ত সুবিধা ও প্রভাব, ভবিষ্যত পরিকল্পনা ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়। প্রকল্প এলাকা পরিদর্শনকালে স্থানীয় জনগণ, উপকারভোগী এবং

স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে মত বিনিময়ে প্রাপ্ত তথ্য বিশ্লেষণে জানা যায়, পরিদর্শনকৃত প্রকল্প গ্রহণের মাধ্যমে প্রকল্প এলাকার বিদ্যমান সমস্যা যেমন নদী ভাঙ্গন, জনগণের ঘর-বাড়ি, হাট-বাজার, দোকান, স্কুল-কলেজ, মসজিদ, মাদ্রাসা এবং কমিউনিটি ক্লিনিকের স্থায়িত্বহীনতা ইত্যাদি সমাধান করা সম্ভব হবে। নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের ফলে ফসল, বাসস্থান, অন্যান্য অবকাঠামো এবং জমির স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব হয়েছে, যা ঐ এলাকার খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান তথা এলাকার দারিদ্র বিমোচন ও জীবন-মান উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলেছে। কৃষি ও গৃহস্থালী আয় বৃদ্ধির ফলে গ্রামীণ জনগণের জীবন-জীবিকা উন্নয়নের যে লক্ষ্য নিয়ে প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল, সে উদ্দেশ্য অর্জিত হয়েছে। প্রকল্পের পরিকল্পনা প্রণয়ণ হতে শুরু করে বাস্তবায়ন, মান নিয়ন্ত্রণ, পরিচালন ও রক্ষণাবেক্ষণের প্রতিটি পর্যায়ে স্থানীয় জনগণের অংশগ্রহণের ফলে প্রকল্প এলাকার সকলকে উপকারভোগীদের দলে নিয়ে আসা সম্ভব হয়েছে। প্রকল্প বাস্তবায়নে বিশেষভাবে নদী খননের ফলে নদীর নাব্যতা বৃদ্ধি পেয়েছে, ফলে নৌ-চলাচল সুবিধা সহ বন্যা প্রবনতা হ্রাস পেয়েছে।

প্রথম অধ্যায়: প্রকল্পের বিবরণ

১.১ পটভূমি

বাংলাদেশ নদী মাতৃক দেশ। নদী ভাঙ্গন একটি প্রতিনিয়ত ঘটনা। মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন সন্নাসীরচর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়ন আড়িয়াল খাঁ নদীর তীরে অবস্থিত। এলাকা সমূহ বারবার নদী ভাঙ্গনের সম্মুখীন হচ্ছে, ফলে অনেক গুরুত্বপূর্ণ স্থাপনা নদী গর্ভে বিলীন হওয়ার পথে। সন্নাসীর চর ইউনিয়নের ভাঙ্গন কবলিত এলাকা আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত। উক্ত এলাকা কয়েক বছর ধরে ভাঙ্গন কবলিত হওয়ায় বাজার, স্কুল, দাখিল মাদ্রাসা, মসজিদ, ব্রিজ, পাঙ্কর রোড নদী ভাঙ্গনের হুমকীর মুখে পড়েছে। বহেরাতলা ইউনিয়নের ভাঙ্গন কবলিত স্থান আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত। নদী ভাঙ্গন কবলিত হয়ে উক্ত স্থানে কলেজ, বাজার, স্কুল, মাদ্রাসা, সাইক্লোন সেন্টার, মসজিদ হুমকীর মুখে রয়েছে। শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের ভাঙ্গন কবলিত এলাকা আড়িয়াল খাঁ নদীর ডানপাড়ে অবস্থিত। নদী ভাঙ্গনে এই দুই ইউনিয়নের প্রায় তিনশত পরিবার বাড়ীঘর হারিয়া নিঃস্ব হয়ে গিয়েছে। এছাড়া বাজার, স্কুল, মাদ্রাসা, মসজিদ, বসতবাড়ি ও সংযোগ সড়ক নদী ভাঙ্গনে বিলীন হওয়ার আশংকা রয়েছে। মাদারীপুর জেলাধীন শিবচর উপজেলার সন্নাসীরচর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে এলাকা রক্ষা কল্পে মাননীয় সংসদ সদস্য জনাব নুর-ই-আলম চৌধুরী, এমপি, মাদারীপুর-১ এবং সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি মহোদয়ের ডিও লেটারের আলোকে একটি প্রকল্প প্রণয়নের লক্ষ্যে কারিগরী প্রতিবেদন প্রনয়নের জন্য বোর্ড সচিবালয়ের স্মারক নং- বাপাউবো(সেচি)/পরি-১/বিবিধ-৩/২০১৭(১ম খন্ড)/২৯১, তারিখঃ ৩০-১০-২০১৭ খ্রিঃ মোতাবেক বোর্ড কর্তৃক ছয় সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়। উক্ত কারিগরি কমিটি কর্তৃক দাখিলকৃত এবং বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরী প্রতিবেদনের আলোকে ডিপিপি প্রণয়ন করা হয়েছে। কারিগরি কমিটির সুপারিশের ভিত্তিতে ডিপিপি প্রণয়ন পূর্বক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে দাখিল করা হয়। বোর্ড কর্তৃক যাচাই বাছাই এর পর ডিপিপিটি পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয়ে ডিপিপির উপর অনুষ্ঠিত যাচাই সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠন পূর্বক পুনর্গঠিত ডিপিপিটি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। ০৮-০৮-২০১৯ খ্রিঃ তারিখে পরিকল্পনা কমিশনে প্রস্তাবিত প্রকল্পটির পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনপূর্বক পুনর্গঠিত ডিপিপি পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। গত ২৮/০১/২০২০খ্রিঃ তারিখ অনুষ্ঠিত একনেক সভায় ৩৯৪৪৭.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত প্রকল্পটি জানুয়ারি, ২০২০ খ্রিঃ হতে জুন, ২০২৩ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদন লাভ করে **(সংযুক্তি-০১)**। গত ১৮-০৬-২০২০ খ্রি. তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারি করা হয় (সংযুক্তি-০২)।

প্রকল্পের Arial Khan/Madaripur/DPM-48 প্যাকেজটি সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) বাস্তবায়নের জন্য বাংলাদেশ নৌ-বাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" কর্তৃক দাখিলকৃত দরপত্র প্রস্তাবটি যাচাই বাছাইয়ের পর অনুমোদনের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) নিকট প্রেরণ করা হয়। দরপত্র মূল্যায়ন প্রতিবেদন গত ২৭-০৫-২০২১ খ্রি. তারিখে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (CCGP) অনুমোদনের পরে গত ২৩-০৬-২০২১ খ্রি. তারিখে ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয়। খুলনা শিপইয়ার্ড লিঃ এর সাথে প্যাকেজটির চুক্তিমূল্য ৩৬,৭২৮.৪৯ লক্ষ টাকা যার মধ্যে নদী তীর সংরক্ষণ কাজের জন্য ১৮,১৬৫.৭৫ লক্ষ টাকা এবং নদী ড্রেজিং কাজের জন্য ১৮,৫৬২.৭৪ লক্ষ টাকা। প্রকল্পের আওতায় পদ্মা সেতুর সংযোগ সড়ক এর হাজী শরীয়তউল্লাহ ব্রীজের সংলগ্ন ভাটিতে আড়িয়াল খাঁ নদীর বামতীরে আড়িয়াল খাঁ ব্রীজ টু বাবলাতলা বাজার সড়ক রাস্তাটি নদী ভাঙ্গন রক্ষার্থে অতিরিক্ত ০.৩৫০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করা এবং নদী ড্রেজিং কাজের দৈর্ঘ্য হ্রাস পাওয়ায় বাপাউবো স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৬৫, তারিখঃ ১৯-০৯-২০২২ মোতাবেক গঠিত কারিগরী কমিটির প্রতিবেদনের প্রেক্ষিতে প্রকল্পটির ১ম সংশোধনী গত ১৮-০৫-২০২৩ খ্রি. তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন হয় (সংযুক্তি-০৩) যার মোট ব্যয় ৪০৪২৮.২৪ লক্ষ টাকা। প্রকল্পটির সংশোধিত বাস্তবায়ন কাল ০১ জানুয়ারী, ২০২০ হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত।



চিত্র ঃ প্রকল্প এলাকার মানচিত্র

১.২ প্রকল্প সংক্রান্ত সাধারণ তথ্যাবলি

০১.	প্রকল্পের নাম	:	মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প" (১ম সংশোধিত)। (Bank Protective Work & dredging in Arial Khan River at Shibchar Upazila of Madaripur District)
০২.	উদ্যোগী মন্ত্রণালয়	:	পানি সম্পদ মন্ত্রণালয়।
০৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
০৪.	প্রকল্প এলাকা	:	বিভাগঃ ঢাকা, জেলাঃ মাদারীপুর, উপজেলাঃ শিবচর
০৫.	বাস্তবায়নকাল	:	মূল: জানুয়ারি, ২০২০ খ্রিঃ হতে জুন, ২০২৩ খ্রিঃ। ১ম সংশোধন: জানুয়ারি, ২০২০ খ্রিঃ হতে জুন, ২০২৪ খ্রিঃ।
০৬.	মূল প্রকল্প/ ডিপিপি ব্যয়	:	৩৯৪৪৭.৪৫ লক্ষ টাকা।
০৭.	প্রস্তাবিত সংশোধিত ডিপিপি ব্যয়	:	৪০৪২৮.২৪ লক্ষ টাকা।
০৮.	হ্রাস/বৃদ্ধি	:	২.৪৯% বৃদ্ধি
০৯.	চলতি সংশোধিত এডিপিতে বরাদ্দ	:	১০৮০০.০০ লক্ষ টাকা।
১০.	জুলাই/২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি	:	১৬২০১.৫৭ লক্ষ টাকা। বাস্তব ৬৮.০০%, আর্থিক ৪০.০৭%, বকেয়ার পরিমান: ৮০০০.০০ লক্ষ টাকা।

১.৩ প্রকল্পের অংশসমূহের ক্রমপুঞ্জিত বাস্তব ও আর্থিক অগ্রগতি (৩১ জুলাই, ২০২৩ পর্যন্ত) :

(লক্ষ টাকায়)

কোড নং	বিবরন	প্রকল্প দলিল অনুযায়ী মোট বরাদ্দ		আরম্ভ হতে জুলাই'২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয়	
		পরিমাণ	প্রাক্কলিত ব্যয়	ভৌত (%)	আর্থিক
১		২	৬	৭	১১
রাজস্ব ব্যয়:					
৩২৪১	অভ্যন্তরীন ভ্রমন ও বদলীঃ				
৩২৪১১০১	অভ্যন্তরীন ভ্রমন ব্যয়	থোক	৮.০০	৫২.১৩%	৪.১৭
৩২৪৩	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট				
৩২৪৩১০১	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	থোক	১২.০০	৪৬.৪২%	৫.৮১
৩২৫৫	মুদ্রণ ও মনিহারী				
৩২৫৫১০২	মুদ্রণ ও বাঁধাই	থোক	২.০০	৫০.০০%	১.০০
৩২৫৫১০৪	স্ট্যাম্প ও সিল	থোক	১.০০	৫০.০০%	০.৫০
৩২৫৫১০৫	অন্যান্য মনিহারি	থোক	৪.০০	৩৭.৫০%	১.৫০
৩২১১	প্রশাসনিক ব্যয়				
৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন ব্যয় (প্রকল্পের ভিডিও/ফটো সংরক্ষণ ইত্যাদি)	থোক	৪.০০	১৮.৫০%	০.৭৪
৩২১১১০৯	শ্রমিক মজুরী (সরকারি কর্মচারী ব্যতীত)/অনিয়মিত শ্রমিক	থোক	৮.০০	৬২.২৫%	৪.৯৮
৩১১১	নগদ মজুরী ও বেতন				
৩১১১৩৩২	সম্মানী ভাতা (মধ্যবর্তী মূল্যায়ন ও প্রগ্রেস মনিটরিং এক্টিভিটিস)	থোক	৮.০০	০.০০%	০.০০
৩১১১৩৩২	সম্মানী ভাতা (বিভিন্ন কমিটির জন্য)	থোক	৯.০০	৪৮.১১%	৪.৩৩

কোড নং	বিবরন	প্রকল্প দলিল অনুযায়ী মোট বরাদ্দ		আরম্ভ হতে জুলাই'২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয়	
		পরিমাণ	প্রাক্কলিত ব্যয়	ভৌত (%)	আর্থিক
১		২	৬	৭	১১
৩২৫৭	পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়				
৩২৫৭১০৪	জরিপ (জরীপ ও অনুসন্ধান)	থোক	১২.০০	৩৯.২৫%	৪.৭১
৩২৩১	প্রশিক্ষণ				
৩২৩১১০১	বৈদেশিক প্রশিক্ষণ (অভিজ্ঞতা বিনিময়)	থোক	৭৫.০০	০.০০%	০.০০
৩২৫৮	মেরামত ও সংরক্ষন				
৩২৫৮১০৭	অনাবাসিক ভবন (অফিস ভবন মেরামত)	থোক	১০০.০০	১৯.৯৬%	১৯.৯৬
৩২৫৮১০১	মোটরযান (বিদ্যমান যানবাহন)	থোক	১০.০০	৪৯.১০%	৪.৯১
	মোট রাজস্ব ব্যয়:		**২৫৩.০০**	**২০.৭৯%**	**৫২.৬১**
মূলধন ব্যয়:					
৪১১২	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি				
৪১১২১০১	মোটরযান (প্রস্তাবিত তৈরী ডাবল কেবিন পিকআপ)- ১টি	১টি	৫৬.০০	০.০০%	০.০০
৪১১২১০১	মোটরযান (মোটরসাইকেল ক্রয় অনুর্ধ্ব ১২৫ সিসি)- ২টি	২টি	৩.৭৪	১০০.০০%	৩.৭৪
৪১১২৩০৪	প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি (লেভেলিং ইন্সট্রুমেন্ট ২টি, সিভ ও ওয়েট মেশিন ২সেট)	২ সেট	৩.০০	১০০.০০%	২.৯৮
৪১১২৩০৪	প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি (ইকোসাউন্ডার ও জিপিএস ১ সেট)	১ সেট	০.১০	০.০০%	০.০০
৪১১২২০২	কম্পিউটার ও আনুসঙ্গিক (ইউপিএস, প্রিন্টার-সহ) ডেস্কটপ ৪টি	৪টি	৫.০০	২৫.০০%	১.০০
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি (ফটোকপিয়ার মেশিন)-২টি	২টি	৪.০০	৫০.০০%	১.৪৯
৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি (আইপিএস)- ৪টি	৪টি	৫.০০	২৫.০০%	০.৯৯
৪১১৩	অন্যান্য স্থায়ী সম্পদ				
৪১১৩১০২	বৃক্ষ, শস্য ও উদ্ভিজ্জসম্পদ উৎপাদনকারী আবর্তক পণ্য (বনায়ন)	থোক	১০.০০	০.০০%	০.০০
৪১১১	ভবন ও স্থাপনা সমূহ				
৪১১১৩২১	নদীতীর সংরক্ষনমূলক কাজ (৬.৬৫০ কিঃমিঃ)	৬.৬৫০ কিঃমিঃ	২২৩৫৪.৮০	৫৭.১০%	৮১২৪.৭৬
৪১১১৩১০	খনন (নদী ড্রেজিং - ১৩.৭৫ কিঃমিঃ/৯৭.৭৩ লক্ষ ঘন মিটার)	১৩.৭৫ কিঃমিঃ/৯৭.৭৩ লক্ষ ঘন মিটার)	১৭৬২২.৬০	৮৫.৪৬%	৮০১৪.০০
	মোট মূলধন ব্যয়:		**৪০০৬৪.২৪**	-	**১৬১৪৮.৯৬**
	ফিজিক্যাল কনটিনজেন্সী :		৬১.০০	-	০.০০
	প্রাইস কনটিনজেন্সী :		৫০.০০	-	০.০০
	সর্বমোট ব্যয় :		**৪০৪২৮.২৪**	-	**১৬২০১.৫৭**

১.৪ প্রকল্পের উদ্দেশ্য

প্রকল্পের সার্বিক উদ্দেশ্য হচ্ছে নদী ভাঙ্গন কবলিত মাদারীপুর জেলার শিবচর উপজেলার সন্নাসীর চর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের গ্রামীণ জনগণকে নদী ভাঙ্গন ও বন্যার হাত থেকে রক্ষা এবং দরিদ্রতা হ্রাসের লক্ষ্যে স্থানীয় জনগণকে প্রকল্প সংশ্লিষ্ট কাজে সম্পৃক্তকরণের মাধ্যমে আরো দক্ষ ও টেকসই উন্নয়ন সাধন। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যগুলো হলো:

- নদীর তীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়নের মাধ্যমে নদী ভাঙ্গন রোধ এবং বন্যার হাত থেকে স্থানীয় জনগণকে রক্ষা করা।
- বিদ্যালয় এবং হাট-বাজার, রাস্তা ও ব্রীজ, ফসলি ও বাসযোগ্য জমি, বসবাসের বাড়ি-ঘর, ধর্মীয় উপসানালয়, সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা ইত্যাদি নদী ভাঙ্গন থেকে স্থানীয় রক্ষা করা
- প্রকল্প এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন সাধন এবং প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখা।
- নদী ড্রেজিং দ্বারা নদীর প্রবাহ/নাব্যতা স্বাভাবিক রাখা এবং নদীতীরের ভাঙ্গন প্রশমন করা
- আনুমানিক ২০৪২৮৫.০০ লক্ষ টাকার সম্পত্তি রক্ষা করা।

১.৫ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম

"মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য পরিকল্পনাধীন প্রধান প্রধান কার্যক্রম নিম্নোক্ত ছকে উল্লেখ করা হলো।

নম্বর	অঙ্গের নাম	পরিমাণ
(ক)	নদীতীর সংরক্ষণমূলক কাজ	৬.৬৫০ কিঃমিঃ
(খ)	খনন (নদী ড্রেজিং)	১৩.৭৫০ কিঃমিঃ

১.৬ প্রকল্পের মূল কাজের অগ্রগতির বিবরণঃ

মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় প্যাকেজ নং- Arial Khan/Madaripur/DPM-18 ৬.৩০ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ এবং ১৩.৭৫০ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ বাস্তবায়ন করা হচ্ছে এবং প্যাকেজটির ভৌত অগ্রগতি ৬৮.০০%। প্রকল্পের অন্য দুইটি প্যাকেজের আওতায় ৩৫০.০০ মিটার নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের সংস্থান রয়েছে। প্যাকেজদ্বয়ের দরপত্র আহবান ও মূল্যায়ন সম্পন্ন করার পর NoA প্রদান করা হয়েছে।

১.৭ ডিপিপি অনুসারে বছর ভিত্তিক বরাদ্দ ও প্রকৃত ব্যয়

(লক্ষ টাকা)

অর্থ-বছর	মূল ডিপিপি অনুযায়ী বরাদ্দ	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী বরাদ্দ	প্রাপ্ত বরাদ্দ
২০২০-২১	২১৮৮.৯৪	২০৫.৪০	২০৫.৪০
২০২১-২২	১৫০৩৩.১০	৩৯৯৮.৩৯	৩৯৯৮.৩৯
২০২২-২৩	১৫০১৭.৩৫	১৫০০০.০০	১১৯৯৮.৪৫
২০২৩-২৪	৭২০৮.০৬	২১২২৪.৪৬	১০৮০০.০০
মোট =	৩৯৪৪৭.৪৫	৪০৪২৮.২৪	২৭০০২.২৪

১.৮ **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি :**

ক্র.নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	মেয়াদকাল	দায়িত্বের প্রকৃতি
১।	জনাব পার্থ প্রতিম সাহা	নির্বাহী প্রকৌশলী (পুর) মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুর।	২৭-০২-২০২০ খ্রিঃ হতে ১১/১২/২০২১ খ্রিঃ	অতিরিক্ত দায়িত্ব
২।	জনাব সৈয়দ সাহিদুল আলম	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ফরিদপুর পওর সার্কেল, বাপউবো, ফরিদপুর।	১২/১২/২০২১ খ্রিঃ হতে অদ্যাবধি	অতিরিক্ত দায়িত্ব

দ্বিতীয় অধ্যায়: মধ্যবর্তী মূল্যায়ন

২.১ কমিটি গঠন

প্রকল্পের কাজসমূহ যথাসময়ে সম্পাদনের লক্ষ্যে প্রকল্পের ডিপিপিতে মধ্যবর্তী মূল্যায়নের সংস্থান রয়েছে। উক্ত সংস্থান অনুযায়ী পরিকল্পনা কমিশনের স্মারক নং ৪২.০০.০০০০.০৪২.০১৪.০১৩.১৯-৬৮ তারিখঃ ২১-০৫-২০২৩ খ্রিঃ মোতাবেক নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে ১৩ সদস্য বিশিষ্ট মধ্যবর্তী মূল্যায়ন কমিটি গঠন করা হয় (সংযুক্তি-৪)। কমিটির মূল্যায়ন কাজ সমন্বয়, মূল্যায়নের পদ্ধতি নির্ধারণ, প্রতিবেদন প্রণয়ন ইত্যাদিতে সার্বিক উপদেশ প্রদানের জন্য প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন মহোদয়কে উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

ক্র.নং	কমিটির সদস্য	কমিটিতে অবস্থান
১।	যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ)/ যুগ্ম প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়	আহ্বায়ক
২।	যুগ্ম প্রধান, পরিকল্পনা কমিশনের সেচ উইং	সহ-আহ্বায়ক
৩।	প্রতিনিধি, আইএমইডি এর সংশ্লিষ্ট সেক্টর	সদস্য
৪।	যুগ্ম সচিব (উন্নয়ন-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
৫।	উপ প্রধান (পরিকল্পনা-০২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
৬।	উপ প্রধান (সংশ্লিষ্ট), পরিকল্পনা কমিশনের সেচ উইং	সদস্য
৭।	উপসচিব (উন্নয়ন-২ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
৮।	প্রতিনিধি, প্রধান প্রকৌশলী, মনিটরি, বাপাউবো, ঢাকা।	সদস্য
৯।	প্রকল্প পরিচালক, "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং " শীর্ষক প্রকল্প।	সদস্য
১০।	প্রতিনিধি, ডিজাইন সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।	সদস্য
১১।	নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুর।	সদস্য
১২।	সংশ্লিষ্ট ডেস্ক অফিসার, পরিকল্পনা কমিশনের সেচ উইং।	সদস্য
১৩।	উপ-সচিব (পরিকল্পনা-০৪ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য- সচিব

২.২ কমিটির উদ্দেশ্য

- প্রকল্পের ডিপিপি অনুসারে প্রকল্পের বাস্তব কাজের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ করা;
- প্রকল্পের উপকারভোগীদের সাথে আলোচনাপূর্বক প্রকল্প বাস্তবায়নের ফলে সুবিধা-অসুবিধা ও প্রকল্প বাস্তবায়নের সমস্যা চিহ্নিতকরণসহ সমস্যা সমাধানের সুপারিশ করা।

২.৩ কমিটির কার্যপরিধি

- কমিটি যেখানে যেখানে কাজ চলমান অথবা ইতিমধ্যে কাজ সম্পন্ন করা হয়েছে সে সকল স্থান পরিদর্শন করবেন এবং অনুমোদিত ডিপিপি অনুযায়ী গুণগত মান অক্ষুন্ন রেখে কাজ সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত করবেন;
- কাজের পরিমাণগত এবং গুনগত মান যাচাই করে দেখবে এবং প্রতিবেদন প্রণয়ন করবে;
- কমিটি কাজের প্রয়োজনে যেকোন ধরণের পরিবর্তন/ পরিমার্জনের প্রস্তাব করতে পারবেন;
- কমিটি কাজের স্টেকহোল্ডারের সংগে আলোচনা করে কাজটি ইতিবাচক এবং ক্ষতিকর দিকগুলো চিহ্নিত পূর্বক সংশ্লিষ্ট মাঠ কর্মকর্তাদের সাথে আলোচনার মাধ্যমে দিক নির্দেশনামূলক মতামত প্রদান করবেন;
- কমিটি সর্বশেষ আইএমইডির প্রতিবেদনের দেওয়া তথ্যের বাস্তব অগ্রগতির তুলনা / মূল্যায়ন করবেন;
- কমিটি বাপাউবো মাঠ কর্মকর্তাদের সাথে কাজের অগ্রগতি নিয়ে আলোচনা পূর্বক সময়মতো প্রকল্প শেষ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নিমিত্তে সুপারিশ করবেন;

- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২.৪ মূল্যায়ন পদ্ধতি

মধ্যবর্তী মূল্যায়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- মধ্যবর্তী মূল্যায়ন কমিটি কর্তৃক সর্বপ্রথম প্রকল্প দলিল, এডিপি/আরএডিপি এবং প্রকল্পের বিভিন্ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা;
- কমিটির সদস্যবৃন্দ কর্তৃক প্রকল্পের কাজের বাস্তব অবস্থা পর্যবেক্ষণের জন্য দৈবচয়নের ভিত্তিতে প্রকল্প এলাকা পরিদর্শন এবং প্রকল্পের আওতায় ইতোমধ্যে বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন কাজের তথ্য ও উপাত্ত সংগ্রহ করা;
- কমিটির সদস্যবৃন্দ কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের উপকারভোগী, স্থানীয় জনপ্রতিনিধি এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ করা;
- মধ্যবর্তী মূল্যায়ন কমিটির পরিদর্শনলব্ধ অভিজ্ঞতা, মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যাদি, স্থানীয় জনপ্রতিনিধি, উপকারভোগী এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রকল্প কর্তৃপক্ষের দেয়া তথ্যাদি বিশ্লেষণ।

২.৫ মূল্যায়নের সীমাবদ্ধতা

পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি মাদারীপুর জেলার শিবচর উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির অনুমোদিত মোট ব্যয় ৪০৪২৮.২৪ লক্ষ টাকা যার শতভাগ জিওবি অর্থায়ন। প্রকল্পটির ভৌত কাজের ৩টি মোট প্যাকেজের মধ্যে ০১টি প্যাকেজে ভৌত অগ্রগতি ৬৮.০০% এবং অন্য দুইটি প্যাকেজের NoA প্রদান করা হয়েছে। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনকালে প্রকল্পের দলিলাদি পর্যালোচনা, চলমান কাজের বিভিন্ন অগ্রগতি আলোচনা ও পর্যালোচনা, প্রকল্প পরিচালকসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা, সীমিত পর্যায়ে স্থানীয় জনগণ ও জনপ্রতিনিধিদের সাথে আলোচনাপূর্বক তাদের মতামতের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। মূল্যায়ন কমিটির কার্যপরিধিতে সময়ে সময়ে প্রকল্প এলাকা পরিদর্শনের বিষয় উল্লেখ থাকলেও সময়ের স্বল্পতার কারণে শুধুমাত্র একবার প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। অনুমোদিত ডিপিপি-তে অন্তর্ভুক্ত মধ্যবর্তী মূল্যায়ন কমিটির কার্যপরিধিতে ৭০-৭৫ শতাংশ কাজ বাস্তবায়িত হবার পর মূল্যায়নের জন্য সুপারিশ প্রদান করা হলেও এলসি বন্ধ হওয়ায় নির্মাণ সামগ্রীর অপ্রাপ্যতা এবং মূল্য বৃদ্ধির ফলে কাজ বাস্তবায়ন অগ্রগতি গত বছরের তুলনায় হ্রাস পেয়েছে। এসব কারণে যথাসময়ে কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি।

তৃতীয় অধ্যায়: প্রকল্প এলাকা পরিদর্শন ও তথ্য সংগ্রহ

প্রকল্প এলাকাটি ঢাকা বিভাগের মাদারীপুর জেলার শিবচর উপজেলার সন্নাসীর চর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী এলাকায় অবস্থিত হবার প্রেক্ষিতে গত ০৪-০৫ আগষ্ট ২০২৩ কমিটি সদস্যবৃন্দকে সরেজমিনে প্রকল্পের আওতায় বাস্তবায়িত ভৌতকাজ পরিদর্শন করেন। প্রকল্প পরিদর্শনকালে বাস্তবায়িত কাজের ডিজাইন, ব্যয় প্রাক্কলন পর্যালোচনা করা হয় এবং উপকারভোগীদের সাথে মতবিনিময় করে প্রকল্পের আর্থিক, সামাজিক, কারিগরি ও পরিবেশগত প্রভাব নিরূপণে তথ্য সংগ্রহ করা হয়।

৩.১ প্রকল্প এলাকা পরিদর্শনের বিবরণ:

মধ্যবর্তী মূল্যায়ন কমিটি প্রকল্প এলাকাভুক্ত আড়িয়াল খাঁ নদীর বামতীরে মাদারীপুর জেলার শিবচর উপজেলার বহেরাতলা ইউনিয়ন এবং ডানতীরে অবস্থিত শিরুয়াইল ও নিলখী ইউনিয়ন এলাকায় নদী তীর সংরক্ষণ কাজ ও ড্রেজিং কাজ পরিদর্শন করেন। পরিদর্শনকালে জানা যায়, প্যাকেজ নং- Arial Khan/Madaripur/DPM-48 এর আওতায় সন্নাসীরচর ইউনিয়নে ১,৫০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ, বহেরাতলা ইউনিয়নে ১,০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ, শিরুয়াইল ইউনিয়নে ৩০০.০০ মিটার নদী তীর সংরক্ষণ কাজ সম্পন্ন হয়েছে।

- পরিদর্শনকালে কমিটির সদস্যগণ আড়িয়াল খাঁ নদীর বামতীরে কিঃমিঃ ৩০.৭০০ হতে কিঃমিঃ ৩১.৭০০ পর্যন্ত ১.০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের এলাকা পরিদর্শন করেন। প্যাকেজটি খুলনা শিপইয়ার্ড লিঃ নামক ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। প্যাকেজটির কাজের বর্তমান অগ্রগতি ৬৮.০০% এবং আগামী মে/২০২৪ সনের মধ্যে কাজটি সমাপ্ত করার লক্ষ্যে কার্যক্রম চলমান আছে বলে নির্বাহী প্রকৌশলী জানান। কনক্রিট ব্লক টেস্টের রিপোর্ট, ম্যাটেরিয়াল টেস্টের রিপোর্ট (পাথর, বালু, সিমেন্ট ইত্যাদি), ব্লক তৈরী করার রেজিস্টার, সাইট অডার বুক সাইটে সংরক্ষিত আছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ফরিদপুর ও বরিশাল জোনাল পরীক্ষাগারে এবং বুয়েটের পরীক্ষাগারে কনক্রীট ব্লকের গুণাগুণ পরীক্ষা করা হয়েছে। Geo Textile Fabric বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ ও বুয়েটে পরীক্ষা করানো হয়েছে।

- পরিদর্শনকালে উপস্থিত এলাকাবাসী জানান, তীব্র নদী ভাঙ্গনের কারণে বহেরাতলা এলাকা বিস্তীর্ণ অংশ নদী গর্ভে বিলীন হয়েছে। কাজটি বাস্তবায়ন হলে উক্ত এলাকাবাসির ঘরবাড়ি, সহায়-সম্পদ নদীভাঙ্গনের কবল হতে রক্ষা পাবে। নদী তীর সংরক্ষণ কাজের নকশা যাচাইয়ান্তে দেখা যায় যে, আলোচ্য প্যাকেজে নদীতে ডাম্পিং ম্যাটেরিয়ালের মোট পরিমাণ ৩০.০০ ঘনমিটার/মিটার তন্মধ্যে ১৫.০০ ঘনমিটার/মিটার ২০০ কেজি ধারি ভর্তি জিও-ব্যাগ এবং ১৫.০০ ঘনমিটার/মিটার ৪০*৪০*৪০ সেমি কিউব ও ৩০*৩০*৩০ সেমি কিউব সিসি ব্লক। স্লোপে ৪০*৪০*২০ সেমি কিউব সিসি ব্লক প্লেসিং এর গড় দৈর্ঘ্য ৯.৯ মিটার। স্লোপের টপে ৪০*৪০*২০ সেমি কিউব ব্লক প্লেসিং করতে হবে ও সারিতে। সাইটে অবস্থিত ম্যাটেরিয়ালস পর্যবেক্ষনে দেখা যায় যে, স্টোন চিপসের স্তুপে Specification এ উল্লেখিত সাইজের চেয়ে বড় সাইজের পাথর রয়েছে এবং ব্লক তৈরীর ক্ষেত্রে যথাযথভাবে বেড প্রস্তুত করা হয়েছে। ব্লক তৈরীর জন্য ব্যবহৃত বালি দানা অপেক্ষাকৃত বড় এবং আর্বজনামুক্ত। সাইটের ব্লকগুলোতে নিয়মিত কিউরিং করা হচ্ছে। নকশা অনুযায়ী সিসি ব্লক এর কোর কাটিং পর Compressive Strength ৯.৬ N/mm^2 হবার কথা এবং রিপোর্ট যাচাইকালে ব্লক এর Compressive Strength ৯.৬ N/mm^2 এর বেশী পাওয়া যায় **(সংযুক্তি-০৫)**।

- অতঃপর কমিটির সদস্যগণ নৌকাযোগে বহেরাতলা, শিরুয়াইল ও নিলখী অংশে নদীর ড্রেজিং কাজ পরিদর্শন করেন। ড্রেজিং কাজ যাচাই করার জন্য বাপাউবো'র টাস্কফোর্স এবং আইডব্লিউএম এর প্রতিনিধি ইকোসাউন্ডার, ডিজিপিএস সহ সাইটে উপস্থিত ছিলেন। কমিটির সদস্যগণ নৌকাযোগে ড্রেজিং কাজের মধ্যবর্তী এলাইমেন্ট বরাবর যাত্রা করে খননকৃত বালি রাখার বিভিন্ন স্থান পরিদর্শন করেন। নদী ড্রেজিং কাজের ডিজাইন অনুযায়ী

নদীর তলদেশের প্রস্থ ১২০ মিটার সাইট স্লোপ ১:৩ । ইতোমধ্যে ৯.৯ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছে। ৩.৮৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ চলমান রয়েছে। নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর কমিটিকে জানান যে, ড্রেজিং কাজের মাধ্যমে খননকৃত বালি সরকারী নিচু জমি ভরাট এবং স্কুল, কলেজ, মসজিদ, থানা সহ বিভিন্ন জনগুরুত্বপূর্ণ স্থানে জেলা পানি ব্যবস্থাপনা কমিটি, মাদারীপুর এর মাধ্যমে প্রদান করা হয়েছে। অবশিষ্ট বালি জেলা প্রশাসন, মাদারীপুর এর সহায়তায় নিলামের মাধ্যমে বিক্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৩.২ মাঠ পর্যায়ে ভৌত-কাজ বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে মতবিনিময়

মধ্যবর্তী মূল্যায়ন কমিটির সদস্যদের মাঠ পর্যায়ের পরিদর্শনের সময় জনাব সৈয়দ সাহিদুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পওর সার্কেল, বাপাউবো, ফরিদপুর ও প্রকল্প পরিচালক, জনাব মোঃ সানাউল কাদের খান, নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর; এবং সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন। প্রকল্প সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী জানান যে, প্রকল্প গ্রহণের পূর্বে প্রতি বছর বন্যায় মাদারীপুর জেলার শিবচর উপজেলার সন্নাসীর চর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের শত শত ঘর-বাড়ি নদী গর্ভে বিলীন হয়ে যেত। নদী তীরবর্তী হাট-বাজার, মসজিদ, শিক্ষা প্রতিষ্ঠান এবং কমিউনিটি ক্লিনিক ভাঙ্গনের ঝুঁকিতে থাকতো। নদীতীর সংরক্ষণ এবং নদী ড্রেজিং কাজ বাস্তবায়নের মাধ্যমে নদী ভাঙ্গন রোধ করা সম্ভব হয়েছে। প্রকল্পের নদী তীর সংরক্ষণ এবং নদী ড্রেজিং কাজ ডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে।

মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ মাদারীপুর জেলার পানি উন্নয়ন বোর্ড দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক জনাব সৈয়দ সাহিদুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পওর সার্কেল, বাপাউবো, ফরিদপুর এর অফিস ফরিপুরে অবস্থিত। প্রকল্পের ভৌতকাজ বাস্তবায়নে দরপত্র আহ্বান, চুক্তি-স্বাক্ষর ও মান নিয়ন্ত্রণ, চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনায় মাঠ দপ্তরসমূহ ক্ষমতাবান। মাঠ দপ্তরকে ভৌত কাজের গুণগত মান নিয়ন্ত্রণে সহায়তা প্রদানে বাপাউবো'র প্রধান প্রকৌশলীর দপ্তর, মনিটরিং এর আওতায় টাস্ক ফোর্স কমিটি নিয়োজিত আছে। টাস্কফোর্স কর্তৃক বিধি মোতাবেক দৈবচয়নের ভিত্তিতে কাজের গুণগত মান ও পরিমাণ তদারকি করেছে। কাজ বাস্তবায়নের পর টাস্ক ফোর্স কমিটির মূল্যায়ন প্রতিবেদনের ভিত্তিতে ঠিকাদারের বিল প্রদান করা হয়।

প্রকল্প বাস্তবায়নের ফলে সন্নাসীর চর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়ন ভাঙ্গন রোধ করা সম্ভব হয়েছে। এছাড়া, উক্ত এলাকায় ১৩.৭৫০ কিঃমিঃ চর ড্রেজিং কাজ বাস্তবায়নের ফলে নদীর প্রশস্ততা/গভীরতা বৃদ্ধি পাওয়ার ফলে নেভিগেশন সুবিধা বৃদ্ধি পেয়েছে। ভূমিহীন ভাঙ্গন কবলিত মানুষের আশার সঞ্চয় হয়েছে। জমি ভাঙ্গন রোধের ফলে ফসল উৎপাদন বৃদ্ধির সাথে সাথে হাট-বাজার, দোকান, গোডাউন, মাছ ও সবজির আড়ত সম্প্রসারিত হয়েছে। ফসল, বাসস্থান, অন্যান্য অবকাঠামো এবং জমির স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব হয়েছে, যা ঐ এলাকার খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান তথা এলাকায় দরিদ্রতা বিমোচন ও জীবন-মান উন্নয়নে অবদান রাখছে। প্রকল্প সংশ্লিষ্ট কাজে স্থানীয় জনগণের অংশগ্রহণের ফলে সার্বিকভাবে আর্থ-সামাজিক উন্নয়ন সাধন হয়েছে।

৩.৩ উপকারভোগী ও জন প্রতিনিধিগণের সাথে মত বিনিময়

কমিটির সদস্যগণ মাদারীপুর জেলার শিবচর উপজেলার বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে বাস্তাবায়িত নদীতীর সংরক্ষণ এবং ড্রেজিং এর বিভিন্ন অংশের বাস্তবায়িত ও চলমান কাজ এবং প্রকল্প কাজে ব্যবহৃত

নির্মাণ সামগ্রী ও নির্মাণ পদ্ধতি পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্পের দলিলাদি পর্যালোচনা, স্থানীয় জনগণ ও জন প্রতিনিধিদের সাথে আলোচনাপূর্বক তাদের মতামত নেয়া হয়।

৩.৩.১ বহেরাতলা ইউনিয়নে কাজ পরিদর্শন ও তথ্য সংগ্রহ

মাদারীপুর জেলার শিবচর উপজেলার বহেরাতলা ইউনিয়নের নদী রক্ষা কাজ ১.০০০ কিঃমিঃ সংস্থান রয়েছে এবং আড়িয়াল খাঁ নদীর বাম তীরে অবস্থিত। প্রকল্পটির আওতায় বহেরাতলা ইউনিয়নে মোট ১.০০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ প্রায় শেষ পর্যায় রয়েছে। প্রকল্পের আওতায় পরিদর্শনকৃত কাজের ডিজাইন, ব্যয় প্রাক্কলন **(সংযুক্তি-৬)** ও পরিদর্শনকৃত কাজের বিবরণ নিম্নরূপঃ

নদী তীর সংরক্ষণ কাজ

মাদারীপুর জেলার শিবচর উপজেলার বহেরাতলা ইউনিয়নে মোট ১.০০০ কিমি নদী তীর সংরক্ষণ কাজের মধ্যে ইতোমধ্যে প্রায় শেষ পর্যায়ে রয়েছে। বাস্তবায়িত নদী তীর সংরক্ষণ কাজ পরিদর্শন করা হয়। নদী তীর সংরক্ষণ কাজে বিভিন্ন সাইজের (৪০সে.মি.X৪০সে.মি.X৪০সে.মি., ৩০সে.মি.X৩০সে.মি.X৩০সে.মি. এবং ৪০সে.মি.X৪০সে.মি.X২০সে.মি.) সিসি ব্লক এবং বালু ভর্তি ২০০ কেজি ওজনের জিওব্যাগ (৯৭% Polypropelene) ব্যবহার করা হয়েছে। মোট ৩ ধরনের সিসি ব্লক এর মধ্যে ৪০সে.মি.X৪০সে.মি.X৪০সে.মি. এবং ৩০সে.মি.X৩০সে.মি.X৩০সে.মি. মাপের ব্লকগুলো ডাম্পিং ব্লক হিসেবে নদীতে ফেলা হয়। ৪০সে.মি.X৪০সে.মি.X২০সে.মি. মাপের ব্লকগুলো Bank এর Slope প্রতিরক্ষার কাজে ব্যবহৃত হয়। ডিজাইন মোতাবেক ব্লক তৈরির ক্ষেত্রে ১:২.৫:৫ (Cement: Sand: Stone) অনুপাতটি অনুসরণ করা হয়েছে। Working Low Water Level ১.৩০মি. (PWD) এবং Bank এর Top RL ৫.৯৭মি. (PWD) (Danger Level= ৪.৩০মি. (PWD) রাখা হয়েছে। Working Design অনুসারে Bank এ ১:২ (H:V) Slope করা হয়েছে। Launching Appron এর দৈর্ঘ্য ২৯.২০ মিটার এবং ব্লক এর Minimum Compressive Strength ১২.০০ Mpa নির্ধারন করা হয়েছে। ১৪.৪০ cum জিওব্যাগ এবং ১৩.০০ cum ব্লক ডাম্পিং করা হয়েছে।

পরিদর্শনের সময় নদীর পাড়ে স্থানীয় জনগণ, উপকারভোগী ও জন প্রতিনিধিদের সাথে মতবিনিময় করা হয়। মতবিনিময় কালে উপস্থিত স্থানীয় জনগণ নিম্নরূপ মতামত ব্যক্ত করে।

- নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের পূর্বে প্রায় প্রতি বছর নদী ভাঙনে বিপুল পরিমান জমি নদী গর্ভে বিলীন হয়ে যেত। বিগত কয়েক বছরের ভাঙনে শতাধিক ঘর-বাড়ি নদী গ্রাস করেছে। এছাড়া, নদী তীরবর্তী বসাকের চর প্রাথমিক বিদ্যালয়ের ২টি ভবন নদীতে বিলীন হয়েছে। আর কয়েক বছরের মধ্যে বহেরাতলা ইউনিয়নটি বাংলাদেশের মানচিত্র থেকে হারিয়ে যাওয়ার উপক্রম হয়েছিলো।
- নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের ফলে বহেরাতলা এলাকার জনগণ, ফসল, জমি, হাট-বাজার, স্কুল, মসজিদ নদী ভাঙ্গনের হাত থেকে রক্ষা পেয়েছে;

- নদী ভাঙ্গন রোধের ফলে উদ্ধারকৃত উর্বর জমিতে বিভিন্ন রকমের ফসল ফলানো সম্ভব হচ্ছে, ফসলের উৎপাদন বৃদ্ধির ফলে গৃহস্থালি আয় বৃদ্ধি পেয়েছে, কর্মসংস্থান সৃষ্টি হয়েছে, কাজের জন্য অন্যত্র যাবার প্রয়োজন না হওয়ায় বাচ্চাদের শিক্ষার জন্য স্কুলে পাঠানো সম্ভব হয়েছে এবং
- দুর্যোগ ঝুঁকি মোকাবেলার সক্ষমতা বৃদ্ধি পেয়েছে, আকস্মিক বন্যা/ঘুর্ণিঝড়/জলোচ্ছাস প্রতিরোধ করা সম্ভব হয়েছে।

৩.৩.২ শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে কাজ পরিদর্শন ও তথ্য সংগ্রহ

মাদারীপুর জেলার শিবচর উপজেলার শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের নদী রক্ষা কাজ ২,৫০০ কিঃমিঃ সংস্থান রয়েছে এবং আড়িয়াল খাঁ নদীর ডান তীরে অবস্থিত। প্রকল্পটির আওতায় শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে মোট ০.৭০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ প্রায় শেষ পর্যায় রয়েছে এবং অবশিষ্ট ১.৮০০ কিঃমিঃ কাজের সি.সি. ব্লক তৈরির কাজ চলমান রয়েছে। প্রকল্পের আওতায় পরিদর্শনকৃত কাজের ডিজাইন, ব্যয় প্রাক্কলন ও পরিদর্শনকৃত কাজের বিবরণ নিম্নরূপ:

নদী তীর সংরক্ষণ কাজ

মাদারীপুর জেলার শিবচর উপজেলার শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের মোট ২,৫০০ কিমি নদী তীর সংরক্ষণ কাজ চলমান রয়েছে। বাস্তবায়নাধীন নদী তীর সংরক্ষণ কাজ পরিদর্শন করা হয়। নদী তীর সংরক্ষণ কাজে বিভিন্ন সাইজের (৪০সে.মি.X৪০সে.মি.X৪০সে.মি., ৩০সে.মি.X৩০সে.মি.X৩০সে.মি. এবং ৪০সে.মি.X৪০সে.মি.X২০সে.মি.) সিসি ব্লক এবং বালু ভর্তি ২০০ কেজি ওজনের জিওব্যাগ (৯৭% Polypropelene) ব্যবহার করা হয়েছে। মোট ৩ ধরনের সিসি ব্লক এর মধ্যে ৪০সে.মি.X৪০সে.মি.X৪০সে.মি. এবং ৩০সে.মি.X৩০সে.মি.X৩০সে.মি. মাপের ব্লকগুলো ডাম্পিং ব্লক হিসেবে নদীতে ফেলা হয়। ৪০সে.মি.X৪০সে.মি.X২০সে.মি. মাপের ব্লকগুলো Bank এর Slope প্রতিরক্ষার কাজে ব্যবহৃত হয়। ডিজাইন মোতাবেক ব্লক তৈরির ক্ষেত্রে ১:২.৫:৫ (Cement: Sand: Stone) অনুপাতটি অনুসরণ করা হয়েছে। Working Low Water Level ১.৩০মি. (PWD) এবং Bank এর Top RL ৫.৩০মি. (PWD) (Danger Level= ৪.৩০মি. (PWD) রাখা হয়েছে। Working Design অনুসারে Bank এ ১:২ (V:H) Slope করা হয়েছে। Launching Appron এর দৈর্ঘ্য ৩৫.৭০ মিটার এবং ব্লক এর Minimum Compressive Strength ১২.০০ Mpa নির্ধারন করা হয়েছে। ১১.০০ cum জিওব্যাগ এবং ১১.০০ cum ব্লক ডাম্পিং করা হয়েছে।

পরিদর্শনের সময় নদীর পাড়ে স্থানীয় জনগণ, উপকারভোগী ও জন প্রতিনিধিদের সাথে মতবিনিময় করা হয়। মতবিনিময় কালে উপস্থিত স্থানীয় জনগণ নিম্নরূপ মতামত ব্যক্ত করেন:

- নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের পূর্বে প্রায় প্রতি বছর নদী ভাঙনে বিপুল পরিমান জমি নদী গর্ভে বিলীন হয়ে যেত। বিগত কয়েক বছরের ভাঙনে শতাধিক ঘর-বাড়ি নদী গ্রাস করেছে। এছাড়া, নদী তীরবর্তী ইলেকট্রিক পোল এবং একটি আধাপাকা মসজিদ নদীতে বিলীন হবার উপক্রম হয়েছিলো।

- নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের ফলে এলাকার জনগণ, ফসল, জমি, হাট-বাজার, স্কুল, মসজিদ নদী ভাঙ্গনের হাত থেকে রক্ষা পেয়েছে;
- তীর সংরক্ষণ কাজের বিভিন্ন অংশে ইতোমধ্যে চর পড়ে যাওয়ায় বিপুল পরিমান জমি উদ্ধার করা সম্ভব হয়েছে। প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পন্ন হলে আরও অনেক জমি উদ্ধার করা সম্ভব হবে;
- নদী ভাঙ্গন রোধের ফলে উদ্ধারকৃত উর্বর জমিতে বিভিন্ন রকমের ফসল ফলানো সম্ভব হচ্ছে, ফসলের উৎপাদন বৃদ্ধির ফলে গৃহস্থালি আয় বৃদ্ধি পেয়েছে, কর্মসংস্থান সৃষ্টি হয়েছে, কাজের জন্য অন্যত্র যাবার প্রয়োজন না হওয়ায় বাচ্চাদের শিক্ষার জন্য স্কুলে পাঠানো সম্ভব হয়েছে; এবং দুর্যোগ ঝুঁকি মোকাবেলার সক্ষমতা বৃদ্ধি পেয়েছে, আকস্মিক বন্যা প্রতিরোধ করা সম্ভব হয়েছে।

৩.৩.৩ খনন (নদী ড্রেজিং) কাজ

প্রকল্পটির আওতায় সন্ন্যাসীরচর এলাকায় ২.৭০০ কিঃমিঃ, দত্তপাড়া এলাকায় ২.৭০০ কিঃমিঃ, শিরুয়াইল ৬.৩৫০ কিঃমিঃ এবং নিলখী এলাকায় ২.০০০ কিঃমিঃ মোট ১৩.৭৫০ কিঃমিঃ (৯৭.৭২ লক্ষ ঘনমিটার) খনন (নদী ড্রেজিং) কাজের সংস্থান রয়েছে, যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এ খাতে মোট ১৭৬২২.৬০ লক্ষ টাকার সংস্থান রয়েছে যার মধ্যে ৮০১৪.০০ লক্ষ টাকা বিল প্রদান করা হয়েছে। ৯.৯০০ কিঃমিঃ অংশে টাস্কফোর্স কর্তৃক পোষ্ট ওয়ার্ক গ্রহন করা হয়েছে এবং ৩.৮৫০ কিঃমিঃ অংশের পোষ্ট ওয়ার্ক টাস্কফোর্স কর্তৃক এখনো গ্রহণ করা হয়নি।

পরিদর্শনের সময় নদীর পাড়ে স্থানীয় জনগণ, উপকারভোগী ও জন প্রতিনিধিদের সাথে মতবিনিময় করা হয়। মতবিনিময় কালে উপস্থিত স্থানীয় জনগণ নিম্নরূপ মতামত ব্যক্ত করে।

- ড্রেজিং কাজ বাস্তবায়নের ফলে বর্তমানে মূল স্রোত নদীর মাঝ বরাবর থাকায় এবং ডান তীরে নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়িত হওয়ায় ভাঙ্গনের ঝুঁকি হ্রাস পেয়েছে।
- ড্রেজিং করার ফলে নদীর গভীরতা/প্রশস্ততা বৃদ্ধি পাওয়ায় নদী ভাঙ্গন প্রবনতা হ্রাস পেয়েছে।
- নেভিগেশন সুবিধা বৃদ্ধি পেয়েছে।











মাদারীপুর জেলার শিবচর উপজেলার সন্ন্যাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে বাস্তবায়িত নদী তীর সংরক্ষণ এবং ড্রেজিং কাজ পরিদর্শন।

চতুর্থ অধ্যায়: তথ্য বিশ্লেষণ ও প্রকল্পের প্রভাব নিরূপণ

৪.১ উপকারভোগীদের মতামতের ভিত্তিতে প্রকল্পের প্রভাব

প্রকল্প এলাকা পরিদর্শনকালে স্থানীয় জনগণ, জনপ্রতিনিধি ও সাথে মত বিনিময়ে প্রাপ্ত তথ্য বিশ্লেষণে জানা যায়, পরিদর্শনকৃত নদী তীর সংরক্ষণ প্রকল্প গ্রহণের পূর্বে প্রতিবছর ভাঙনের কবলে পড়ে সন্নাসীর চর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে শত শত বিঘা জমি নদী গর্ভে বিলীন হয়ে যেত। প্রতি বন্যায় নদী পাড়ের মানুষগুলোকে ঘর বাড়ি অন্যত্র স্থানান্তর করতে হতো। বিগত ২ বন্যায় নদী ভাঙ্গন রোধ হওয়ায় জনসাধারণের মধ্যে স্বস্তি ফিরে এসেছে। প্রকল্পের কাজ বাস্তবায়নকালীন সময়ে মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্তৃক সার্বক্ষনিক তদারকি করা হয়। প্রকল্পের কর্মসূচি বাস্তবায়নের প্রভাবসমূহ নিম্নরূপঃ

- নদী তীর সংরক্ষণ এবং নদী ড্রেজিং কাজ বাস্তবায়নের ফলে সন্নাসীর চর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে এলাকার জনগণ, ফসল, জমি, হাট-বাজার, স্কুল, মসজিদ নদী ভাঙনের হাত থেকে রক্ষা পেয়েছে;
- নদী তীর সংরক্ষণ এবং নদী ড্রেজিং কাজ বাস্তবায়নের ফলে নদী ভাঙন রোধের ফলে উদ্ধারকৃত উর্বর জমিতে বিভিন্ন রকমের ফসল ফলানো সম্ভব হচ্ছে, ফসলের উৎপাদন বৃদ্ধির ফলে গৃহস্থালি আয় বৃদ্ধি পেয়েছে, কর্মসংস্থান সৃষ্টি হয়েছে, কাজের জন্য অন্যত্র যাবার প্রয়োজন না হওয়ায় বাচ্চাদের শিক্ষার জন্য স্কুলে পাঠানো সম্ভব হয়েছে;
- দুর্যোগ ঝুঁকি মোকাবেলার সক্ষমতা বৃদ্ধি পেয়েছে, আকস্মিক বন্যা/ঘূর্ণিঝড়/জলোচ্ছ্বাস প্রতিরোধ করা সম্ভব হয়েছে।
- ড্রেজিং কাজ বাস্তবায়নের ফলে বর্তমানে মূল স্রোত নদীর মাঝ বরাবর থাকায় এবং ডান তীরে নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়িত হওয়ায় ভাঙ্গনের ঝুঁকি হ্রাস পেয়েছে।
- ড্রেজিং করার ফলে নদীর গভীরতা বৃদ্ধি পেয়েছে। এতে নদী ভাঙ্গন প্রবনতা হ্রাস পেয়েছে।
- নেভিগেশন সুবিধা বৃদ্ধি পেয়েছে।

৪.২ আর্থ-সামাজিক উন্নয়ন

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের ফলে ফসল, বাসস্থান, অন্যান্য অবকাঠামো এবং জমির স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব হয়েছে, যা ঐ এলাকার খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান তথা এলাকার দারিদ্র বিমোচন ও জীবন-মান উন্নয়নে অবদান রাখছে। প্রকল্প সংশ্লিষ্ট কাজে স্থানীয় জনগণের অংশগ্রহণের ফলে সার্বিকভাবে আর্থ-সামাজিক উন্নয়ন সাধন হয়েছে। নদীর পাড়ে নতুন করে হাট-বাজার, দোকান, গোডাউন, মাছ ও সবজির আড়ত স্থাপিত হয়েছে। স্থানীয় জনগণের মতে নদীতীর রক্ষা কাজ যথাযথভাবে সম্পন্ন হলে এই বাজার আরও সম্প্রসারিত হবে এবং সন্নাসীর চর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী এলাকার আর্থ-সামাজিক প্রেক্ষাপট বদলে যাবে।

৪.৩ পরিবেশ উন্নয়ন

পরিবেশবান্ধব ও টেকসই আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সন্নাসীর চর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী এলাকায় নদী তীর রক্ষা কার্যাবলী এবং ড্রেজিং কাজ বাস্তবায়নে পরিবেশগত প্রভাব মূল্যায়ন করা হয়েছে। নদী তীরের স্থায়িত্বের কারণে প্রাকৃতিক পরিবেশ উন্নত ও জীব-বৈচিত্র্য ভারসাম্যমূলক হয়েছে। নিয়মিত জোয়ার ছাড়াও জলোচ্ছ্বাস

থেকে প্রতিরক্ষা কাজের অভ্যন্তরীণ এলাকার জন-জীবন ও সম্পদ রক্ষা পাচ্ছে। নির্বাচিত এলাকাসমূহে নদী ভাঙ্গন প্রতিরোধের মাধ্যমে জন-দূর্ভোগ লাঘবসহ কৃষি, মৎস্য, ফল, সবজি উৎপাদনের নিরাপদ পরিবেশ নিশ্চিত করছে।

পঞ্চম অধ্যায়: কমিটির পর্যবেক্ষণ

৫.১ স্থানীয় জনগণের মতামতের ভিত্তিতে

প্রকল্প গ্রহণের পূর্বে প্রকল্প এলাকার বিদ্যমান সমস্যা যেমন নদী ভাঙ্গন, জনগণের ঘর-বাড়ি, হাট-বাজার, দোকান, স্কুল-কলেজ, মসজিদ, মাদ্রাসা এবং কমিউনিটি ক্লিনিকের স্থায়িত্বহীনতা ইত্যাদি সমস্যা সমাধান করা সম্ভব হয়েছে। প্রকল্পের আওতায় নদী তীর সংরক্ষণ এবং ড্রেজিং কাজ বাস্তবায়নের ফলে ফসল, বাসস্থান, অন্যান্য অবকাঠামো এবং জমির স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব হয়েছে, যা ঐ এলাকার খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান তথা এলাকার দারিদ্র বিমোচন ও জীবন-মান উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলেছে। কৃষি ও গৃহস্থালী আয় বৃদ্ধির ফলে চর এলাকার গ্রামীণ জনগণের জীবন-জীবিকা উন্নয়নের যে লক্ষ্য নিয়ে প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল, সে উদ্দেশ্য অর্জিত হয়েছে। প্রকল্পের কর্ম-পরিকল্পনা প্রণয়ণ হতে শুরু করে বাস্তবায়ন, মান নিয়ন্ত্রণ, পরিচালন ও রক্ষণাবেক্ষণের প্রতিটি পর্যায়ে স্থানীয় জনগণের অংশগ্রহণের ফলে প্রকল্প এলাকার সকলকে উপকারভোগীদের দলে নিয়ে আসা সম্ভব হয়েছে।

৫.২ কমিটির সাধারণ পর্যবেক্ষণ

প্রকল্পের কাজ নির্বাচন হতে শুরু করে কাজ বাস্তবায়নের প্রতিটি পর্যায়ে স্থানীয় জনগণ/উপকারভোগীদের সম্পৃক্ততার কারণে বাস্তবায়িত কাজসমূহ উপকারভোগীদের নিকট গ্রহণযোগ্য হয়েছে এবং স্থানীয় জনগণ প্রকল্পের সুবিধা পাচ্ছে। প্রকল্প গ্রহণের ফলে মাদারীপুর জেলার শিবচর উপজেলার সন্যাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের ৬,৩০০ কিঃমিঃ এলাকা জুড়ে নদী ভাঙ্গন রোধ করা সম্ভব হবে। এছাড়া, সন্যাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে ১৩.৭৫০ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ বাস্তবায়নের জন্য নদীর গভীরতা যেমন বৃদ্ধি পেয়েছে, তেমনি নেভিগেশন সুবিধা বৃদ্ধি পেয়ে মানুষের আর্থ-সামাজিক উন্নতি ঘটবে। ভাঙ্গন রোধের ফলে ফসল উৎপাদন বৃদ্ধির সাথে সাথে হাট-বাজার, দোকান, গোডাউন, মাছ ও সবজির আড়ত সম্প্রসারিত হবে। ফসল, বাসস্থান, অন্যান্য অবকাঠামো এবং জমির স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব হবে, যা ঐ এলাকার খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান তথা এলাকার দারিদ্র বিমোচন ও জীবন-মান উন্নয়নে অবদান রাখবে। প্রকল্প সংশ্লিষ্ট কাজে স্থানীয় জনগণের অংশগ্রহণের ফলে সার্বিকভাবে আর্থ-সামাজিক উন্নয়ন সাধন হবে।

৫.৩ কমিটির বিশেষ পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় নদীতীর সংরক্ষণ এবং খনন (নদী ড্রেজিং) কাজ অন্তর্ভুক্ত রয়েছে। নদীতীর সংরক্ষণ কাজের মোট দৈর্ঘ্য ৬,৩০০ কিঃমিঃ যার মধ্যে সন্যাসীরচর ২,৮০০ কিঃমিঃ, বহেরাতলা ১,০০০ কিঃমিঃ, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নে ২,৫০০ কিঃমিঃ। নদী ড্রেজিং কাজের মোট দৈর্ঘ্য ১৩.৭৫০ কিঃমিঃ যার মধ্যে সন্যাসীরচর এলাকায় ২,৭০০ কিঃমিঃ, দত্তপাড়া এলাকায় ২,৭০০ কিঃমিঃ, শিরুয়াইল ৬,৩৫০ কিঃমিঃ এবং নিলখী এলাকায় ২,০০০ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছে। নদী ড্রেজিং ৯,৯০০ কিঃমিঃ অংশে টাস্কফোর্স কর্তৃক পোষ্ট ওয়ার্ক

গ্রহন করা হয়েছে এবং অবশিষ্ট ৩.৮৫০ কিঃমিঃ অংশের টাস্কফোর্স কর্তৃক এখনো পোষ্ট ওয়ার্ক গ্রহন করা হয়নি। প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি প্রায় ৬৮০০% শতাংশ এবং আর্থিক অগ্রগতি ৪০.০৭ শতাংশ। পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় বাস্তব অগ্রগতির তুলনায় আর্থিক অগ্রগতির পরিমান কম। প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা হলে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করা সম্ভব হবে।

৫.৪ প্রকল্পের SWOT বিশ্লেষণ

৫.৪.১ প্রকল্পের সবল দিক (Strength of the Project)

প্রকল্পের কাজ বাস্তবকালীন সময়ে মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং কর্মচারীগণ কর্তৃক সার্বক্ষণিক তদারকি করা হয়। বাপাউবোর টাস্কফোর্স কর্তৃক দৈবচয়নের ভিত্তিতে কাজের গুণগত মান ও পরিমাণ তদারকি করার ফলে কাজের সন্তোষজনক গুণগত মান অর্জন করা সম্ভব হয়েছে। মাদারীপুর জেলার শিবচর উপজেলার সন্যাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের সাধারণ জনগণ এবং জনপ্রতিনিধিদের দীর্ঘদিনের আকাঙ্ক্ষা, প্রত্যাশা এবং দাবির প্রেক্ষিতে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে বিধায় প্রকল্প সংশ্লিষ্ট কাজে স্থানীয় জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হয়েছে। নদী ভাঙ্গন রোধ হওয়ায় ফসল, বাসস্থান, অন্যান্য অবকাঠামো এবং জমির স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব হয়েছে, যা ঐ এলাকার খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান তথা এলাকার দরিদ্রতা বিমোচন ও জীবন-মান উন্নয়নে অবদান রাখবে।

৫.৪.২ প্রকল্পের দূর্বল দিক (Weakness of the Project)

প্রকল্পটি জুন ২০২৩ সালে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও বৈশ্বিক মন্দা পরিস্থিতির এবং এলসি বন্ধ থাকায় পর্যাপ্ত নির্মাণ সামগ্রী ক্রয় করতে না পাড়ায় নির্ধারিত সময়ে কাজ শেষ করা সম্ভব হয়নি। প্রকল্পের মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং ঠিকাদারগণের সাথে আলোচনায় জানা যায় যে, পর্যাপ্ত বরাদ্দ নিশ্চিত করা গেলে নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পের কাজ শেষ করা সম্ভব হবে।

৫.৪.৩ প্রকল্পের সুযোগ (Opportunities of the Project)

প্রকল্পের সন্যাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী এলাকার প্রায় ৬.৩০০ কিঃমিঃ অংশ জুড়ে প্রতি বছর ব্যাপক নদী ভাঙ্গন হয়। প্রতি বর্ষায় আবাদী জমি ভাঙ্গনের ফলে Bank Line shift হয়েছে। সন্যাসীরচর, দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী এলাকায় নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়িত হওয়ায় ঐ এলাকার জনগণ আশার আলো দেখছে। নদী ভাঙ্গন রোধ হওয়ায় ফসল, বাসস্থান, অন্যান্য অবকাঠামো এবং জমির স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব হয়েছে, যা ঐ এলাকার খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান তথা এলাকার দরিদ্রতা বিমোচন ও জীবন-মান উন্নয়নে অবদান রাখবে।

ষষ্ঠ অধ্যায়: কমিটির সুপারিশ

কমিটি সরেজমিনে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প এলাকা পরিদর্শন করে বাস্তবায়িত কাজের সার্বিক অগ্রগতি ও গুণগত মান পর্যবেক্ষণ করে। প্রকল্প বাস্তবায়নের ফলে সুবিধা-অসুবিধা ও প্রকল্প বাস্তবায়নের সমস্যা চিহ্নিতকরণসহ সমস্যা সমাধানের লক্ষ্যে নিম্নবর্ণিত সুপারিশ করছেঃ

- ল্যাবরেটরি টেস্ট নিশ্চিত পূর্বক ডিজাইন ও স্পেসিফিকেশন মোতাবেক মান সম্মত পাথর, বালু ও সিমেন্ট দিয়ে কনক্রিট কাস্টিং করতে হবে।
- সাইটে বিদ্যমান পাথরের মধ্যে স্পেসিফিকেশন বহির্ভূত বড় সাইজের পাথর বিদ্যমান। যাহা অপসারণ করে কাস্টিং করতে হবে।
- সকল সাইটে সঠিকভাবে প্লাটফর্ম নির্মাণ করে কাস্টিং করতে হবে।
- অবশিষ্ট কাজ সম্পাদনের লক্ষ্যে ঠিকাদারের নিকট হতে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করে সে অনুযায়ী মনিটরিং কার্যক্রম পরিচালনা করা আবশ্যক।
- প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতির তুলনায় আর্থিক অগ্রগতি পর্যাপ্ত নয়। অবশিষ্ট কাজের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেলে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করা সম্ভব হবে; এবং
- প্রকল্প সমাপ্তির পর টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের জন্য পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ যথাযথভাবে সম্পাদন করতে হবে।
- প্রকল্পের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে কাজপূর্ব এবং কাজ পরবর্তী ছবি সংরক্ষণ করতে হবে। এতে বাস্তবায়িত কাজের ফলাফল যথাযথভাবে পর্যবেক্ষণ করা যায়। পাশাপাশি আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রকল্পের কাজ পরিবীক্ষণের ব্যবস্থা রাখা যেতে পারে।

(ইসরাত জাহান)
সিনিয়র সহকারী প্রধান (সেচ উইং),
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ,
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ও
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(পলাশ কুমার ব্যানার্জী)
নির্বাহী প্রকৌশলী,
মনিটরিং এর দপ্তর, বাপাউবো ও
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(মো: কামরুল হাসান)
নির্বাহী প্রকৌশলী,
ডিজাইন সার্কেল-৫,
বাপাউবো, ঢাকা ও
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(মোঃ সানাউল কাদের খান)
নির্বাহী প্রকৌশলী,
মাদারীপুর পওর বিভাগ,
বাপাউবো, মাদারীপুর ও
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(সৈয়দ সাহিদুল আলম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
ফরিদপুর পওর সার্কেল, বাপাউবো,
ফরিদপুর ও প্রকল্প পরিচালক। এবং
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(মোহা: শাজাহান আলি)
উপসচিব (পরিকল্পনা-০৪ শাখা),
পানি সম্পদ মন্ত্রণালয় ও
সদস্য-সচিব, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম)
উপসচিব (উন্নয়ন-২ শাখা),
পানি সম্পদ মন্ত্রণালয় ও
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(রম্মা শারমীন ঝরা)
উপপ্রধান (সেচ উইং),
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান
বিভাগ, পরিকল্পনা কমিশন ও সদস্য,
মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(আবদুল্লাহ আল আরিফ)
উপসচিব (পরিকল্পনা-০২ অধিশাখা),
পানি সম্পদ মন্ত্রণালয় ও
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(মো: সাইফুল ইসলাম)
মহাপরিচালক (যুগ্মসচিব),
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ ও
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(মোহাম্মদ নুরুর রহমান)
পিএএ, যুগ্মসচিব (উন্নয়ন-০১ অধিশাখা),
পানি সম্পদ মন্ত্রণালয় ও
সহ-আহবায়ক, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(মহাঃ এনামুল হক)
যুগ্ম-প্রধান (সেচ),
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ,
পরিকল্পনা কমিশন ও
সহ-আহবায়ক, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

(দীপান্বিতা সাহা)
যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ),
পানি সম্পদ মন্ত্রণালয় ও
আহ্বায়ক, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

কারিগরি প্রতিবেদন

"মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীর তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের ডিপিপি সংশোধনের লক্ষ্যে কারিগরি/ সমীক্ষা সম্পাদন কমিটির প্রতিবেদন।



ফেব্রুয়ারি/২০২৩

"মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীর তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের ডিপিপি সংশোধনের লক্ষ্যে কারিগরি/ সমীক্ষা সম্পাদন কমিটির প্রতিবেদন।

০১। ভূমিকা:

বাংলাদেশ নদী মার্তৃক দেশ। নদী ভাঙ্গন একটি প্রতিনিয়ত ঘটনা। মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন সন্যাসীরচর, বহেরাতলা, শিরুয়াইল এবং নিলখী ইউনিয়ন আড়িয়াল খাঁ নদীর তীরে অবস্থিত। এলাকাসমূহ বার বার নদী ভাঙ্গনের সম্মুখীন হচ্ছে ফলে অনেক গুরুত্বপূর্ণ স্থাপনা নদী গর্ভে বিলীন হয়ে যাওয়ার পথে। সন্যাসীরচর ইউনিয়নে ভাঙ্গন কবলিত এলাকা আড়িয়াল খাঁ নদীর বাম তীরে অবস্থিত। উক্ত এলাকা কয়েক বছর ধরে ভাঙ্গন কবলিত হওয়ায় বাজার, স্কুল, দাখিল মাদ্রাসা, মসজিদ, ব্রীজ, সন্যাসীরচর, পাচর রোড নদী ভাঙ্গনের হুমকীর মুখে পড়েছে। বহেরাতলা ইউনিয়নের ভাঙ্গন কবলিত স্থান আড়িয়াল খাঁ নদীর বাম তীরে অবস্থিত। নদী ভাঙ্গন কবলিত হয়ে উক্ত স্থানে কলেজ, বাজার, স্কুল, মাদ্রাসা, সাইক্লোন সেন্টার, মসজিদ হুমকীর মুখে পড়েছে। শিরুয়াইল এবং নিলখী ইউনিয়নের ভাঙ্গন কবলিত এলাকা আড়িয়াল খাঁ নদীর ডানপাড়ে অবস্থিত। নদী ভাঙ্গনে এই দুই ইউনিয়নের প্রায় তিনশত পরিবার বাড়ি-ঘর হারিয়া নিঃস্ব হয়ে গিয়েছে। এছাড়া বাজার, স্কুল, মাদ্রাসা, মসজিদ, বসতবাড়ি ও সংযোগ সড়ক নদী ভাঙ্গনে বিলীন হওয়ার আশংকা রয়েছে। মাদারীপুর জেলাধীন শিবচর উপজেলায় সন্যাসীরচর, বহেরাতল, শিরুইল এবং নিলখী ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে এলাকা রক্ষাকল্পে মাননীয় সংসদ সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী, ২১৮, মাদারীপুর-১ এবং সভাপতি, অনুমতি হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি মহোদয়ের ডিও লেটারের আলোকে একটি প্রকল্প প্রণয়নের লক্ষ্যে কারিগরী প্রতিবেদন প্রণয়নের জন্য বোর্ড সচিবালয়ের স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৭(১ম খন্ড)/২৯১, তারিখ: ৩০-১০-২০১৭ খ্রিঃ মোতাবেক বোর্ড কর্তৃক ছয় সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়। উক্ত কারিগরি কমিটি কর্তৃক দাখিলকৃত এবং বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি প্রতিবেদনের আলোকে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি প্রস্তুত ও দাখিল করা হয়। সন্যাসীরচর, বহেরাতলা, শিরুইল এবং নিলখী ইউনিয়নে আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন রোধকল্পে প্রকল্পটিতে ৬.৩০০ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ এবং ১৫.৫০০ কিঃমিঃ ড্রেজিং কাজের সংস্থান রয়েছে।

"মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং"শীর্ষক প্রকল্পটি গত ২৮-০১-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয় (কপি সংযুক্ত)। গত ১৮-০৬-২০২০ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পের ভৌত কাজসমূহ সরাসরি ক্রয় পদ্ধতির (DPM) মাধ্যমে বাস্তবায়নের জন্য বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গপ্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর আগ্রহ প্রকাশ করে। তৎপ্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয় প্রকল্পের কাজসমূহ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণ পূর্বক উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) সদয় বিবেচনা ও অনুমোদনের লক্ষ্যে বাপাউবোর মতামতসহ সার সংক্ষেপ প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক উক্ত নির্দেশনার আলোকে সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) উক্ত কাজ সম্পূর্ণ বাস্তবায়নের জন্য প্রস্তাব প্রেরণ করা হলে তা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) অনুমোদনের প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন জ্ঞাপন করা হয়। পরবর্তীতে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং"শীর্ষক প্রকল্পের কাজসমূহ সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) বাস্তবায়নের জন্য বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গপ্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" কর্তৃক দাখিলকৃত দর প্রস্তাবটি যাচাই বাছাইয়ের পর অনুমোদনের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) নিকট প্রেরণ করা হয়। দরপত্র মূল্যায়ন প্রতিবেদন গত ২৭-০৫-২০২১ খ্রিঃ তারিখে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (CCGP) অনুমোদনের পরে গত ২৩-০৬-২০২১ খ্রিঃ তারিখে ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয়। প্রকল্পটির চুক্তি মূল্য ৩৬৭২৮.৪৯ লক্ষ টাকা। দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি করায় ভৌত কার্যক্রম শুরু করতে বিলম্ব হয়েছে। প্রকল্পের মেয়াদকাল জানুয়ারী ২০২০ হতে জুন ২০২৩ পর্যন্ত নির্ধারিত।

প্রকল্পটি বাস্তবায়নের জন্য ২৩-০৬-২০২১খ্রিঃ তারিখে খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) কে কার্যাদেশ প্রদান করা হয়েছে। আড়িয়াল খাঁ নদীর উৎস মুখ পদ্মা নদীতে হওয়ায় বর্ষা মৌসুমে পদ্মা নদীর পানি প্রবাহের কারণে তীব্র স্রোত ও ঘূর্ণী প্রবাহের সৃষ্টি হয়ে আড়িয়াল খাঁ নদীর ডানতীর সন্যাসীরচর, বামতীর বহেরাতলা ও ডানতীরে শিরুয়াইল নিলখী এলাকায় ব্যাপক ভাঙ্গনের সৃষ্টি হয়। ২০২০-২১ অর্থ বছরে বর্ষা মৌসুমে উল্লিখিত স্থান সমূহে ভাঙ্গনের ফলে স্থানীয় জনসাধারণের বসত-বাড়ী, স্কুল, মসজিদ, মাদ্রাসা ও

রাস্তাঘাটের ব্যাপক ক্ষতি হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে বর্ষা মৌসুমে সিসি ব্লক নির্মাণ করে নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন সম্ভব হয়নি। ২০২২-২৩ অর্থ বছরে বর্ষা মৌসুমে সিসি ব্লক নির্মাণ করে নদীতীর সংরক্ষণ কাজ সম্পূর্ণ বাস্তবায়ন সম্ভব নয় বিধায় Bank Line যাতে Shift না হয় তার জন্য মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের ডায়েরি নং-৭৪৩৭, তারিখ: ১২-০৪-২০২১ খ্রিঃ মোতাবেক প্রকল্পভুক্ত ৩টি এলাকায় নদীতীরে পূর্ব সর্তকতামূলক ব্যবস্থা হিসাবে ২০০ কেজি বালি ভর্তি জিও ব্যাগ ডাম্পিং ও প্লেসিং কাজ বাস্তবায়নের মাধ্যমে ভাঙ্গন প্রতিরোধে ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

২০২২-২৩ অর্থ বছরে নদীতীর সংরক্ষণ কাজের ডিজাইন নং ডিসি-৫-৫০৭৯, তারিখ: ৩১-০৫-২০২০খ্রিঃ অনুযায়ী ডাম্পিং এর জন্য বরাদ্দকৃত জিও ব্যাগ হতে সন্ন্যাসীরচর ইউনিয়নে কিঃমিঃ ১৯.৫৭০ হতে কিঃমিঃ ২১.২৩০ = ১৬৬০.০০ মিটার মধ্যেবর্তী দৈর্ঘ্যে ১,০৫,৫৪৮টি জিও ব্যাগ প্লেসিং ও ডাম্পিং করা হয়েছে। যার মধ্যে ৩৪,০০০ টি জিও ব্যাগ প্লেসিং করা হয়েছে। নদীতীর সংরক্ষণ কাজের ডিজাইন নং ডিসি-৫-৫১২৯, তারিখ: ০৬-০৭-২০২০খ্রিঃ অনুযায়ী বহেরাতলা ইউনিয়নে কিঃমিঃ ৩০.৭০০ হতে কিঃমিঃ ৩১.৭০০ = ১০০০.০০ মিটার দৈর্ঘ্যে ১,০৮,০২৯ টি জিও ব্যাগ ডাম্পিং করা হয়েছে (১০০% ডাম্পিং) । নদীতীর সংরক্ষণ কাজের ডিজাইন নং ডিসি-৫-৫১২৩, তারিখ: ২৮-০৬-২০২০খ্রিঃ অনুযায়ী ডাম্পিং এর জন্য বরাদ্দকৃত জিও ব্যাগ হতে শিরুয়াইল ও নিলক্ষী ইউনিয়নে কিঃমিঃ ৩২.৬৫০ হতে কিঃমিঃ ৩৪.৬০০= ১৯৫০.০০ মিটার মধ্যেবর্তী দৈর্ঘ্যে ১,১১,১১৮টি জিও ব্যাগ প্লেসিং ও ডাম্পিং করা হয়েছে। যার মধ্যে ৪৩,৫১০ টি জিও ব্যাগ প্লেসিং করা হয়েছে।

২০২১-২২ অর্থ বছরে নদীতীর ভাংগন ও Bank Line Shifting রোখে Precautionary ডিজাইন নং ডিসি-৫-৫৩৬০-১/১৪, তারিখ: ২৭-০৬-২০২১ খ্রিঃ অনুযায়ী সন্ন্যাসীরচর ইউনিয়নে কিঃমিঃ ১৯.৬৭৫ হতে কিঃমিঃ ২০.৩৫০=৬৭৫.০০ মিটার ও কিঃমিঃ ২১.২০০ হতে কিঃমিঃ ২১.২৬০=৬০.০০ মিটার সর্বমোট ৭৩৫.০০ মিটার দৈর্ঘ্যে ৭৩,৫০০টি জিও ব্যাগ প্লেসিং ও ডাম্পিং করা হয়েছে। যার মধ্যে ১৮,৩৭৫ টি জিও ব্যাগ প্লেসিং করা হয়েছে। বহেরাতলা ইউনিয়নে কিঃমিঃ ৩০.৭০০ হতে কিঃমিঃ ৩০.৮৫০ = ১৫০.০০ মিটার দৈর্ঘ্যে ১৫,০০০ টি জিও ব্যাগ প্লেসিং ও ডাম্পিং করা হয়েছে। যার মধ্যে ৩,৭৫০ টি জিও ব্যাগ প্লেসিং করা হয়েছে। শিরুয়াইল ও নিলক্ষী কিঃমিঃ ৩৩.০২০ হতে কিঃমিঃ ৩৩.৮২০= ৮০০.০০ মিটার মধ্যেবর্তী দৈর্ঘ্যে ৮৮,৪৩৩ টি জিও ব্যাগ প্লেসিং ও ডাম্পিং করা হয়েছে। যার মধ্যে ২০,০০০ টি জিও ব্যাগ প্লেসিং করা হয়েছে। Precautionary ডিজাইন অনুযায়ী মূল ডিজাইনের অতিরিক্ত ভলিউম হিসাবে সর্বমোট ১,৭৬,৯৩৩ টি ২০০ কেজি জিও ব্যাগ প্লেসিং ও ডাম্পিং করা হয়েছে।

সন্ন্যাসীরচর অংশে পিচিং ব্লকের গাইড ওয়াল করার পরে আগাম পানি বৃদ্ধির ফলে কিঃমিঃ ২০.০২৫ হতে কিঃমিঃ ২০.২৯৫ = ২৭০.০০ মিঃ অংশে Bank Line ২-৩ মিঃ Shift হয়েছে এবং বর্তমানে Toe Line এ স্থাপিত ব্লকের উপর মাটি পরে ভরাট হয়ে গেছে। সন্ন্যাসীরচর ইউনিয়নে কিঃমিঃ ১৯.৬০০ হতে কিঃমিঃ ২০.৪৯৫ = ৮৯৫.০০ মিটার মধ্যবর্তী দৈর্ঘ্যে ৪০*৪০*৪০ = ৫৯,৮৮৫ টি ও ৩০*৩০*৩০ = ৭৩,৬৯১ টি সিসি ব্লক ডাম্পিং করা হয়েছে এবং কিঃমিঃ ১৯.৭২৫ হতে কিঃমিঃ ২০.০২৫ = ৩০০.০০ মিটার দৈর্ঘ্যে ৪০*৪০*২০= ২১,০৬৯ টি ব্লক দ্বারা প্লেসিং করা হয়েছে (সাইট ম্যাপে চিহ্নিত)।

বহেরাতলা ইউনিয়নে কিঃমিঃ ৩০.৭০০ হতে কিঃমিঃ ৩১.০০০ = ৩০০.০০ মিটার দৈর্ঘ্যে ৪০*৪০*৪০ = ৪২,৪৮০টি ও ৩০*৩০*৩০ = ৬৩,৭২০টি (১০০% ডাম্পিং) এবং কিঃমিঃ ৩১.০০০ হতে কিঃমিঃ ৩১.৭০০ = ৭০০.০০ মিটার দৈর্ঘ্যে ৪০*৪০*৪০ = ১৫,৯১০টি ও ৩০*৩০*৩০ = ২৩,৮৬৩টি সিসি ব্লক ডাম্পিং করা হয়েছে এবং কিঃমিঃ ৩০.৭০০ হতে কিঃমিঃ ৩১.৭০০ = ১০০০.০০ মিটার দৈর্ঘ্যে ৪০*৪০*২০= ৫৯,৭১৩ টি ব্লক দ্বারা প্লেসিং করা হয়েছে। বহেরাতলা ইউনিয়নে নদী তীর সংরক্ষণ কাজের ১:২ স্লোপে ব্লক প্লেসিং কাজ বাস্তবায়ন করতে গিয়ে বিদ্যমান Bank Level (GL) সাথে মিল রেখে বাস্তবায়ন করায় স্লোপের দৈর্ঘ্য বৃদ্ধি পায় যার ফলে ৪০*৪০*২০ সাইজের অতিরিক্ত ব্লকের প্রয়োজন হয়।

প্রকল্পের ৬.৩০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের জন্য চুক্তি অনুযায়ী মোট জিও ব্যাগ ৫,৫৩,০২১ টি যার মধ্যে ৫,০১,৬২৮ টি জিও ব্যাগ (Precautionary ডিজাইন সহ) প্লেসিং ও ডাম্পিং করা হয়েছে যার মধ্যে ১,১৯,৬৩৫ টি জিও ব্যাগ প্লেসিং করা

[২]

হয়েছে। প্লেসিংকৃত জিও ব্যাগ সূর্যরশ্মির সংস্পর্শে থাকার ফলে এর কার্যকারিতা হ্রাস পেয়েছে। প্রকল্পে সর্বমোট ৫১,৩৯৩ টি জিও ব্যাগ অবশিষ্ট আছে। যাহা ২০২২-২৩ অর্থ বছরে অবশিষ্ট নদীতীর সংরক্ষণ কাজ শেষ করার জন্য লাঞ্চিং এপ্রোনে ডাম্পিং ম্যাটেরিয়াল হিসাবে অপ্রতুল তার জন্য অতিরিক্ত জিও ব্যাগ ও প্লেসিং ব্লক সমন্বয় করা যেতে পারে।

প্রকল্পের বর্তমান Working Design টি ৩১-০৫-২০২০ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়। দীর্ঘ তিন বছর সময়ে নদীর মরফলজিক্যাল পরিবর্তনের কারণে নদীর বামতীর ও ডানতীর এর বিভিন্ন স্থানে নদীর তলদেশে পরিবর্তনের কারণে নদী তীর সংরক্ষণ কাজের ডিজাইন কোন কোন ক্ষেত্রে পরিবর্তন হয়েছে। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ৬.৩০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের দৈর্ঘ্যের বিভিন্ন জায়গায় পলি মাটি জমা হওয়ার কারনে অস্থায়ী চর সৃষ্টি হয়।

বিষয় বর্ণিত প্রকল্পের উদ্বোধন উপলক্ষ্যে গত ২৫-১২-২০২১ খ্রিঃ তারিখে শিবচর পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বাংলাদেশ জাতীয় সংসদ এর মাননীয় চীপ হুইপ জনাব নূর-ই-আলম চৌধুরী, এমপি, পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ ফারুক, এমপি, পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব একেএম এনামুল হক শামীম, এমপি, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তদকালীন মহাপরিচালক জনাব ফজলুর রশিদ এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব, পরিকল্পনা অনুবিভাগ, জনাব এস, এম রেজাউল মোস্তফা কামাল উপস্থিত ছিলেন। উক্ত মতবিনিময় সভায় মাননীয় চীফ হুইপ মহোদয় বর্ণিত প্রকল্পের আওতায় পদ্মা সেতুর সংযোগ সড়ক এর হাজী শরীয়তউল্লাহ ব্রীজের ভাটিতে আড়িয়াল খাঁ নদীর ডানতীরে ও উৎরাইল হাট ব্রীজের উজানে আড়িয়াল খাঁ নদীর বামতীরে অতিরিক্ত নদী তীর সংরক্ষণ কাজ ও ময়না কাটা নদীর মুখে ড্রেজিং কাজ করার জন্য নির্দেশনা প্রদান করে ছিলেন। এছাড়াও সন্ন্যাসীরচর ২.৮০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের সাথে ০.৩০০ কিঃমিঃ কাজ বর্ধিত করলে হাজী শরীয়তউল্লাহ ব্রীজের বামতীরে গাইড বাঁধের সাথে সংযোগ স্থাপনের বিষয়ে মতামত দিয়ে ছিলেন।

উল্লেখিত সমস্যা সমূহ সমাধানের নিমিত্তে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীর তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের ডিপিপি সংশোধনের জন্য অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা এর দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৬৫, তারিখ: ১৯-০৯-২০২২ খ্রিঃ তারিখ মারফতে ০৮ (আট) সদস্য বিশিষ্ট একটি কারিগরি/সমীক্ষা কমিটি গঠন করা হয়। (সংযোজনী-১)

উপরোক্ত স্মারক মোতাবেক কমিটির সদস্যগণ নিম্নরূপ:

ক্রঃ নং	কমিটির কর্মকর্তাগণের নাম ও পদবী	অবস্থান
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	জনাব মোঃ শাহিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ইএসপিপি, বাপাউবো, ওয়াপদা ভবন, ঢাকা।	সদস্য
৩।	জনাব মোঃ জিয়াউল আমিন, উপ-প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব কে, এম জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	জনাব মোহাম্মদ আলী স্কুবেল, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৬।	জনাব মোঃ মিজানুর রহমান, এসোসিয়েট স্পেশালিষ্ট, রিভার, ডেল্টা ও কোষ্টাল মরফলজি ডিভিশন সিইজিআইএস, ঢাকা।	সদস্য
৭।	জনাব মুহাম্মদ আনোয়ার সাদাত, সিনিয়র স্পেশালিষ্ট, রিভার ইঞ্জিনিয়ারিং ডিভিশন, আইডব্লিউএম, ঢাকা	সদস্য
৮।	নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুর।	সদস্য-সচিব

০২। কমিটির কার্য পরিধি:

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীর তীর সংরক্ষণ ও ড্রেজিং কাজে ডিপিপি বহির্ভূত অঙ্গসমূহ পূর্ণাঙ্গরূপে যাচাই বাছাই করে অঙ্গসমূহের ব্যয় ও পরিমান নির্ধারণ করতঃ উক্ত অঙ্গসমূহ অন্তর্ভুক্ত করে সংশোধিত ডিপিপি প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

গ) প্রকল্পের আওতায় অতিরিক্ত নদী তীর সংরক্ষণ কাজ ও ময়না কাঁটা নদীর মুখে ড্রেজিং করা এবং হাজী শরীয়তউল্লাহ ব্রীজের বামতীরে গাইড বাঁধের সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা পেশ করবেন;

ঘ) আরডিপিপিতে বনায়ন বাবদ অর্থের সংস্থান রাখা এবং কোন প্রজাতির কতগুলো গাছ রোপন করা হবে তার বিস্তারিত পরিকল্পনা সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করবেন;

ঙ) নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

০৩। কমিটির কার্যক্রম:

- মাদারীপুর জেলার নদী ভাঙ্গন বিষয়ক অন্যান্য প্রকল্প প্রতিবেদন পর্যালোচনা এবং Secondary source থেকে তথ্য/উপাত্ত সংগ্রহ;
- সরেজমিনে ভাঙ্গন কবলিত এলাকা পরিদর্শন ও পর্যবেক্ষণ;
- স্থানীয় জনসাধারণ, গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে মত বিনিময় ও তথ্য/উপাত্ত সংগ্রহ;
- প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পওর সার্কেল, বাপাউবো, ফরিদপুর এবং তদসংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দের সহিত সমস্যা এবং সম্ভাব্য সমাধানের বিষয় আলোচনা ও তথ্য সংগ্রহ;
- সীমিত আকারে আর্থ-সামাজিক ও পরিবেশ বিষয়ক পর্যালোচনা;
- কাজের সুফলের সংক্ষিপ্ত রূপরেখা তৈরী করা;
- কাজের সমর্থনে যুক্তি প্রদর্শন করা;
- মতামত ও সুপারিশ প্রণয়ন।

০৪। প্রকল্পের বিবরণ:

০৪.১। উদ্দেশ্য (Purpose/ Outcome)

- নদী তীর সংরক্ষণ কাজের মাধ্যমে নদী ভাঙ্গন রোধ এবং বন্যার হাত থেকে স্থানীয় জনগণকে রক্ষা করা;
- বিদ্যালয় এবং হাট বাজার, রাস্তা ব্রীজ, ফসলি ও বাসযোগ্য জমি, বসবাসের বাড়ি-ঘর, ধর্মীয় উপসনালয়, সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা ইত্যাদি নদী ভাঙ্গন থেকে স্থানীয় রক্ষা করা;
- প্রকল্প এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন সাধন এবং প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখা;
- নদী ড্রেজিং এর মাধ্যমে নদীর প্রবাহ স্বাভাবিক ও নৌ চলাচল বজায় রাখা;
- আনুমানিক ২০৪২৮৫.০০ লক্ষ টাকার সম্পত্তি রক্ষা করা।

০৪.২। প্রকল্পের ফলাফল (Outcome):

- নদী ভাঙ্গন হতে ৬.৩০০ কিঃমিঃ এলাকা রক্ষা পাবে;
- আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নসহ এলাকার নিরাপত্তা ও জাতীয় অর্থনৈতিক অবস্থার উন্নয়ন সাধিত হবে;
- দারিদ্র বিমোচন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে;
- পরিবেশের উপর ইতিবাচক প্রভাব পড়বে;
- নদীর তীরবর্তী স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষা পাবে;
- নদীর নাব্যতা বৃদ্ধি পেয়ে ভাঙ্গন রোধ হবে এবং নৌ-চলাচলে সহায়ক হবে।

০৪.৩। প্রকল্পের আউটপুট (Output):

- প্রকল্প এলাকাধীন শিবচর উপজেলার প্রায় ৬.৩০০ কিঃমিঃ নদী ভাঙ্গন স্থায়ীভাবে প্রতিরোধ করা সম্ভব হবে;
- প্রকল্প এলাকার যোগাযোগ ব্যবস্থা উন্নতি সাধন হবে।

০৪.৪। কার্যাবলি:

- নদীর তীর প্রতিরক্ষামূলক কাজ ৬.৩০০ কিঃমিঃ এবং নদী ড্রেজিং ১৪.৭৫ কিঃমি।

০৫। সাইট পরিদর্শন ও পর্যবেক্ষণ:

গত ১৭-১১-২০২২ খ্রিঃ তারিখ কারিগরি কমিটি প্রকল্প বাস্তবায়ন এলাকা পরিদর্শন করেন (প্রকল্প ম্যাপ সংযোজনী-২ এ সংযুক্ত)। পরিদর্শনকালীন সময় নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পওর বিভাগ, উপ-বিভাগীয় প্রকৌশলী, মাদারীপুর পওর উপ-বিভাগ১/২, বাপাউবো, মাদারীপুর শাখা কর্মকর্তাসহ বাপাউবো মাঠ পর্যায়ের অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং এলাকার বিভিন্ন শ্রেণী পেশার ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। তাঁদের সাথে প্রস্তাবিত প্রকল্প বিষয়ে বিস্তারিত আলোচনা ও মত বিনিময় করা হয়। মাঠ দপ্তরের তথ্য অনুযায়ী বিষয় বর্ণিত প্রকল্পের আওতায় জানুয়ারি/২০২৩ পর্যন্ত ২.১৫০ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ এবং ৮.৩৫ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছে। যাহার আর্থিক অগ্রগতি ২১.২০% এবং বাস্তব অগ্রগতি ৪৫.২২%। ২০২২-২৩ অর্থ-বছরে প্রকল্পটি বাস্তবায়নের জন্য মূলধন খাতে ৬৪৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। প্রকল্পটি বি-ক্যাটাগরি ভুক্ত হওয়ায় অনুমোদিত অর্থের ৭৫% খরচ করা যাবে। প্রকল্পটি ২০২২-২৩ অর্থ বছরে শেষ করার জন্য ৩২৫২৪.৭৬ লক্ষ টাকা প্রয়োজন। সুতরাং সার্বিক অবস্থা বিবেচনা করে এবং বরাদ্দ স্বল্পতার কারণে প্রকল্পটি ৩০ জুন, ২০২৩ খ্রিঃ এর মধ্যে শেষ করা যাবেনা বিধায় প্রকল্পের মেয়াদ ব্যয়বৃদ্ধি ব্যতিরিকে ১ (এক) বছর বৃদ্ধি করা প্রয়োজন।

বাংলাদেশ জাতীয় সংসদ এর মাননীয় চীপ হুইপ জনাব নূর-ই-আলম চৌধুরী, সংসদ সদস্য ২১৮, মাদারীপুর-১ মহোদয় বর্ণিত প্রকল্পের আওতায় পদ্মা সেতুর সংযোগ সড়ক এর হাজী শরীয়তউল্লাহ ব্রীজের ভাটিতে আড়িয়াল খাঁ নদীর ডানতীরে ও উৎরাইল হাট ব্রীজের উজানে আড়িয়াল খাঁ নদীর বামতীরে অতিরিক্ত নদী তীর সংরক্ষণ কাজ ও ময়নাকাটা নদীর মুখে ড্রেজিং কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। এছাড়াও সন্যাসীরচর ২.৮০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের সাথে ০.৩০০ কিঃমিঃ কাজ বর্ধিত করলে হাজী শরীয়তউল্লাহ ব্রীজের বামতীরে গাইড বাঁধের সাথে সংযোগ স্থাপন হবে। প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন, প্রকল্পের বর্তমান অবস্থা, উপকার প্রত্যাশী স্থানীয় জনসাধারন ও স্থানীয় পাউবো কর্মকর্তাদের সাথে আলোচনা, প্রাপ্ত তথ্য-উপাত্ত এবং প্রকল্পের সামাজিক, অর্থনৈতিক ও কারিগরী দিক বিবেচনায় কমিটির পর্যবেক্ষন নিম্নরূপ:

০৫.১। দত্তপাড়া: প্রস্তাবিত স্থানটি প্রকল্পের আওতায় মাদারীপুর জেলার মাদারীপুর শিবচর উপজেলাধীন দত্তপাড়া ইউনিয়নের বাচামারা এলাকায় পদ্মা সেতুর সংযোগ সড়ক এর হাজী শরীয়তউল্লাহ ব্রীজের ভাটিতে আড়িয়াল খাঁ নদীর ডানতীরে অবস্থিত। নদীতে অবিরত পলি জমা হয়ে ডানতীরে বিশাল চর জেগে উঠেছে সাথে সাথে নদীর বামতীরে ভাঙ্গন প্রবল আকার ধারন করেছে। নদীর ডানতীর হাজী শরীয়তউল্লাহ ব্রীজের এবাটমেন্ট হতে ০.১৫০ কিঃমিঃ নদীর ভিতরে। এমতাবস্থায় প্রস্তাবিত এলাকায় কারিগরী দিক বিবেচনায় আড়িয়াল খাঁ নদীর ডানতীরে নদীতীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করা যথাযথ হবে না বলে কমিটির নিকট প্রতীয়মান

হয়। কিন্তু উক্ত স্থানের বামতীরে যোগাযোগের পাকা সড়ক, রেল ব্রীজের ভবন, বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, স্থাবর-অস্থাবর সম্পত্তি, আবাদী জমিসহ বিভিন্ন গুরুত্বপূর্ন স্থাপনা রয়েছে বিধায় ০.২০০ কিঃমিঃ নদীতীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করা যেতে পারে।

০৫.২। চড়শ্যামাইল: প্রস্তাবিত স্থানটি প্রকল্পের আওতায় মাদারীপুর জেলার মাদারীপুর শিবচর উপজেলাধীন শিবচর ইউনিয়নের চড়শ্যামাইল এলাকায় উৎরাইল ব্রীজের উজানে আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত। নদীতে অবিরত পলি জমা হয়ে ডানতীরে বিশাল চর জেগে উঠেছে সাথে সাথে নদীর বামতীরে ভাঙ্গন প্রবল আকার ধারন করেছে। নদীর বামতীর ৩০০.০০ মিঃ নদীর চর যা বর্ষা মৌসুমে প্লাবিত হয়ে ডুবে যায়। এমতাবস্থায় প্রস্তাবিত এলাকায় কারিগরী দিক বিবেচনায় আড়িয়াল খাঁ নদীর বামতীরে যথাযথ Detail Study/Model করে নদীতীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করার বিষয়ে পদক্ষেপ গ্রহন করা যেতে পারে।

০৫.৩। সন্ন্যাসীরচর: প্রস্তাবিত স্থানটি প্রকল্পের আড়িয়াল খাঁ নদীর বামতীরে সন্ন্যাসীরচর ২.৮০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের সাথে ০.৩০০ কিঃমিঃ কাজ বর্ধিত করলে হাজী শরীয়তউল্লাহ ব্রীজের বামতীরে গাইড বাঁধের সাথে সংযোগ স্থাপন হবে। উক্ত স্থানের সাথে সংযোগ স্থাপন করতে হলে ব্যাক্তি মালিকানা/কৃষি জমির উপর দিয়ে যাবে। উক্ত স্থানটি প্রস্তাবিত প্রতিরক্ষা কাজের ভাটিতে বিধায় ভাঙ্গনের সম্ভাবনা ক্ষীন তাই সন্ন্যাসীরচর নদী তীর সংরক্ষণ কাজের শেষে End Termination করা যেতে পারে।

০৫.৪। ময়নাকাটা নদীর মুখে ড্রেজিং: প্রস্তাবিত স্থানটি প্রকল্পের আওতায় মাদারীপুর জেলার মাদারীপুর শিবচর উপজেলাধীন শিবচর ইউনিয়নের আড়িয়াল খাঁ নদীর বামতীরে অবস্থিত। নদীতে অবিরত পলি জমা হয়ে নদীর তলদেশ ভরাট হয়ে গিয়েছে যা বর্ষা মৌসুমে তীর প্লাবিত হয়ে ডুবে যায়। ময়নাকাটা নদীর মুখে ড্রেজিং করলে ড্রেজিংকৃত বালি/মাটি রাখার পর্যাপ্ত স্থান সংকুলন নাই। ড্রেজড ম্যাটেরিয়াল নদীর তীরের কাছাকাছি রাখলে বর্ষা মৌসুমে ধুয়ে তা নদীতে চলে আসবে। স্থানীয়দের সাথে আলোচনা করে জানা যায় যে, এই নদীতে বিভিন্ন দেশীয় প্রজাতির মাছের প্রজনন ক্ষেত্র। সতুরাং, ড্রেজিং করার পূর্বে পরিবেশগত সমীক্ষা সহ Detail Study করা প্রয়োজন। এমতাবস্থায় প্রস্তাবিত এলাকায় কারিগরী দিক বিবেচনায় ময়নাকাটা নদীর মুখে ড্রেজিং কাজের বিষয়ে Study সাপেক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা যেতে পারে।

০৬। ডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক ব্যয়:

ক্রঃনং	কাজের বিবরণ	অনুমোদিত ডিপিপি অনুযায়ী	
		পরিমাণ	বরাদ্দ (লক্ষ টাকায়)
ক) রাজস্ব			
১.	অভ্যন্তরীন ভ্রমন ব্যয়	থোক	৫.০০
২.	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	থোক	৬.০০
৩.	মুদ্রণ ও বাঁধাই	থোক	১.০০
৪.	স্ট্যাম্প ও সিল	থোক	০.৫০
৫.	অন্যান্য মনিহারি	থোক	১.৫০
৬.	প্রচার ও বিজ্ঞাপন ব্যয় (প্রকল্পের ভিডিও/ফটো সংরক্ষণ ইত্যাদি)	থোক	১.০০
৭.	শ্রমিক মজুরী (সরকারি কর্মচারী ব্যতীত)/অনিয়মিত শ্রমিক	থোক	৫.০০
৮.	সম্মানী ভাতা (মধ্যবর্তী মূল্যায়ন ও প্রগ্রেস মনিটরিং এক্টিভিটিস)	থোক	৮.০০
৯.	সম্মানী ভাতা (বিভিন্ন কমিটির জন্য)	থোক	৫.০০
১০.	সার্ভে (জরিপ ও অনুসন্ধান)	থোক	৫.০০
১১.	বৈদেশিক প্রশিক্ষণ (অভিজ্ঞতা বিনিময়)	থোক	১০০.০০
১২.	অনাবাসিক ভবন (অফিস ভবন মেরামত)	থোক	২০.০০
১৩.	মোটরযান (বিদ্যমান যানবাহন)	থোক	৫.০০
	(ক) উপমোট (রাজস্ব)		১৬৩.০০

ক্রঃনং	কাজের বিবরণ	অনুমোদিত ডিপিপি অনুযায়ী	
		পরিমাণ	বরাদ্দ (লক্ষ টাকায়)
খ) মূলধন			
১৪.	মোটরযান (প্রগতির তৈরী ডাবল কেবিন পিকআপ)	১ টি	৫৬.০০
১৫.	মোটরযান (মোটরসাইকেল ক্রয় অনুর্ধ্ব ১২৫ সিসি)	২ টি	৩.৭৪
১৬.	প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি (লেভেলিং ইন্সট্রুমেন্ট ২টি, সিভ ও ওয়েট মেশিন ২সেট)	২ সেট	৩.০০
১৭.	প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি (ইকোসাউন্ডার ও জিপিএস ১ সেট)	১ সেট	৭.০০
১৮.	কম্পিউটার ও আনুসঙ্গিক (ইউপিএস, প্রিন্টার-সহ) ডেস্কটপ ১টি	১ সেট	১.০০
১৯.	অফিস সরঞ্জামাদি (ফটোকপিয়ার মেশিন)	১ টি	১.৫০
২০.	বৈদ্যুতিক সরঞ্জামাদি (আইপিএস)	১ টি	১.০০
২১.	বৃক্ষ, শস্য ও উদ্ভিজ্জসম্পদ উৎপাদনকারী আবর্তক পণ্য (বনায়ন)	থোক	১০.০০
২২.	নদীতীর সংরক্ষণমূলক কাজ (৬.৩০০ কিঃমিঃ)	৬.৩০০ কিঃমিঃ	১৯২৪৬.২৯
২৩.	খনন (নদী ড্রেজিং - ১৫.৫০০ কিঃমিঃ)	১১০.৯৯৮ লক্ষ ঘঃমিঃ	১৯৮৪৩.৯২
	(খ) উপমোট (মূলধন)		৩৯১৭৩.৪৫
	মোট ব্যয়		৩৯৩৩৬.৪৫
	(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি		৬১.০০
	(ঘ) প্রাইস কনটিনজেন্সি		৫০.০০
	সর্বমোট (ক+খ+গ+ঘ)		৩৯৪৪৭.৪৫

০৭। প্যাকেজ সমূহের বিবরণ:

মোট প্যাকেজ সংখ্যা (ভৌত)	আহবানকৃত	কার্যাদেশকৃত	ডিপিপি মূল্য (লক্ষ টাকা)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	মন্তব্য
১ টি	১ টি	১ টি	৩৯৪৪৭.৪৫	৩৭০৯৯.৪৮	৩৬৭২৮.৪৯	

০৮। অনুমোদিত প্রাক্কলন/চুক্তি অনুযায়ী ব্লক ও জিও ব্যাগের সংখ্যা:

সাইজ/বিবরন	ব্লক ও জিও ব্যাগের সংখ্যাঃ			
	সন্ন্যাসীরচর (২.৮০ কিঃমিঃ)	বহেরাতলা (১.০০ কিঃমিঃ)	শিরুয়াইল ও নিলখী (২.৫০ কিঃমিঃ)	মোট
ব্লক (৪০X৪০X২০)	১,৭৫,০৩৭	৫৫,৭৪৪	১,৪১,৬৭১	৩,৭২,৪৫২ টি
ব্লক (৪০X৪০X৪০)	২,৯১,২৩২	১,৩৭,৮১৩	২,৬১,৩২৮	৬,৯০,৩৭৩ টি
ব্লক (৩০X৩০X৩০)	৪,৫৭,৬৩০	২,১৭,৭৭৮	৪,১২,৯৬৩	১০,৮৮,৩৭১ টি
সর্বমোট ব্লক =	**৯,২৩,৮৯৯**	**৪,১১,৩৩৫**	**৮,১৫,৯৬২**	**২১,৫১,১৯৬ টি**
জিও ব্যাগ ২০০ কেজি	২,৩৩,৬২৮	১,১০,২৭৮	২,০৯,১১৫	৫,৫৩,০২১ টি
ড্রেজিংকৃত মাটি/বালি				১,০২,৫৪,৪১২ ঘঃমিঃ

০৯| সংশোধীত ডিজাইন অনুযায়ী ব্লক ও জিও ব্যাগের সংখ্যা:

সংশোধিত নদীতীর সংরক্ষণ কাজের ডিজাইন নং ডিসি-৫-৫৫৭৩, ৫৫৭১ ও ৫৫৭২, তারিখ: ০৯-০২-২০২৩খ্রিঃ এর আলোকে

সাইজ/বিবরন	ব্লক ও জিও ব্যাগের সংখ্যাঃ			
	সন্ন্যাসীরচর (২.৮০ কিঃমিঃ)	বহেরাতলা (১.০০ কিঃমিঃ)	শিরুয়াইল ও নিলখী (২.৫০ কিঃমিঃ)	মোট
ব্লক (৪০X৪০X২০)	১,৮২,৮৮২	৬০,১৮১	১,৪৩,৪৯৮	৩,৮৬,৫৬১ টি
ব্লক (৪০X৪০X৪০)	২,৮৫,৩২৯	১,৩১,৬৮৬	২,৭৭,০০৭	৬,৯৪,০২২ টি
ব্লক (৩০X৩০X৩০)	৪,৪৮,১৯৩	২,০৮,০০১	৪,৩৭,৪১৮	১০,৯৩,৬১২ টি
সর্বমোট ব্লক =	৯,১৬,৪০৪	৩,৯৯,৮৬৮	৮,৫৭,৯২৩	২১,৭৪,১৯৫ টি
জিও ব্যাগ ২০০ কেজি	৩,৭৯,৪৪৮	১,৪০,১৩১	৫,৯৪,২৭৭	১১,১৩,৮৫৬ টি
ড্রেজিংকৃত মাটি/বালি				৯৯,৭৭,৮১১.৫০ ঘঃমিঃ

১০। প্রকল্পের অগ্রগতি: (জানুয়ারি/২০২৩ খ্রিঃপর্যন্ত)

ক্রঃনং	কাজের নাম	বাস্তবায়িত কাজের পরিমান	ভৌত অগ্রগতি	আর্থিক অগ্রগতি
১।	নদীর তীর সংরক্ষণ (৬.৩০০ কিঃমিঃ)	২.১৫০ কিঃমিঃ	৪৪.৪৫%	২৪.৯১%
২।	নদী ড্রেজিং (১৪.৭৫০ কিঃমিঃ)	৮.৩৫০ কিঃমিঃ	৪৫.৯৭%	১৭.৫৬%
	সামগ্রিক অগ্রগতি =		৪৫.২২%	২১.২০%

১২। প্রকল্পের প্রস্তাবিত কাজের অভ্যাভিত্তিক যাচাই বাছাই:

১২.১। নদীতীর প্রতিরক্ষামুলক কাজ:

প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন এবং Geo-Morphological Study হতে দেখা যায় নদীভাঙ্গন রোধে নদীতীর সংরক্ষন ৬.৩০০ কিঃমিঃ দৈর্ঘ্যে নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করা প্রয়োজন। এসব এলাকায় কয়েক বছর ধরে ভাংগন অব্যাহত রয়েছে এবং বর্ষা মৌসুমে এসব এলাকায় ভাঙ্গন আরো তীব্রতর হয় বলে সাইট পরিদর্শনে যার সুস্পষ্ট প্রমান পাওয়া যায়।

১২.২। ড্রেজিং কাজ:

প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পের মূল ডিপিপিতে ড্রেজিং কাজের দৈর্ঘ্য ১৫.৫০০ কিঃমিঃ থাকলেও প্রকল্পের উজানে ফরিদপুর পওর বিভাগ কর্তৃক ০.৬০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ বাস্তবায়ন করা হয়েছে এবং উৎরাইল ইনটেক চ্যানেলের ভাটিতে ০.১৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে নদীর তলদেশ ডিজাইন লেভেলে আছে বিধায় উক্ত ০.৭৫০ মিঃ দৈর্ঘ্য প্রাক্কলন হতে বাদ দিয়ে ড্রেজিং কাজের দৈর্ঘ্য ১৪.৭৫০ কিঃমিঃ নির্ধারন করা হয়েছে। বর্তমানে আড়িয়াল খাঁ নদীর ড্রেজিং কাজের কিঃমিঃ ২৬.৫৫০ এ এলজিইডি কর্তৃক নির্মাণাধীন উৎরাইল ব্রীজের উজানে ০.৭০০ কিঃমিঃ ও ভাটিতে ০.৫০০ কিঃমিঃ পর্যন্ত মোট ১.২০০ কিঃমিঃ অংশে ব্রীজের কাজ চলমান থাকায় এলজিইডির নির্বাহী প্রকৌশলী পত্র মারফত উক্ত ১.২০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ না করার জন্য নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুরকে অনুরোধ করেন (সংযোজনী-৩)। নির্মানাধীন উৎরাইল ব্রীজের স্থায়ীত্বের কথা বিবেচনায় উজানে ০.৫০০ কিঃমিঃ ও ভাটিতে ০.৫০০ কিঃমিঃ পর্যন্ত মোট ১.০০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ বাদ দেওয়া যেতে পারে। বর্তমানে ড্রেজিং কাজের মূল দৈর্ঘ্য হয় (১৪.৭৫০ – ১.০০) = ১৩.৭৫০ কিঃমিঃ। উক্ত ১৩.৭৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ বাস্তবায়ন করলে প্রকল্পের মূল উদ্দেশ্য ব্যাহত হবে না।

১৩। প্রস্তাবিত কাজের ডিজাইন:

ডিজাইন সার্কেল-৫, বাপাউবো, ঢাকা কর্তৃক প্রনয়নকৃত উক্ত প্রকল্পের নকশা অনুযায়ী প্রতিরক্ষা কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযোজনী-৪)। নদীতীর সংরক্ষণ কাজের ডিজাইন নং ডিসি-৫-৫০৭৯, তারিখ: ৩১-০৫-২০২০খ্রিঃ, ডিসি-৫-৫১২৯, তারিখ: ০৬-০৭-২০২০খ্রিঃ ও ডিসি-৫-৫১২৩, তারিখ: ২৮-০৬-২০২০খ্রিঃ, ড্রেজিং কাজের ডিজাইন নং ডিসি-৫-৫২০৫, তারিখ: ২৭-১০-২০২০খ্রিঃ Precautionary কাজের ডিজাইন নং ডিসি-৫-৫৩৬০, তারিখ: ২৭-০৬-২০২১ খ্রিঃ, সংশোধিত নদীতীর সংরক্ষণ কাজের ডিজাইন নং ডিসি-৫-৫৫৭৩, ৫৫৭১ ও ৫৫৭২, তারিখ: ০৯-০২-২০২৩খ্রিঃ।

সংশোধীত প্রাক্কলিত ব্যয় নিম্নরূপ:

১. নদীতীর সংরক্ষণ কাজ (৬.৩০০ কিঃমিঃ)	= ২১১১৪.৭৮ লক্ষ টাকা
২. ড্রেজিং কাজ (১৩.৭৫০ কিঃমিঃ)	= ১৭৯৫২.৭৬ লক্ষ টাকা
৩. অবশিষ্ট রাজস্ব ও মূলধন	= ৩৫৭.২৪ লক্ষ টাকা
৪. সর্বমোট প্রকল্প ব্যয়	= ৩৯৪০৬.৩৭ লক্ষ টাকা

১৪। বনায়ন:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী নদী তীরবর্তী বাঁধ সংলগ্ন বা নিকটবর্তী এলাকায় বৃক্ষরোপণ তথা বনায়নের বিধান রয়েছে। তাছাড়া, বনায়ন পরিবেশ নির্মল রাখে, প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি হ্রাস করে, ভূমিক্ষয় রোধ করে এবং বিভিন্ন জীবজন্তু ও পশুপাখির আবাসস্থান হিসেবে কাজ করে জীববৈচিত্র্যের ভারসাম্য রক্ষা করে। তাই উক্ত প্রকল্পের আওতায় ডিপিপি-তে বনায়ন খাতে ১০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। প্রকল্প এলাকা ভাঙ্গনপ্রবণ হওয়ায় এখানে গভীর শিকড়যুক্ত গাছ, যেমন- শিশু, কড়ই, শিমুল, কদম, নিম প্রভৃতি রোপন করা যেতে পারে। এছাড়া বিভিন্ন ধরণের ফলজ বৃক্ষ, যেমন- খেজুর, তাল, নারিকেল, তেঁতুল রোপন করা যেতে পারে। তবে এ সকল বৃক্ষ রোপণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রণীত বনায়নের নীতিমালা অনুসরণ করতে হবে এবং স্থানীয় বন বিভাগ ও প্রকল্পের সুবিধাভোগী জনগণের সাথে আলোচনা করতে হবে। তাছাড়া, এ সকল বৃক্ষসমূহ রক্ষণাবেক্ষণের জন্য স্থানীয় জনসাধারণ নিয়ে একটি কমিটি করা যেতে পারে বলে কমিটির সদস্যরা মতামত ব্যক্ত করেন।

১৫। কমিটির কাজের সীমাবদ্ধতা:

সময়ের সীমাবদ্ধতা বিবেচনা করে কমিটির পক্ষে বিস্তারিত সম্ভাব্যতা সমীক্ষা করার কোন সুযোগ নেই। কমিটি কর্তৃক ভাংগন কবলিত এলাকা পরিদর্শন ও পর্যবেক্ষণ এবং Secondary source থেকে তথ্য/উপাত্ত সংগ্রহ, বাপাউবো, মাদারীপুর এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথে আলোচনা, কারিগরী দিক ও স্থানীয় জনগণের অনুভূতিকে বিবেচনায় নেওয়া হয়েছে।

১৬। কমিটির মতামত ও সুপারিশ:

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ সচিব, বাজেট-১৯ অধিশাখা)।
২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রিন রোড, ঢাকা-১২১৫ (দৃ: আ: পরিচালক, অর্থ পরিদপ্তর)।
৩। উপসচিব (পরিকল্পনা-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী, 'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' শীর্ষক প্রকল্প, মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুর।
৬। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পত্র সংখ্যা: ৪২.০০.০০০০.০৪২.১৪.০৩৮.২০-১৫৮

তারিখ: ০২ পৌষ ১৪৩১ / ১৭ ডিসেম্বর ২০২৪

প্রেরকঃ খান মো: হাসানুজ্জামান
সিনিয়র সহকারী সচিব।

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
পানি সম্পদ মন্ত্রণালয়,
২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বৎসরের এডিপিভুক্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন 'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থ অবমুক্তি।

এই মন্ত্রণালয় কর্তৃক ০২-০৯-২০২৪ তারিখে জারিকৃত স্মারক- ৪২.০০.০০০০.০৪২.১৪.০৩৮.২০-১১৪ নম্বর সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ি আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

(অঙ্কসমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
২	৪	৩	৪	৬	৭	৮
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কোড নং-১৪৭০১)	'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' (প্রকল্প কোড নং-২২৪৩১৩০০০)'	অনুমোদিত	২য় কিস্তি	০.০০	১৬৭৩.৭৫	১৬৭৩.৭৫ লক্ষ (ষোল কোটি তিয়াত্তর লক্ষ পঁচাত্তর হাজার) টাকা

তবে শর্ত থাকে যে,

ক. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA, ২০০৬ এবং PPR, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
খ. অনুমোদিত ডিপিপি'র অঙ্গ ভিত্তিক বরাদ্দ অনুযায়ী এ অর্থ ব্যয় করতে হবে;
গ. ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন, ২০২৫ এর মধ্যে সমর্পণ করতে হবে;
ঘ. এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০২৪-২০২৫) উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৪৪, পানি সম্পদ মন্ত্রণালয় (কোড নং ১৪৭০১) 'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' (প্রকল্প কোড নং-২২৪৩১৩০০০)' প্রকল্প হতে বহন করা হবে;

১. উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত);
২. এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না;
৩. এই অর্থ বিষয়োল্লিখিত প্রকল্পের পারসোনাল লেজার (পি, এল) হিসাব নং- ২২৪৩১৩০০০০০০০০০ এর অনুকূলে চেক প্রদান করতে হবে;
৪. প্রকল্প পরিচালক iBAS++ সিস্টেমের মাধ্যমে বিল দাখিল করে এই অর্থ উত্তোলন করতে পারবেন।
৫. গত ০৪-০৭-২০২৪ তারিখে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ২০২৪-২৫ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ব্যয় সাশ্রয়/হ্রাসকরণ সংক্রান্ত পরিপত্রসমূহ অনুসরণ করতে হবে।

১৭/১২/২৪
(খান মো: হাসানুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০১০৪

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ সচিব, বাজেট শাখা-১৯ অধিশাখা)।
২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।
৪। উপসচিব (উন্নয়ন-২ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্প, মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর।
৬। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর।
৯। অতি: সচিব (পরিকল্পনা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পত্র সংখ্যা: ৪২.০০.০০০০.০৪২.১৪.০৩৮.২০-৩৬

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ / ১৩ এপ্রিল ২০২৫

প্রেরকঃ আশেকুল হক
সিনিয়র সহকারী সচিব।

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
পানি সম্পদ মন্ত্রণালয়,
২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বৎসরের আরএডিপিভুক্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন 'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থ অবমুক্তি।

এই মন্ত্রণালয় কর্তৃক ০৯-০৪-২০২৫ তারিখে জারিকৃত স্মারক- ৪২.০০.০০০০.০৪২.১৪.০৩৮.২০-৩৪ নম্বর সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ি আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

(অঙ্কসমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কোড নং-১৪৭০১)	'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' (প্রকল্প কোড নং-২২৪৩১৩০০০)"	অনুমোদিত	৩য় কিস্তি	১.০০	১৬৫৯.৫০	১৬৬০.৫০ লক্ষ (ষোল কোটি ষাট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা

তবে শর্ত থাকে যে,

ক. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA, ২০০৬ এবং PPR, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
খ. অনুমোদিত ডিপিপি'র অঙ্গ ভিত্তিক বরাদ্দ অনুযায়ী এ অর্থ ব্যয় করতে হবে;
গ. ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন, ২০২৫ এর মধ্যে সমর্পণ করতে হবে;
ঘ. এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০২৪-২০২৫) উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৪৪, পানি সম্পদ মন্ত্রণালয় (কোড নং ১৪৭০১) 'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' (প্রকল্প কোড নং-২২৪৩১৩০০০)" প্রকল্প হতে বহন করা হবে;

১. উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত);
২. এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না;
৩. এই অর্থ বিষয়োল্লিখিত প্রকল্পের পারসোনাল লেজার (পি, এল) হিসাব নং- ২২৪৩১৩০০০ এর অনুকূলে চেক প্রদান করতে হবে;
৪. এই আদেশ অর্থ বিভাগের ১৩-০৪-২০২৫ তারিখের ০৭.০০.০০০০.০০০.১১৯.১৪.০০৬৭.২১.১২৪ নং স্মারকের অধীনে অত্র মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সে অনুসারে জারি করা হল;
৫. প্রকল্প পরিচালক iBAS++ সিস্টেমের মাধ্যমে বিল দাখিল করে এই অর্থ উত্তোলন করতে পারবেন।
৬. গত ০৪-০৭-২০২৪ তারিখে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ২০২৪-২৫ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ব্যয় সাশ্রয়/হ্রাসকরণ সংক্রান্ত পরিপত্রসমূহ অনুসরণ করতে হবে।

(আশেকুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০১০৪

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট শাখা-১৯ অধিশাখা)।
২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।
৪। উপসচিব (উন্নয়ন-২ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্প, মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর।
৬। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর।
৯। অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পত্র সংখ্যা: ৪২.০০.০০০০.০৪২.১৪.০৩৮.২০-৬৪

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৬ মে ২০২৫

প্রেরকঃ খান মো: হাসানুজ্জামান
সিনিয়র সহকারী সচিব।

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
পানি সম্পদ মন্ত্রণালয়,
২য় ১২ তলা সররকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বৎসরের আরএডিপিভুক্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন 'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থ অবমুক্তি।

এই মন্ত্রণালয় কর্তৃক ০৯-০৪-২০২৫ তারিখে জারিকৃত স্মারক- ৪২.০০.০০০০.০৪২.১৪.০৩৮.২০-৩৪ নম্বর সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ি আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। (অঙ্কসমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৬	৭	৮
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কোড নং-১৪৭০১)	'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' (প্রকল্প কোড নং-২২৪৩১৩০০০)'	অনুমোদিত	৪র্থ কিস্তি	৬.০০	১৬৬৯.০০	১৬৭৫.০০ লক্ষ (ষোল কোটি পঁচাত্তর লক্ষ) টাকা

তবে শর্ত থাকে যে,

ক. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA, ২০০৬ এবং PPR, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
খ. অনুমোদিত ডিপিপি'র অঙ্গ ভিত্তিক বরাদ্দ অনুযায়ী এ অর্থ ব্যয় করতে হবে;
গ. ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন, ২০২৫ এর মধ্যে সমর্পণ করতে হবে;
ঘ. এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০২৪-২০২৫) উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৪৪, পানি সম্পদ মন্ত্রণালয় (কোড নং ১৪৭০১) 'মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং' (প্রকল্প কোড নং-২২৪৩১৩০০০)' প্রকল্প হতে বহন করা হবে;

১. উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত);
২. এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না;
৩. এই অর্থ বিষয়োল্লিখিত প্রকল্পের পারসোনাল লেজার (পি, এল) হিসাব নং- ২২৪৩১৩০০০ এর অনুকূলে চেক প্রদান করতে হবে;
৪. এই আদেশ অর্থ বিভাগের ২৫-০১-২০২৫ তারিখের ০৭.০০.০০০০.০০০.১১৯.১৪.০০৬৭.২১.২২২ নং স্মারকের অধীনে অত্র মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সে অনুসারে জারি করা হল;
৫. প্রকল্প পরিচালক iBAS++ সিস্টেমের মাধ্যমে বিল দাখিল করে এই অর্থ উত্তোলন করতে পারবেন।
৬. গত ০৪-০৭-২০২৪ তারিখে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ২০২৪-২৫ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ব্যয় সাশ্রয়/হ্রাসকরণ সংক্রান্ত পরিপত্রসমূহ অনুসরণ করতে হবে।

২৬/৫/২৫
(খান মো: হাসানুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০১০৪

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট শাখা-১১ অধিশাখা)।
২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।
৪। উপসচিব (উন্নয়ন-২ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্প, মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর।
৬। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর।
৯। অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৬১২.০২(১২).০০৪.২০

১২ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ/ ২৮ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ তারিখ বুধবার বেলা ১২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভার (২০২০ সালের ১২তম সভা) কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুমোদনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর জন্য প্রেরিত সারসংক্ষেপের উদ্ধৃতাংশ :

** ** **

২। সভায় উপস্থাপিত বিষয়ের উপর অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের উদ্ধৃতাংশ নিম্নরূপ :

** ** **

"আলোচ্য বিষয় ০১ : "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের (নদীতীর সংরক্ষণ কাজ ৬.৩০০ কিলোমিটার এবং খনন/নদী ড্রেজিং ১৫.৫০০ কিলোমিটার) কাজসমূহ রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে পিপিএ, ২০০৬ এর ধারা ৬৮(১) ও পিপিআর, ২০০৮ এর বিধি ৭৬(২) অনুসারে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণপূর্বক বাস্তবায়নের নীতিগত অনুমোদন প্রস্তাব।

সিদ্ধান্ত :

সভার আলোচনা ও পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের অধীন (নদীতীর সংরক্ষণ ৬.৩০০ কিলোমিটার এবং খনন/নদী ড্রেজিং ১৫.৫ কিলোমিটার) কাজসমূহ সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রস্তাবটি নীতিগত অনুমোদনের সুপারিশ না করে এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাধ্যমে সশস্ত্র বাহিনী বিভাগ (AFD)-এর মতামত গ্রহণপূর্বক প্রস্তাবিত কাজ বাস্তবায়নে প্রকল্পের ব্যয় যেন বৃদ্ধি না পায় ইত্যাদি বিষয় যাচাই-বাছাই করে প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ পরবর্তীতে এ কমিটিতে উপস্থাপন করা যেতে পারে মর্মে সর্বসম্মতভাবে সুপারিশ করা হলো।"

** ** **

৩। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১২ আগস্ট ২০২০ তারিখে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহীত পূর্বোক্ত সিদ্ধান্ত মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ বিবেচনা ও সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

স্বাক্ষরিত/-
তারিখ : ১৬/৮/২০২০
(মোসাম্মৎ নাসিমা বেগম)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক অধিশাখা)

স্বাক্ষরিত/-
তারিখ : ১৬/৮/২০২০
(খন্দকার আনোয়ারুল ইসলাম)
মন্ত্রিপরিষদ সচিব

স্বাক্ষরিত/-
তারিখ : ২০/৮/২০
(শেখ হাসিনা)
মাননীয় প্রধানমন্ত্রী

নম্বর-০৪.০০.০০০০.৬১২.০২(১২).০০৪.২০.১৬৮

০৮ ভাদ্র ১৪২৭
তারিখ :----------।
২৩ আগস্ট ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

১। জনাব জাহিদ ফারুক
প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়।

২। জনাব কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।

(পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৪২.০০.০০০০.০৩৫.১৪.০০১.২০-১৭২, তারিখ : ২৯/০৭/২০২০ খ্রিস্টাব্দ-এর বরাতে)।

(ক) কার্য বিধিমালা ১৯৯৬ এর ২৩(৪) নম্বর বিধি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(খ) উক্ত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের শেষ কর্মদিবসে একবার মন্ত্রিপরিষদ বিভাগকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : আলোচ্য বিষয় ০১ এর সভার আলোচনা ০১(এক) পাতা।

২৩/০৮/২০২০
(খন্দকার ইসতিয়াক আহমেদ)
উপসচিব (ক্রেঃ ও অঃ)
ফোন : ৯৫৭৪৫৩৮



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৬১২.০২(০৪).০০৪.২১

০৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ/ ২০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ তারিখ বুধবার অপরাহ্ন ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভার (২০২১ সালের ৪র্থ সভা) কার্যবিবরণীর সিদ্ধান্ত

অনুমোদনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর জন্য প্রেরিত সারসংক্ষেপের উদ্ধৃতাংশ :

** ** **

২। সভায় উপস্থাপিত বিষয়ের উপর অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের উদ্ধৃতাংশ নিম্নরূপ :

** ** **

"আলোচ্য বিষয় ১ : "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের (নদীতীর সংরক্ষণ কাজ ৬.৩০০ কিলোমিটার এবং খনন/নদী ড্রেজিং ১৫.৫০০ কিলোমিটার) কাজসমূহ রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে পিপিএ, ২০০৬ এর ধারা ৬৮(১) ও পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(২) অনুসারে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাস্তবায়নের নীতিগত অনুমোদন প্রস্তাব।

সিদ্ধান্ত:

পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের অধীন (নদীতীর সংরক্ষণ ৬.৩০০ কিলোমিটার এবং খনন/নদী ড্রেজিং ১৫.৫ কিলোমিটার) কাজসমূহ জনস্বার্থে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপূর্বক বাস্তবায়নের লক্ষ্যে পিপিআর, ২০০৮-এর বিধি ৭৬(২)-এ উল্লেখিত মূল্যসীমার উর্ধ্বের ক্রয়ের প্রস্তাব নীতিগতভাবে অনুমোদন করা যেতে পারে মর্মে সর্বসম্মতভাবে সুপারিশ করা হলো।

** ** **

৩। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহীত পূর্বোক্ত সিদ্ধান্ত মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ বিবেচনা ও সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

স্বাক্ষরিত/-
তারিখ : ০৭/০২/২০২১
(মোস্তফা কামাল)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

স্বাক্ষরিত/-
তারিখ : ০৭/০২/২০২১
(খন্দকার আনোয়ারুল ইসলাম)
মন্ত্রিপরিষদ সচিব



স্বাক্ষরিত/-
তারিখ : ১১/২/২১
(শেখ হাসিনা)
মাননীয় প্রধানমন্ত্রী"



নম্বর-০৪.০০.০০০০.৬১২.০২(০৪).০০৪.২১.৬৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো :

১। জনাব জাহিদ ফারুক
প্রতিমন্ত্রী, পানিসম্পদ মন্ত্রণালয়।

২। জনাব কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়।

(পানিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৪২.০০.০০০০.০৩৫.১৪.০০১.২০-৩২, তারিখ : ৩১/০১/২০২১ খ্রিঃ-এর বরাতে)।

(ক) কার্য বিধিমালা ১৯৯৬ এর ২৩(৪) নম্বর বিধি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(খ) উক্ত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের শেষ কর্মদিবসে একবার মন্ত্রিপরিষদ বিভাগকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

(খন্দকার ইসতিয়াক আহমেদ)
উপসচিব (ক্রঃ ও অঃ)
ফোন : ৯৫৭৪৫৩৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৬১২.০৭(১৯).০০৪.২১

২৭ মে ২০২১ খ্রিস্টাব্দ/ ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ তারিখ বৃহস্পতিবার অপরাহ্ণ ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভায় (২০২১ সালের ১১তম সভা) কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুমোদনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর জন্য প্রেরিত সারসংক্ষেপের উদ্ধৃতাংশ:

** ** **

২। সভায় উপস্থাপিত বিষয়ের উপর সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের উদ্ধৃতাংশ নিম্নরূপ:

** ** **

"আলোচ্য বিষয় ৯: "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ডেজিং" শীর্ষক প্রকল্পটি সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাংলাদেশ নৌবাহিনীর প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" এর মাধ্যমে বাস্তবায়নের ক্রয়প্রস্তাব।

সিদ্ধান্ত:

পানিসম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ডেজিং" শীর্ষক প্রকল্পের অধীন মাদারীপুর জেলার শিবচর উপজেলার আড়িয়াল খাঁ নদীর বাম তীরে সন্যাসীচর, বহেরাতলা, শিরুয়াইল ও নিলগাঁ ইউনিয়নে ৬,৩০০ কিলোমিটার নদীতীর সংরক্ষণ কাজ এবং আড়িয়াল খাঁ নদীর ১৪.৭৫০ কিলোমিটার ডেজিং কাজ (Package: Arial Khan/Madaripur/DPM-45)-এর জন্য খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি), খুলনা-এর অনুকূলে ভ্যাট এবং আইটসহ সর্বমোট ৩৬৭,২৮,৪৮,৯৫০.৮০ (তিনশত সাতষট্টি কোটি আটাশ লক্ষ আটচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ দশমিক আট আট) টাকার ক্রয়প্রস্তাব অনুমোদন করা যেতে পারে মর্মে সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হলো।

** ** **

৩। অতঃপর, ২৭ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় কমিটি কর্তৃক গৃহীত পূর্বোক্ত সিদ্ধান্ত মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ বিবেচনা ও সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

স্বাক্ষরিত/-
তারিখ : ৩১.০৫.২০২১
(ড. শাহিদা আকতার)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

স্বাক্ষরিত/-
তারিখ : ৩১/৫/২০২১
(খন্দকার আনোয়ারুল ইসলাম)
মন্ত্রিপরিষদ সচিব

স্বাক্ষরিত/-
তারিখ : ৩/৬/২১
(শেখ হাসিনা)
মাননীয় প্রধানমন্ত্রী"

২৫ জ্যৈষ্ঠ ১৪২৮
নম্বর-০৪.০০.০০০০.৬১২.০৭(১৯).০০৪.২১.১৩১ তারিখ: ----------
০৮ জুন ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

১। জনাব জাহিদ ফারুক
প্রতিমন্ত্রী, পানিসম্পদ মন্ত্রণালয়।

২। জনাব কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়।

পানিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৪২.০০.০০০০.০৩৫.১৪.০০১.২০.১১৯, তারিখ: ১৮/০৫/২০২১ খ্রিস্টাব্দ -এর বরাতে।

(ক) কার্য বিধিমালা ১৯৯৬ এর ২৩(৪) নম্বর বিধি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(খ) উক্ত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের শেষ কর্মদিবসে একবার মন্ত্রিপরিষদ বিভাগকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

২৭/০৫/২১

(খন্দকার ইশতিয়াক আহমেদ)
উপসচিব (জ. ও ম.)
ফোন: ৯৫১৫১৩৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.১৪.০০১.২০-১৪০

তারিখ: ৩ আষাঢ় ১৪২৮ / ১৭ জুন ২০২১

বিষয়: "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাংলাদেশ নৌবাহিনীর প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" এর মাধ্যমে বাস্তবায়নের ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (CCGP) কর্তৃক অনুমোদন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৬১২.০৭(১৯).০০৪.২১.১৩১, তারিখ: ০৮-০৬-২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭ মে ২০২১ খ্রিস্টাব্দ/১৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটির সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাংলাদেশ নৌবাহিনীর প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" এর মাধ্যমে বাস্তবায়নের ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপন করা হলো নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়:

সিদ্ধান্ত:

পানিসম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের অধীন মাদারীপুর জেলার শিবচর উপজেলার আড়িয়াল খাঁ নদীর বাম তীরে সন্ন্যাসীচর, বহেরাতলা, শিরুয়াইল ও নিলক্ষী ইউনিয়নে ৬.৩০০ কিলোমিটার নদীতীর সংরক্ষণ কাজ এবং আড়িয়াল খাঁ নদীর ১৪.৭৫০ কিলোমিটার ড্রেজিং কাজ (Package: Arial Khan/Madaripur/DPM-48)-এর জন্য খুলনা শিপইয়ার্ড ডিমিটেড (খুশিলি), খুলনা-এর অনুকূলে ভ্যাট এবং আইটিসহ সর্বমোট ৩৬৭,২৮,৪৮,৯৫০.৮৮ (তিনশত সাতষট্টি কোটি আটাশ লক্ষ আটচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ দশমিক আট-আট) টাকার ক্রয়প্রস্তাব অনুমোদন করা যেতে পারে মর্মে সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হলো।

০২। বর্ণিতাবস্থায়, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-৬-২০২১
মোঃ মাহমুদ হাসান
উপসচিব
ফোন: ৯৫৪০৭২২

মহাপরিচালক

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফ্যাক্স: ৯৫৪০৪০০
ইমেইল: mowrdev2@gmail.com

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.১৪.০০১.২০-১৪০/১(৪)

তারিখ: ৩ আষাঢ় ১৪২৮
১৭ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩) যুগ্ম-সচিব (উন্নয়ন-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৪) অফিস কপি।

১৭-৬-২০২১
মোঃ মাহমুদ হাসান
উপসচিব

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর (পশ্চিম রিজিয়ন)
পানি ভবন ব্লক-বি, লেভেল-৫, গ্রীণ রোড, ঢাকা।
ফোন্ড ০২২২২২৩০০৬০
ই-মেইল : adg.wr.bwdb@gmail.com
Web: www.bwdb.gov.bd

Office of the Addl. Director General (West Region)
Pani Bhaban, Block-B, (Lvevel-5) Greenroad, Dhaka-1205
Phone: 02222230060
E-mail: adg.wr.bwdb@gmail.com
Web: www.bwdb.gov.bd

স্মারক নং-৩১-অমপ(পঃ রিঃ)বাপাউবো

তারিখঃ ১৩-০৮-২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ "মাদারীপুর জেলার শিবচর উপজেলার আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পভূক্ত বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" কর্তৃক সরাসরি ক্রয় পদ্ধতিতে বাস্তবায়নাধীন প্যাকেজ নং- Arial Khan/Madaripur/DPM-48 এর Contract Variation Proposal (Appendix-1A) অনুমোদন প্রসঙ্গে।

মহোদয়

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "মাদারীপুর জেলার শিবচর উপজেলার আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পভূক্ত বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গপ্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" কর্তৃক সরাসরি ক্রয় পদ্ধতিতে বাস্তবায়নাধীন প্যাকেজ নং- Arial Khan/Madaripur/DPM-48 এর Contract Variation Proposal (Appendix-1A) প্রস্তুত করা হয়েছে। প্যাকেজটির মূল চুক্তিমূল্য ৩৬৭২৮.৪৯ লক্ষ টাকা এবং মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ সিসিজিপি। ভেরিয়েশনের ফলে দরপত্রভূক্ত দফার মূল্য বৃদ্ধি পেয়েছে ১০৬৩.৪০ লক্ষ টাকা এবং উদ্ভূত দরপত্র বহির্ভূত দফার মূল্য ৩৬৯.৯৪ লক্ষ টাকা। ফলে প্রস্তাবিত চুক্তিমূল্য ৩৮১৬১.৮৩ লক্ষ টাকা, যা মূল চুক্তিমূল্যের ৩.৯০% বেশি। মূল চুক্তি সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত হওয়ায় এবং বাপাউবো'র আর্থিক ক্ষমতা বন্টন বিধিমালা/২০১৬ এর বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত প্রকল্পের জন্য Clause No.: A6(XIV), Remark-4 অনুযায়ী Variation প্রস্তাবটি অনুমোদনে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (CCGP) ক্ষমতাবান। বোর্ড কর্তৃক গঠিত ভেরিয়েশন কমিটি উক্ত প্যাকেজটির Contract Variation Proposal-এর Appendix-1A যাচাইপূর্বক যৌক্তিকভাবে পরিমান নিরূপন করত: সুস্পষ্ট মতামত প্রদান করেন। ভেরিয়েশন কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট ও প্রকিউরমেন্ট সেল-এর মতামতের আলোকে আলোচ্য প্যাকেজটির Appendix-1A সংশোধন করতঃ সদয় অনুমোদনের জন্য দাখিল করা হয়েছে **(কমিটির প্রতিবেদন ভেরিয়েশন প্রস্তাবনার সাথে সংযুক্ত)**। প্যাকেজটির চুক্তিমূল্য এবং ভেরিয়েশন মূল্য সংক্রান্ত তথ্যাদির বিবরণ নিম্নে প্রদান করা হলো।

ক্র: নং	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়)	মূল চুক্তিমূল্য (লক্ষ টাকায়)	দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রস্তাবিত সংশোধিত মূল্য (লক্ষ টাকায়)	বৃদ্ধি		ভেরিয়েশন অনুমোদনের জন্য ক্ষমতাবান কর্তৃপক্ষ
						লক্ষ টাকা	%	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১.	Arial Khan/ Madaripur/DPM-48	৩৮৭৭৪.৭৯	৩৬৭২৮.৪৯	সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি	৩৮১৬১.৮৩	১৪৩৩.৩৪	৩.৯০%	সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

বিবেচ্য ক্রয়/সংগ্রহ/নির্মাণ চুক্তির প্রস্তাবনা প্রক্রিয়াকরণে ক্রয়/সংগ্রহ/চুক্তি সংক্রান্ত আইন ও বিধি-বিধান পুরোপুরি অনুসরণ করা হয়েছে এবং বিবেচ্য প্রস্তাবটি সংশ্লিষ্ট আইন ও বিধি বিধানের পরিপন্থী নয়। এক্ষেত্রে প্রচলিত নিয়ম-নীতির কোন ব্যত্যয় ঘটেনি। সুপারিশকৃত দরদাতার/দাতাদের প্রস্তাবের সঙ্গে Tender Document/Request for Proposal (RFP) ডকুমেন্ট-এর সম্পূর্ণ সামঞ্জস্য রয়েছে। উপস্থাপিত কাগজপত্রের সঙ্গে Tender Document/Request for Proposal (RFP) ডকুমেন্ট-এর সম্পূর্ণ সামঞ্জস্য রয়েছে। সংশ্লিষ্ট কাগজপত্রে বর্ণিত তথ্য সারসংক্ষেপে সুস্পষ্টভাবে প্রতিফলিত কোন বস্তুনিষ্ঠ/উল্লেখ্যযোগ্য তথ্য সারসংক্ষেপে অনুল্লিখিত নেই।

এমতাবস্থায়, ভেরিয়েশন কমিটির প্রস্তাবনা মোতাবেক এবং সিপিসি, বাপাউবো, ঢাকা-এর মতামতের আলোকে "মাদারীপুর জেলার শিবচর উপজেলার আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পভুক্ত বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গপ্রতিষ্ঠান "খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি)" কর্তৃক সরাসরি ক্রয় পদ্ধতিতে বাস্তবায়নাধীন প্যাকেজ নং- Arial Khan/Madaripur/DPM-48 এর Contract Variation Proposal (Appendix-1A) সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক সদয় অনুমোদনের নিমিত্ত অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ Contract Variation Proposal (Appendix-1A) - ২ প্রস্থ।

এ পত্র প্রেরণে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

আপনার অনুগত

(মুহাম্মদ আমিরুল হক ভূঞা)
অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন)
বাপাউবো, ঢাকা।

সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪২.০০.০০০০.০৩৫.১৪.০০১.২০ - ৪৬

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০ / ০৭ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের Package No. Arial Khan/Madaripur/DPM-48 এর কাজ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন কাজের ভেরিয়েশন প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (CCGP)-এর অনুমোদনের নিমিত্ত সার-সংক্ষেপ।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" প্রকল্পটি গত ২৮-০১-২০২০ তারিখ অনুষ্ঠিত একনেক সভায় ৩৯৮৮৭.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০২০ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় (সংলাগ-১) এবং গত ১৮-০৬-২০২০ তারিখ পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারি করা হয় (সংলাগ-২)। কাজ বাস্তবায়নের স্থানে নদীর মরফোলজিক্যাল পরিবর্তন এবং নদীর তলদেশে স্কাউরিংয়ের কারণে নদীর গভীরতা বৃদ্ধি পাওয়ায় পরবর্তীতে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সংশোধিত নকশা প্রণয়ন করা হয়েছে এবং মাঠ পর্যায়ের বাস্তবতার আলোকে ও বিভিন্ন সীমাবদ্ধতার কারণে নদী ড্রেজিং কাজের দৈর্ঘ্য হ্রাস পেয়েছে। সে আলোকে মাঠ পর্যায়ে বাস্তবতার নিরীখে প্রকল্পটির ১ম সংশোধনী গত ১৮-০৫-২০২৩ তারিখ পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয় (সংলাগ-৩), যার মোট প্রাক্কলিত ব্যয় ৪০৪২৮.২৪ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল ০১ জানুয়ারি ২০২০ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত। বর্ণিত প্রকল্পের কাজ রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাস্তবায়নের প্রস্তাব গত ১৫-০২-২০২১ তারিখ অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (CCEA)-এর সভায় অনুমোদিত হয় (সংলাগ-৪)। তৎপ্রেক্ষিতে বর্ণিত কাজটি বাংলাদেশ নৌ-বাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড, খুলনা এর মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত দরপত্র মূল্যায়ন/নেগোসিয়েশনের জন্য দরপত্র মূল্যায়ন/নেগোসিয়েশন কমিটি গঠন করা হয় (সংলাগ-৫)। দরপত্র মূল্যায়ন/নেগোসিয়েশন কমিটি দর নেগোসিয়েনপূর্বক মূল্যায়ন প্রস্তাব চূড়ান্ত করে (সংলাগ-৬) এবং কমিটি কর্তৃক সুপারিশকৃত উদ্ধৃত দর ৩৬৭,২৮,৪৮,৯৫০.৮৮ (তিনশত সাতষট্টি কোটি আটাশ লক্ষ আটচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ দশমিক আট আট) টাকায় বাংলাদেশ নৌ-বাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড, খুলনা এর মাধ্যমে বাস্তবায়নের ক্রয় প্রস্তাবটি গত ২৭-০৫-২০২১ তারিখ অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (CCGP)-এর সভায় অনুমোদিত হয় (সংলাগ-৭) এবং ২৩-০৬-২০২১ তারিখ কার্যাদেশ প্রদান করা হয় (সংলাগ-৮)। বর্তমানে কাজটি চলমান রয়েছে। ৩১ জুলাই ২০২৩ পর্যন্ত প্রকল্পের ভৌত কাজের অগ্রগতি ৬৮%।

০২। আলোচ্য প্রকল্পের অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি'র ক্রয় পরিকল্পনায় Package No. Arial Khan/Madaripur/DPM-48 এর মূল্য ৩৮৭৭৪.৭৯ লক্ষ টাকা। উক্ত প্যাকেজের আওতায় উল্লেখযোগ্য কার্যসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	কাজের বিবরণ	কাজের পরিমাণ
০১	নদীতীর সংরক্ষণ কাজ	৬.৩০ কিঃমিঃ
০২	নদী ড্রেজিং	১৪.৭৫ কিঃমিঃ

০৩। কাজ বাস্তবায়নাধীন সময়ে নদীর গতিপথ এবং মরফোলজিক্যাল পরিবর্তনের কারণে নদীর তলদেশে স্কাউরিং বিদ্যমান রয়েছে এবং কোন কোন স্থানে গভীরতা বৃদ্ধি পেয়েছে। পরবর্তীতে প্রকল্পভুক্ত ৩টি এলাকায় বাস্তবায়নাধীন কাজের স্থায়ীত্ব বৃদ্ধি এবং টেকসই করতে নকশা সংশোধন করা হয়। সংশোধিত নকশার আলোকে ৩টি End Termination এবং গার্ডপোস্ট অন্তর্ভুক্ত হওয়ায় দরপত্রভুক্ত দফার পরিমাণ হ্রাস-বৃদ্ধি হয়েছে এবং দরপত্র বহির্ভূত নতুন দফার উদ্ভব হয়েছে। সংশোধিত নকশা অনুযায়ী কাজ বাস্তবায়নে জিও ব্যাগের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। এছাড়া, প্রকল্পভুক্ত এলাকায় নদীতীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নকালীন সময়ে বিভিন্ন জায়গায় পলি জমে অস্থায়ী চর সৃষ্টি হয়েছে। জমা হওয়া পলি মাটি অপসারন করে সংশোধিত নকশা অনুযায়ী নদীতীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা প্রয়োজন।

০৪। প্রকল্পের মূল ডিপিপিতে ড্রেজিং কাজের দৈর্ঘ্য ১৫.৫০০ কিঃমিঃ থাকলেও প্রকল্পের উজানে ০.৬০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং করা হয় এবং উৎরাইল ইনটেক চ্যানেলের ভাটিতে ০.১৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে নদীর তলদেশ ডিজাইন লেভেলে থাকায় ০.৭৫০ মিঃ দৈর্ঘ্য প্রাক্কলন হতে বাদ দিয়ে ড্রেজিং কাজের দৈর্ঘ্য ১৪.৭৫০ কিঃমিঃ নির্ধারন করা হয়। বর্তমানে আড়িয়াল খাঁ নদীর ড্রেজিং কাজের কিঃমিঃ ২৬.৫৫০ এ এলজিইডি কর্তৃক নির্মাণাধীন উৎরাইল ব্রীজের উজানে ০.৭০০ কিঃমিঃ ও ভাটিতে ০.৫০০ কিঃমিঃ পর্যন্ত মোট ১.২০০ কিঃমিঃ অংশে ব্রীজের কাজ চলমান থাকায় এলজিইডি কর্তৃক ১.২০০ কিঃমিঃ ড্রেজিং কাজ না করার জন্য অনুরোধ জানানো হয়েছে। নির্মাণাধীন উৎরাইল ব্রীজের স্থায়ীত্বের কথা বিবেচনায় উজানে ০.৫০০ কিঃমিঃ ও ভাটিতে ০.৫০০ কিঃমিঃ পর্যন্ত মোট ১.০০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ সংশোধিত ডিপিপিতে বাদ দেয়া হয়। বর্তমানে প্যাকেজটির ড্রেজিং কাজের মূল দৈর্ঘ্য হয় (১৪.৭৫০ – ১.০০) = ১৩.৭৫০ কিঃমিঃ। বাপাউবো'র কারিগরি কমিটির রিপোর্ট অনুযায়ী উক্ত ১৩.৭৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ বাস্তবায়ন করলে প্রকল্পের মূল উদ্দেশ্য ব্যাহত হবে না।

০৫। মূল প্যাকেজটির কাজ খুলনা শিপইয়ার্ড লিমিটেড, খুলনা কর্তৃক বাস্তবায়নাধীন থাকায় এবং নতুনভাবে দরপত্র আহবান, মাঠ পর্যায়ে মোবিলাইজেশনসহ কাজ বাস্তবায়নে সময় বৃদ্ধির বিষয়টি বিবেচনায় রেখে অতিরিক্ত কাজ খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) কর্তৃক বাস্তবায়ন করা সমীচীন মর্মে প্রতীয়মান হওয়ায় ভেরিয়েশনের মাধ্যমে অতিরিক্ত কাজ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। বিবেচ্য কাজের দরপত্রটি সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) সুপারিশক্রমে অনুমোদিত হওয়ায় পিপিআর ২০০৮ এর বিধি ৭৯ অনুযায়ী ভেরিয়েশন প্রস্তাবটি সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) অনুমোদন প্রয়োজন।

০৬। বিবেচ্য Package No. Arial Khan/Madaripur/DPM-48 এর মূল চুক্তি মূল্য ৩৬৭,২৮,৪৮,৯৫০.৮৮ (তিনশত সাতষট্টি কোটি আটাশ লক্ষ আটচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ দশমিক আট আট) টাকা। কাজটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে অনুমোদিত সংশোধিত ডিপিপি ও সংশোধিত নকশা মোতাবেক মূল চুক্তির অতিরিক্ত কিছু কাজ অন্তর্ভুক্ত করায় ও ড্রেজিং কাজের দৈর্ঘ্য হ্রাস পাওয়ায় Variation Order অনুযায়ী সংশোধিত চুক্তি মূল্য ৩৮১,৬১,৮৩,২৪২.০২ (তিনশত একাশি কোটি একষট্টি লক্ষ তিরাশি হাজার দুইশত বিয়াল্লিশ দশমিক শূন্য দুই) টাকা; যা মূল চুক্তি মূল্যের ৩.৯০% বেশি। আলোচ্য চুক্তির Variation Order এ অন্তর্ভুক্ত আইটেমসমূহের জন্য সংশোধিত ডিপিপিতে এর সংস্থান রাখা হয়। সংশোধিত ডিপিপিতে এ প্যাকেজে অর্ন্তভুক্ত কাজসমূহের জন্য ৩৮৭৭৪.৭৯ লক্ষ টাকার সংস্থান রয়েছে। টেন্ডার আইটেমসমূহের দর দরপত্রে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক পূর্বে উদ্ধৃত দর (Quoted Rate) দ্বারা নির্ধারণ করা হয়েছে। কাজটির সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তিমূল্য অনুমোদিত প্রাক্কলিত মূল্য অপেক্ষা ১.০০% লেস হওয়ায় নন-টেন্ডার আইটেমসমূহের দর হালনাগাদ রেট সিডিউলের ১.০০% লেস ধরে নির্ধারন করা হয়েছে, যা যুক্তিযুক্ত। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক Bill of Quantities (BOQ) দাখিল করা হয়েছে (সংলাগ-৯)। অতিরিক্ত কাজের দরপত্র বহির্ভূত দফাসমূহের দর সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ রেট সিডিউলের ১.০০% লেস অনুযায়ী বাস্তবায়ন করা হবে মর্মে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক অঙ্গীকারনামা প্রদান করেছে (সংলাগ-১০)।

Description	Contract Amount (Lack Tk.)	Proposed Revised Amount (Lack Tk.)	Change in Amount (Lack Tk.) (Increase/ Decrease)	Percentage of Variation	Remarks
River Bank Protective work	১৮১৬৫.৭৫	২১১৫৩.৫২	(+)২৯৮৭.৭৭		সংশোধিত নকশার আলোকে ৩টি End Termination, গার্ডপোস্ট, প্রকল্পভূক্ত এলাকায় নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নকালীন সময়ে নদী তীর সংরক্ষণ কাজের এলাকায় বিভিন্ন জায়গায় পলি মাটি জমা হয়ে সৃষ্ট অস্থায়ী চর অপসারন, সংশোধিত নকশা অনুযায়ী কাজ বাস্তবায়ন করার জন্য ডাম্পিংকৃত জিও ব্যাগের পরিমাণ বৃদ্ধি অন্তর্ভূক্ত হওয়ায় দরপত্রভূক্ত দফার পরিমাণ হ্রাস-বৃদ্ধি হয়েছে এবং দরপত্র বহির্ভূত নতুন দফার উদ্ভব হয়েছে।
River dredging work	১৮৫৬২.৭৪	১৭০০৮.৩১	(-)১৫৫৪.৪৩		প্রকল্পের সংশোধিত ডিপিপিতে নদী ড্রেজিং কাজের দৈর্ঘ্য ১.০০ কিঃমিঃ হ্রাস পেয়েছে। এছাড়া বাপাউবো'র টাস্কফোর্সের রিপোর্ট অনুযায়ী ড্রেজিং কাজের খননকৃত মাটি/ বালির পরিমাণ হ্রাস পেয়েছে।
Total	৩৬৭২৮.৪৯	৩৮১৬১.৮৩	(+)১৪৩৩.৩৪	৩.৯০%	

উল্লেখ্য, মোট ব্যয় বৃদ্ধি ১৪৩৩.৩৪ লক্ষ টাকা অর্থাৎ ৩.৯০%।

০৭। প্রস্তাবিত ভেরিয়েশন অর্ডারে অনুমোদিত আরডিপিপির বহির্ভূত কোন দফা অন্তর্ভুক্ত করা হয়নি। বাস্তব প্রয়োজনে ভেরিয়েশন আদেশ ৬ টি Non Tender দফা অন্তর্ভুক্ত হওয়ার কারণে পিপিআর- ২০০৮ এর ৩৯ (২০) বিধি মোতাবেক দর নেগোসিয়েশন করা হয়। সংশোধিত নকশা অনুযায়ী সন্যাসীরচর এলাকায় ৫৩০.০০ মিটার ও শিরুয়াইল এলাকায় ৩৫০.০০ মিটার মোট ৮৮০.০০ মিটার নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন এবং ৩ টি End Termination কাজ অন্তর্ভুক্ত হওয়ায় Back filing of hydraulic structure, placing of Geo-bag, salvaging of Geo- bag দফাগুলোর উদ্ভব হয়েছে। প্রকল্পভূক্ত ৩ টি এলাকায় নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের স্থানে আশে পাশের ১০০.০০ মিটার এর মধ্যে পুকুর, ডোবা, নালা এবং নীচু জমি ভরাটকরণের জন্য ড্রেজড আর্থ ব্যবহারের দফাটির উদ্ভব হয়েছে। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত দরসমূহ নেগোসিয়েশনের পর দরসমূহ চুড়ান্তভাবে নির্ধারণ করা হয়। ভেরিয়েশন কমিটি কর্তৃক বিস্তারিত বিবরণী ও হ্রাস-বৃদ্ধিকৃত দরপত্রভূক্ত ও দরপত্র বহির্ভূত আইটেমসমূহের পরিমাণ ও মূল্য সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করা হলো (সংলাগ-১১)।

ক্রমিক নং	দফা সমূহের বর্ননা	মূল চুক্তি মূল্য (টাকা)	ডেরিয়েশন কমিটি কর্তৃক সুপারিশকৃত মূল্য (টাকা)	বৃদ্ধি/হ্রাস (টাকা)
১	দরপত্র ভুক্ত দফা	৩৬৭২৮৪৮৯৫০.৮৮	৩৭৭৯১৮৯২৬০.৯৬	১০৬৩৪০৩১০.০৮
২	দরপত্র বর্হিভূত দফা		৩৬৯৯৩৯৮১.০৬	৩৬৯৯৩৯৮১.০৬
	মোট	৩৬৭২৮৪৮৯৫০.৮৮	৩৮১৬১৮৩২৪২.০২	১৪৩৩৩৪২৯১.১৪

০৮। বিবেচ্য ক্রয়/সংগ্রহ/নির্মাণ চুক্তির প্রস্তাবনা প্রক্রিয়াকরণে ক্রয়/সংগ্রহ/চুক্তি সংক্রান্ত আইন ও বিধি-বিধান পুরোপুরি অনুসরণ করা হয়েছে এবং বিবেচ্য প্রস্তাবটি সংশ্লিষ্ট আইন ও বিধি বিধানের পরিপন্থী নয়। এক্ষেত্রে প্রচলিত নিয়ম-নীতির কোনো ব্যত্যয় ঘটেনি। সুপারিশকৃত দরদাতার/দাতাদের প্রস্তাবের সঙ্গে Tender Document এর সম্পূর্ণ সামঞ্জস্য রয়েছে। উপস্থাপিত কাগজপত্রের সঙ্গে Tender Document এর সম্পূর্ণ সামঞ্জস্য রয়েছে। সংশ্লিষ্ট কাগজপত্রে বর্ণিত তথ্য সারসংক্ষেপে সুস্পষ্টভাবে প্রতিফলিত কোনো বস্তুনিষ্ঠ/উল্লেখযোগ্য তথ্য সারসংক্ষেপে অনুল্লিখিত নেই।

০৯। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "মাদারীপুর উপজেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" প্রকল্পের প্যাকেজ Arial Khan/Madaripur/DPM-48 এর এর মূল চুক্তি মূল্য ৩৬৭,২৮,৪৮,৯৫০.৮৮ (তিনশত সাতষট্টি কোটি আটাশ লক্ষ আটচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ দশমিক আট আট) টাকার সাথে ডেরিয়েশন বাবদ ১৪,৩৩,৩৪,২৯১.১৪ (চৌদ্দ কোটি তেত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার দুইশত একানব্বই দশমিক এক চার) টাকা মুক্ত ভ্যাট-ট্যাক্সসহ সংশোধিত চুক্তি মূল্য ৩৮১,৬১,৮৩,২৪২.০২ (তিনশত একাশি কোটি একষট্টি লক্ষ তিরাশি হাজার দুইশত বিয়াল্লিশ দশমিক শূণ্য দুই) টাকায় বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর সাথে সংশোধিত চুক্তি সম্পাদনের প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (CCGP)-এর সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করা হলো।

১০। পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী সার-সংক্ষেপটি দেখেছেন, অনুমোদন করেছেন এবং সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (CCGP) উপস্থাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

(নোজমুল আহসান)
সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৬১২.০৭(৩১).০০৪.২৩

২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ/ ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ তারিখ বুধবার অপরাহ্ণ ১২.৪৫ ঘটিকায় অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভার (২০২৩ সালের ৩১তম সভা) কার্যবিবরণীর উদ্ধৃতাংশ:

** ** **

আলোচ্য বিষয় ১ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের Package No. Arial Khan/Madaripur/DPM-48 এর কাজ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন কাজের ভেরিয়েশন প্রস্তাব।

আলোচনা:

** ** **

** ** **

** ** **

২.৩.৪ সভায় এক প্রশ্নের জবাবে প্রস্তাবক মন্ত্রণালয় জানায় যে, এলজিইডি এর আপত্তির কারণে আড়িয়াল খাঁ নদীর উপর নির্মিত উৎরাইল ব্রিজের উজানে ৭০০ মিটার ও ভাটিতে ৫০০ মিটার (মোট ১.২ কি.মি.) খনন করা যায়নি। তবে নেভিগেশন যাতে বাঁধাগ্রস্ত না হয় সেজন্য ব্রিজের নিচে উজানে ও ভাটিতে স্লোপ করে দেয়া হয়েছে। সভায় আরও জানানো হয় যে, এ ভেরিয়েশন প্রস্তাব আনয়নের পূর্বে ডিপিপি সংশোধন করা হয়েছে এবং ডিপিপিতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রয়েছে। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, এ কাজে ভবিষ্যতে আর কোনো ভেরিয়েশন গ্রহণযোগ্য হবে না।

** ** **

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৬১২.০৭(৩১).০০৪.২৩

২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ/ ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ তারিখ বুধবার অপরাহ্ণ ১২.৪৫ ঘটিকায় অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভার (২০২৩ সালের ৩১তম সভা) কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুমোদনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর জন্য প্রেরিত সারসংক্ষেপের উদ্ধৃতাংশ:

** ** **

২। সভায় উপস্থাপিত বিষয়ের উপর সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের উদ্ধৃতাংশ নিম্নরূপ :

** ** **

"আলোচ্য বিষয় ১ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের Package No. Arial Khan/Madaripur/DPM-48 এর কাজ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন কাজের ভেরিয়েশন প্রস্তাব।

সিদ্ধান্ত:

সভার আলোচনা এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "মাদারীপুর উপজেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প (১ম সংশোধিত)" প্রকল্পের প্যাকেজ Arial Khan/Madaripur/DPM-48 এ নিয়োজিত ঠিকাদারি প্রতিষ্ঠান বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর অনুকূলে মূল চুক্তি মূল্য ৩৬৭,২৮,৪৮,৯৫০.৮৮ (তিনশত সাতষট্টি কোটি আটাশ লক্ষ আটচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ দশমিক আট আট) টাকার সাথে ভেরিয়েশন বাবদ ১৪,৩৩,৩৪,২৯১.১৪ (চৌদ্দ কোটি তেত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার দুইশত একানব্বই দশমিক এক চার) টাকা যুক্ত করে ভ্যাট-ট্যাক্সসহ সর্বমোট ৩৮১,৬১,৮৩,২৪২.০২ (তিনশত একাশি কোটি একষট্টি লক্ষ তিরাশি হাজার দুইশত বিয়াল্লিশ দশমিক শূন্য দুই) টাকার সংশোধিত চুক্তি অনুমোদন করা যেতে পারে মর্মে সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হলো। তবে, শর্ত থাকে যে, উক্ত কাজে ভবিষ্যতে আর কোনো ভেরিয়েশন গ্রহণযোগ্য হবে না।

** ** **

৩। এমতাবস্থায়, ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় কমিটি কর্তৃক গৃহীত পূর্বোক্ত সিদ্ধান্ত মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ বিবেচনা ও সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

স্বাক্ষরিত/-
তারিখ : ২১/৯/২৩
(সাঈদ মাহবুব খান)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

স্বাক্ষরিত/-
তারিখ : ২১/৯/২০২৩
(মোঃ মাহবুব হোসেন)
মন্ত্রিপরিষদ সচিব

স্বাক্ষরিত/-
তারিখ : ২৫/৯/২০২৩
(শেখ হাসিনা)
মাননীয় প্রধানমন্ত্রী"

নম্বর-০৪.০০.০০০০.৬১২.০৭(৩১).০০৪.২৩.২৬২

১১ আশ্বিন ১৪৩০
তারিখ :----------।
২৬ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

১। জনাব জাহিদ ফারুক
প্রতিমন্ত্রী, পানিসম্পদ মন্ত্রণালয়।

২। জনাব মোঃ নাজমুল আহসান
সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়।

পানিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৪২.০০.০০০০.০৩৫.১৪.০০১.২০.২৯৯, তারিখ: ১০/০৯/২০২৩ খ্রিস্টাব্দ এর ধরিতে।

(ক) **কার্য বিধিমালা ১৯৯৬ এর ২৩(৪) নম্বর বিধি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

(খ) উক্ত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের শেষ কর্মদিবসে একবার মন্ত্রিপরিষদ বিভাগকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: আলোচ্য বিষয় ১ এর সভার আলোচনা ১(এক) পাতা।

(খন্দকার ইসতিয়াক আহমেদ)
উপসচিব (ক্র. ও অ.)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.১৪.০০১.২০.৩২০

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০
০১ অক্টোবর ২০২৩

বিষয়: "মাদারীপুর জেলার শিবচর উপজেলার আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্যাকেজ নং- Arial Khan/Madaripur/DPM-48 এর কাজ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন কাজের ভেরিয়েশন প্রস্তাব অনুমোদন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৬১২.০৭(৩১).০০৪.২৩.২৬২, তারিখ: ২৬-০৯-২০২৩

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, "মাদারীপুর জেলার শিবচর উপজেলার আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্যাকেজ নং- Arial Khan/Madaripur/DPM-48 এর কাজ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন কাজের ভেরিয়েশন প্রস্তাব গত ২০-০৯-২০২৩ তারিখ অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভায় কমিটির সভায় উপস্থাপন করা হলে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

সভার আলোচনা এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলার আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং (১ম সংশোধিত)" প্রকল্পের প্যাকেজ Arial Khan/Madaripur/DPM-48 এ নিয়োজিত ঠিকাদারি প্রতিষ্ঠান বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর অনুকূলে মূল চুক্তি মূল্য ৩৬৭,২৮,৪৮,৯৫০.৮৮ (তিনশত সাতষট্টি কোটি আটাশ লক্ষ আটচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ দশমিক আট আট) টাকার সাথে ভেরিয়েশন বাবদ ১৪,৩৩,৩৪,২৯১.১৪ (চৌদ্দ কোটি তেত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার দুইশত একানব্বই দশমিক এক চার) টাকা যুক্ত করে ভ্যাট-টাক্সসহ সর্বমোট ৩৮১,৬১,৮৩,২৪২.০২ (তিনশত একাশি কোটি একষট্টি লক্ষ তিরাশি হাজার দুইশত বিয়াল্লিশ দশমিক শূন্য দুই) টাকার সংশোধিত চুক্তি অনুমোদন করা যেতে পারে মর্মে সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হলো। তবে, শর্ত থাকে যে, উক্ত কাজে ভবিষ্যতে আর কোনো ভেরিয়েশন গ্রহণযোগ্য হবে না।

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল বিধি-বিধান অনুসরণপূর্বক উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১-১০-২০২৩
মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম
উপসচিব
ফোন: ০২৫৫১০০৭২২
ইমেইল: mowrdev2@gmail.com

মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.১৪.০০১.২০.৩২০/১(৪)

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০
০১ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) অফিস , কপি।

১-১০-২০২৩
মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
(সাধারন শাখা)
www.madaripur.gov.bd

মাদারীপুর জেলার পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্য বিবরনী ঃ

সভাপতি ঃ ড. রহিমা খাতুন, জেলা প্রশাসক, মাদারীপুর।
সভার তারিখ ঃ ১৪/১২/২০২১ খ্রিঃ।
সভার সময় ঃ বেলা ৩.০০ টা।
স্থান ঃ জেলা প্রশাসক, মাদারীপুর এর সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-১।

১। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির" কার্যক্রম সম্পর্কে অবহিত করতে নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর ও সদস্য সচিবকে আহ্বান করেন।

২। আলোচনা ঃ

২.১। সদস্য সচিব জানান যে, মাদারীপুর জেলার "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)(১ম সংশোধিত)" ভুক্ত খাল পুনঃখনন কাজ চলমান আছে। উক্ত প্রকল্পভুক্ত মাদারীপুর জেলার ৬টি খালের মধ্যে লক্ষীপুর-কালিকাপুর কাটা খাল এবং পোড়াকান্দি খাল ২০১৮-২০১৯ অর্থ বছরে সমাপ্ত হয়েছে। গাড়ীরহাট-বাবুরহাট খালের কিঃমিঃ ০.০০ হতে কিঃমিঃ ৮.৫০ = ৮.৫০ কিঃমিঃ দৈর্ঘ্যের কাজ জুন/২০২১ সমাপ্ত হয়। ৪.৭০ দৈর্ঘ্যের ব্যক্তি মালিকানাধীন রেকর্ডিয় সম্পত্তি থাকায় জমির মালিকদের বাঁধা ও মামলা রজু হওয়ায় অবশিষ্ট ৪.৭০ কিঃমিঃ দৈর্ঘ্যের পুনঃখনন কাজ করা সম্ভব হবে না বিধায় খালটি সমাপ্ত ঘোষনা করা হয়। দিগনগর-কালামৃধা খাল পুনঃখনন কাজ আগষ্ট/২০২১ খ্রিঃ সমাপ্ত হয়। উক্ত কিঃমিঃ ০.০০ হতে কিঃমিঃ ১৫.৯১০= ১৫.৯১০কিঃমিঃ খাল পুনঃখনন কাজ ডিজাইন Specification মোতাবেক সমাপ্ত হয়েছে। খাল খননের মূল উদ্দেশ্য সাধিত হয়েছে। উক্ত খালের শেষ প্রান্তে কিঃমিঃ ১৫.৯১০ হতে কিঃমিঃ ১৬.০০০= ০.০৯০কিঃমিঃ (৯০.০০ মিঃ) অংশে ব্যক্তি মালিকানাধীন রেকর্ডীয় সম্পত্তি ও বাড়ী ঘর থাকায় খনন করা সম্ভব হবে না বিধায় কাজটি সমাপ্ত ঘোষনা করা হয়। অবশিষ্ট ২টি খাল পুনঃখনন কাজ চলমান আছে। এছাড়া খাল জলাশয় ও নদীর অবৈধ দখল উচ্ছেদ ও দূষন প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ বিষয়ে আলোচনা হয়। খালের পাড়ে লাগানো গাছ রক্ষণাবেক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আলোচনা হয়।

ক্রঃ নং	খালের নাম	উপজেলা	কার্যাদেশ অনুযায়ী দৈর্ঘ্য (কিঃমিঃ)	বাস্তবায়িত কাজের দৈর্ঘ্য (কিঃমিঃ)	চুক্তি মূল্য (লক্ষ টাকায়)	কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তির তারিখ	শতকরা অগ্রগতি (%)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১।	লক্ষীপুর কালিকাপুর কাটা খাল।	মাদারীপুর সদর	৩.৪৫	৩.১৫	৭৯.৭৪	১৫-০১-১৯	৩০-০৬-২০	৮৫.০০	২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্ত
২।	পোড়াকান্দী খাল।	রাজৈর	২.৭০	১.৭০	৩৮.৩৯	২০-০১-১৯	০৫-০৬-১৯	৭৬.০০	২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্ত
৩।	ভূরঘাটা খাল।	কালকিনি	১৯.০০	-	৬৩৩.৭২	১৬-০৪-১৯	৩০-০৬-২১	৬০.৭৮	চলমান
৪।	গাড়ীরহাট-বাবুরহাট খাল।	শিবচর	১৩.২০	৮.৫০	৭৮৩.৫৬	১৬-০৪-১৯	৩০-০৬-২১	৫০.০০	কাজ সমাপ্ত।
৫।	দিগনগর-কালামৃধা খাল।	রাজৈর	১৬.০০	১৫.৯১০	৭০১.০৭	২২-০৪-১৯	৩১-০৮-২১	৮৬.৯৯	কাজ সমাপ্ত।
৬।	কুমার নদী হতে সরদার চরমাহামুদ খেয়াঘাট পর্যন্ত খাল।	শিবচর	৩.০০	-	১৬৩.২৮	০১-০৩-২১	২৮-০৭-২১	৩৭.৬৪	চলমান

সভাপতি মহোদয় মাদারীপুর জেলার রাজৈর উপজেলার বদরপাসা ইউনিয়নের কুমারবাড়ী খাল পুনঃখননের বিষয়ে আলোচনা করেন। সভায় সদস্য সচিব জানান যে, উক্ত খালটি সংরেজমিনে পরিদর্শন করে "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (২য় পর্যায়)" প্রকল্প অথবা ২০২২-২০২৩ অর্থ বছরে পরিচালন ও ব্যয় খাতের আওতায় পুনঃখননের প্রস্তাব করা হবে। অর্থ বরাদ্দ সাপেক্ষে কুমারবাড়ী খালটি পুনঃখননের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া খাল, জলাশয় ও নদীর অবৈধ দখল উচ্ছেদ ও দূষন রোধে পদক্ষেপ গ্রহণ বিষয়ে আলোচনা হয়।

২.২। মাদারীপুর পওর বিভাগ এর আওতায় বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটির আওতায় নদী পুনঃখনন/ড্রেজিং কাজের অপসারণযোগ্য মাটি/বালি ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। এক কথায় মাদারীপুর জেলার আওতায় নদী/খাল পুনঃখননে অপসারণযোগ্য মাটি/বালি একটি রাষ্ট্রীয় সম্পদ যার মালিকানা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে জেলা প্রশাসক, মাদারীপুর ও ভূমি মন্ত্রণালয়। নির্বাহী প্রকৌশলী সভায় উল্লেখ করেন যে, "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের আওতায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজে খননযোগ্য মাটি/বালির পরিমান ১.০২৫৪ কোটি ঘনমিটার (৩৬.২০ কোটি ঘনফুট) এবং পূনঃখননের দ্বারা অপসারন/বিক্রয়যোগ্য মাটি/বালির পরিমান ১৪.৪৮ (৪০%) কোটি ঘনফুট।

৩। আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজে খনন/অপসারনযোগ্য মাটি/বালির সুষ্ঠু ব্যবস্থাপনায় গুরুত্বারোপ করে নির্বাহী প্রকৌশলী বাস্তবতার নিরীখে চলমান কাজের নিম্নরুপ বাস্তবায়ন সমস্যা উল্লেখ করেনঃ

(ক) আড়িয়াল খাঁ নদীর উভয় পাড়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর পওর বিভাগের আওতায় অধিগ্রহণকৃত কোন জমি নাই ফলে অপসারিত বিপুল পরিমান মাটির স্থান সংকুলান করা সম্ভব হচ্ছেনা।

(খ) আড়িয়াল খাঁ নদীর উপয় পাড়ে কোন অধিগ্রহণকৃত জায়গা না থাকায় নদীর উভয় পাড়ে ব্যক্তিমালিকানাধীন জায়গায় নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজের অপসারিত মাটি রাখতে হচ্ছে। এত করে জনসাধারণের ভোগান্তি হচ্ছে।

(গ) নদী/খালের সীমানা চিহ্নিত করণ।

এমতাবস্থায় নির্বাহী প্রকৌশলী ও সদস্য-সচিব, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির কর্ম-পরিধি অনুযায়ী আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজ দ্বারা অপসারন/বিক্রয়যোগ্য মাটি/বালি স্থানীয় জনগণের সমষ্টিকৃত চাহিদার আলোকে তথা রাস্তাঘাট খেলার মাঠ ভরাট ও অন্যান্য সরকারি স্থাপনার কাজে ব্যবহার এবং অপসারণযোগ্য মাটি/বালির মূল্য নির্ধারণ, বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমাদান বিষয়ে সভায় প্রস্তাব ব্যক্ত করেন। সভায় উপস্থিত সভাপতি এবং জেলা প্রশাসক, মাদারীপুর ও অন্যান্য সদস্যবৃন্দ এতদবিষয়ে একমত পোষন করেন।

৩.১। সভায় বিস্তারিত আলোচনান্তে "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি" মাদারীপুরের সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি অনুযায়ী নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং এর ফলে অপসারনযোগ্য/বিক্রয়যোগ্য বালি/মাটির মূল্য নির্ধারনের বিষয়ে সভায় উপস্থিত সভাপতি এবং জেলা প্রশাসক, মাদারীপুর আলোচনায় উল্লেখ করেন যে, কমিটির কর্ম-পরিধি অনুযায়ী খননকৃত/ড্রেজিংকৃত মাটি/বালির মূল্য নির্ধারণ, বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের সকল ক্ষমতা "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি" কে অর্পণ করা হয়েছে। এমতাবস্থায় সভাপতিসহ সকল সদস্যবৃন্দ কমিটির সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুরকে মাটির একক মূল্য/দর নিরূপণে সভায় প্রস্তাব করতে অনুরোধ করেন। বাস্তবতার নিরিখে নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর এবং সদস্য-সচিব জানান যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ফরিদপুর পওর সার্কেলের চলতি সিডিউল অব রেট (১লা জুলাই ২০১৯খ্রিঃ হতে কার্যকর) অনুযায়ী মাটি/বালির Royalty এর একক মূল্য/দর হিসেবে নির্ধারণ করা যেতে পারে। সভার সভাপতি এবং জেলা প্রশাসক, মাদারীপুরসহ সকল সদস্যবৃন্দ এতদবিষয়ে সম্মতি দেন। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ফরিদপুর পওর সার্কেলের চলতি সিডিউল অব রেট (১লা জুলাই ২০১৯খ্রিঃ হতে কার্যকর) অনুযায়ী মাটি/বালির Royalty এর একক মূল্য/দর অনুযায়ী প্রতি ঘনমিটর (৩৫.৩০ ঘনফুট) মাটি/বালির মূল্য ১৬.৯৭ টাকা। অর্থাৎ উক্ত সভায় সর্বসম্মতিক্রমে প্রতি ঘনফুট বালি/মাটির মূল্য ০.৪৮ টাকা নির্ধারণ করা হয়।

৪। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের কাজের বাস্তবায়ন সমস্যা চিহ্নিতকরন এবং সমস্যা সমাধানে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(১) "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)(১ম সংশোধিত)" আওতায় খনন সম্পন্ন হওয়া ৪টি খাল লক্ষীপুর-কালিকাপুর কাটা খাল, পোড়াকান্দি খাল, গাড়ীরহাট-বাবুরহাট খালের ও দিগনগর-কালামৃধা খাল খনন করা অংশের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য সাধিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। চলমান ২টি খাল ভুরঘাটা খাল ও কুমার নদী হতে সরদার চরমাহামুদ খেয়াঘাট পর্যন্ত খালের কাজ দ্রুত বাস্তবায়ন ও সেখানে প্রয়োজনীয় সংখ্যক বৃক্ষরোপণ করতে হবে।

(২) মাদারীপুর পওর বিভাগ এর আওতায় বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটির প্রতি ঘনফুট বালি/মাটির মূল্য ০.৪৮ টাকা সর্বসম্মতিক্রমে নির্ধারণ করা হয়।

(৩) বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটির ড্রেজিং কাজে খননকৃত মাটি/বালি রাখার জন্য ঠিকাদার কর্তৃক জমি লীজ নিতে হবে।

(৪) প্রশাসনের সহযোগিতায় নদী/খালের সীমানা চিহ্নিতকরন।

(৫) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর পওর বিভাগের আওতায় চলমান উন্নয়ন কাজ বিশেষত নদীতীর সংরক্ষন ও ড্রেজিং কাজ বাস্তবায়নে অপসারনযোগ্য বালি/মাটি সংশ্লিষ্ট উপজেলা পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে যথাযথ নিলাম প্রক্রিয়ায় বিক্রয়ের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৬) নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজ দ্বারা অপসারনযোগ্য বালি/মাটির একক মূল্য (Royalty) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ফরিদপুর পওর সার্কেলের চলতি সিডিউল অব রেট(১লা জুলাই ২০১৯খ্রিঃ হতে কার্যকর) প্রতি ঘনফুট বালি/মাটির মূল্য ০.৪৮ টাকা নির্ধারণ করা হলো। সিডিউল অব রেটস পরিবর্তিত হওয়ার সাথে সাথে প্রতি ঘনফুট বালি/মাটির মূল্যও পরিবর্তিত হবে।

(৭) পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি অনুযায়ী নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং এর ফলে অপসারনযোগ্য/বিক্রয়যোগ্য বালি/মাটির স্থানীয় জনগণের চাহিদার আলোকে তথা রাস্তাঘাট, খেলার মাঠ ভরাট ও অন্যান্য সরকারি স্থাপনার কাজে ব্যবহার করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর দরখাস্ত করতে হবে এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর মাধ্যমে জেলা প্রশাসকের সম্মতি গ্রহণ করতে হবে।

(৮) নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজ দ্বারা অপসারনযোগ্য বালি/মাটির দ্বারা সম্ভাব্য ক্ষেত্রে হাটার পথ/ওয়াকওয়ে নির্মাণের ব্যবস্থা করতে হবে।

(৯) সম্ভাব্য ক্ষেত্রে নদীর উভয় পাড়ে বনায়ন করার ব্যবস্থা করা যেতে পারে।

(১০) নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজ দ্বারা অপসারনযোগ্য বালি/মাটি নিলামের মাধ্যমে বিক্রয়লব্ধ অর্থ/রাজস্ব আদায় সহজীকরণে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক ড্রেজিং কাজের এলাকায় স্বল্প মেয়াদে ভূমি হুকুমদখল (ব্যয়ভার মাটির মূল্য হতে নির্বাহ করার সংস্থান রাখতে হবে) করা যেতে পারে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩/২/২২

(ড. রহিমা খাতুন)
জেলা প্রশাসক
মাদারীপুর।
ফোন ০৬৬১-৬২৭৭৭

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুর।
e-mail : xenbwdbmadaripur@gmail.com

স্মারক নং-এম-৩/আর-৯/১/এস-১১/২০২২/৯৭৫/৯৯ তারিখ ঃ ০৩/০২/২০২২ ইং

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২১৮/২১৯/২২০ যথাক্রমে মাদারীপুর-১/মাদারীপুর-২/মাদারীপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ।
২। অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর।
৪। জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর।
৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারীপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ ভবন (৭ম তলা) ১৪১/১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৭। জেলা কমান্ড্যান্ট (অতিঃ দায়িত্ব), আনসার ও ভিডিপি কার্যালয়, মাদারীপুর।
৮। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ফরিদপুর।
৯। জেলা বন কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মাদারীপুর।
১০। সহকারী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মাদারীপুর।
১১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মাদারীপুর।

০৩.০২.২০২২

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
মাদারীপুর পওর বিভাগ
বাপাউবো, মাদারীপুর।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।

(রাজস্ব শাখা)

www.madaripur.gov.bd

মাদারীপুর জেলার পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ড. রহিমা খাতুন, জেলা প্রশাসক, মাদারীপুর।

সভার তারিখ ও সময় : ১৮ মে, ২০২২; রাত ৮.০০ টা।

সভার স্থান : জুম আপের এর মাধ্যমে ।

উপস্থিতি : পরিশিষ্ট ক (স্বাক্ষরের তালিকা)

১। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির" কার্যক্রম সম্পর্কে অবহিত করতে নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর ও সদস্য সচিবকে আহ্বান করেন।

২। আলোচনা ঃ

২.১। সদস্য সচিব জানান যে, মাদারীপুর পওর বিভাগ এর আওতায় বাস্তবায়নাধীন "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটির আওতায় নদী পুনঃখনন/ড্রেজিং কাজের অপসারণযোগ্য মাটি/বালি ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। এক কথায় মাদারীপুর জেলার আওতায় নদী/খাল পুনঃখননে অপসারণযোগ্য মাটি/বালি একটি রাষ্ট্রীয় সম্পদ যার মালিকানা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে জেলা প্রশাসক, মাদারীপুর ও ভূমি মন্ত্রণালয়। নির্বাহী প্রকৌশলী সভায় উল্লেখ করেন যে, "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের আওতায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজে খননযোগ্য মাটি/বালির পরিমান ১.০২৫৪ কোটি ঘনমিটার (৩৬.২০ কোটি ঘনফুট) এবং পুনঃখননের দ্বারা অপসারন/বিক্রয়যোগ্য মাটি/বালির পরিমান ১৪.৪৮ (৪০%) কোটি ঘনফুট।

২.২। আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজে খননযোগ্য/অপসারনযোগ্য মাটি/বালির সুষ্ঠু ব্যবস্থাপনায় গুরুত্বারোপ করে নির্বাহী প্রকৌশলী বাস্তবতার নিরীখে চলমান কাজের নিম্নরূপ বাস্তবায়ন সমস্যা উল্লেখ করেনঃ

(ক) আড়িয়াল খাঁ নদীর উভয় পাড়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর পওর বিভাগের আওতায় অধিগ্রহণকৃত কোন জমি নাই ফলে অপসারিত বিপুল পরিমান মাটির স্থান সংকুলান করা সম্ভব হচ্ছেনা।

(খ) আড়িয়াল খাঁ নদীর উপর পাড়ে কোন অধিগ্রহণকৃত জায়গা না থাকায় নদীর উভয় পাড়ে ব্যক্তিমালিকানাধীন জায়গায় নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজের অপসারিত মাটি রাখতে হচ্ছে। এত করে জনসাধারণের ভোগান্তি হচ্ছে।

(গ) এছাড়া, কতিপয় অসাধু ব্যবসায়ী নদীর উভয় পাড়ে ব্যক্তিমালিকানাধীন জায়গায় স্তূপ করে রাখা ড্রেজিংকৃত বালি প্রশাসনের অনুমতি ব্যতীত অন্যত্র সরিয়ে নিচ্ছে ফলে সরকার রাজস্ব হারাচ্ছে।

এমতাবস্থায় নির্বাহী প্রকৌশলী ও সদস্য-সচিব, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির কর্ম-পরিধি অনুযায়ী আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজ দ্বারা অপসারণ/বিক্রয়যোগ্য মাটি/বালি স্থানীয় জনগণের সমষ্টিকৃত চাহিদার আলোকে তথা রাস্তাঘাট মেলার মাঠ ভরাট ও অন্যান্য সরকারি স্থাপনার কাজে ব্যবহার এবং অপসারণযোগ্য মাটি/বালির পরিমান নির্ধারণ, বিএরা ও বিএমলক্ষ অর্থ সরকারি কোষাগারে জমাদান বিষয়ে সভায় প্রস্তাব ব্যক্ত করেন। সভায় উপস্থিত সভাপতি এবং জেলা প্রশাসক, মাদারীপুর ও অন্যান্য সদস্যবৃন্দ এতদবিষয়ে একমত পোষন করেন।

৩। "আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের আওতায় শিবচর উপজেলাধীন সন্যাসীরচর ও দত্তপাড়া ইউনিয়নের এলাকায় চলমান ১৪.৭৫০ কি.মি. ড্রেজিং প্রকল্পের সন্যাসীরচর অংশে চেইনেজ ১৯,১০০ কি.মি. হতে ২০,৮০০ কি.মি. = ২.৭০০ কি.মি. এবং দত্তপাড়া অংশে চেইনেজ ২৩,৮০০ কি.মি. হতে ২৪.৪৫০ কি.মি. = ০.৬৫০ কি.মি. অংশের ড্রেজিংকৃত অপসারণযোগ্য

CamScanner

মাদারীপুর আলোচনায় উল্লেখ করেন যে, কমিটির কর্ম-পরিধি অনুযায়ী খননকৃত/ড্রেজিংকৃত মাটি/বালির পরিমান নির্ধারণ, বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের সকল ক্ষমতা "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি" কে অর্পণ করা হয়েছে। এরপর উপস্থিত সদস্যবৃন্দের সুচিন্তিত যুক্তিযুক্ত মতামত আহ্বান করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

ক. আলোচ্য প্রকল্পের আওতায় ড্রেজিংকৃত নিলামযোগ্য মাটি/বালির পরিমান নিরূপণ এবং নিলামের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) কে সভাপতি করে "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

খ. কমিটি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে উত্তোলিত ও বিক্রয়যোগ্য বালি/মাটির ভলিউম বুঝে নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

গ. কমিটি ড্রেজিংকৃত বিক্রয়যোগ্য বালি/মাটি যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে বিক্রয় ও বিক্রয় লব্ধ অর্থ ভূমি মন্ত্রণালয়ে যথাযথ কোডে জমা প্রদানপূর্বক চালানের ফটোকপি সভাপতির নিকট দাখিল করার সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ড. রহিমা খাতুন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, মাদারীপুর।
ফোন ০৬৬১-৬২৭৭৭

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুর।
e-mail : xenbwdbmadaripur@gmail.com

স্মারক নং-এম-৩/এস-১১/২০২২/১০৬ তারিখ ঃ ১৯-০৫-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবহতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২১৮/২১৯/২২০ যথাক্রমে মাদারীপুর-১/মাদারীপুর-২/মাদারীপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ।
২। অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর।
৪। জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর।
৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারীপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ ভবন (৭ম তলা) ১৪১/১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৭। জেলা কমান্ডান্ট (অতিঃ দায়িত্ব), আনসার ও ভিডিপি কার্যালয়, মাদারীপুর।
৮। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ফরিদপুর।
৯। জেলা বন কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মাদারীপুর।
১০। সহকারী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মাদারীপুর।
১১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মাদারীপুর।

(পার্থ প্রতিম সাহা)
নির্বাহী প্রকৌশলী(অঃদাঃ)
মাদারীপুর পওর বিভাগ
বাপাউবো, মাদারীপুর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
(সাধারণ শাখা)
www.madaripur.gov.bd

মাদারীপুর জেলার পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্য বিবরণী ঃ

সভাপতি ঃ ড. রহিমা খাতুন, জেলা প্রশাসক, মাদারীপুর।

সভার তারিখ ঃ ২০/১০/২০২২ খ্রিঃ।

সভার সময় ঃ বেলা ২.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ জেলা প্রশাসক, মাদারীপুর এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-১।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির" কার্যক্রম সম্পর্কে অবহিত করতে নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর ও সদস্য-সচিবকে আহ্বান করেন।

কমিটির সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর জনাব মোঃ সানাউল কাদের খান সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার পূর্ব নির্ধারিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শুরু করেন।

১নং আলোচ্যসূচিঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের ড্রেজড আর্থ ব্যবহার করে ভূমি উন্নয়ন প্রসঙ্গে আলোচনা।

সদস্য-সচিব সভায় অবহিত করেন যে, মাদারীপুর জেলার শিবচর উপজেলায় অবস্থিত আড়িয়াল খাঁ নদের বাম তীরে অবস্থিত সন্ন্যাসীর চর এবং বহেরাতলা ইউনিয়ন ও ডান তীরে অবস্থিত শিরুয়াইল ও নিলখী ইউনিয়নের গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থাপনাসমূহ নদী ভাঙ্গনের কবল হতে রক্ষা কল্পে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি গত ২৮-০১-২০২০ খ্রিঃ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির ডিপিপি মূল্য ৩৯৪৪৭.৪৫ লক্ষ টাকা। প্রকল্পটি ৬.৩০০ কিমিঃ নদী তীর সংরক্ষণ কাজ এবং ১৪.৭৫০ কিমিঃ নদী ড্রেজিং কাজ অন্তর্ভুক্ত আছে। ৩৬৭২৮.৪৯ লক্ষ টাকা চুক্তিমূল্যে সরাসরি ক্রয় পদ্ধতিতে বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির বাস্তবায়নকাল জানুয়ারী ২০২০ হতে জুন ২০২৩ পর্যন্ত। বর্তমানে প্রকল্পটির সার্বিক অগ্রগতি ২৮.৬৪%। প্রকল্পটিতে ড্রেজিং কাজে ১৪.৭৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে খননযোগ্য মাটি/বালির পরিমাণ ১০২.৫৪ লক্ষ ঘনমিটার (৩৬.২০ কোটি ঘনফুট)। ইতোমধ্যে সন্ন্যাসীর চর ও বহেরাতলা অংশে ১.৩০০ কিমিঃ দৈর্ঘ্যে নদী তীর সংরক্ষণ কাজ এবং সন্ন্যাসীর চর ও দত্তপাড়া অংশে ৩.৩৫০ কিমিঃ দৈর্ঘ্যে নদী ড্রেজিং কাজ বাস্তবায়িত হয়েছে। বর্ষাকাল অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক অবশিষ্ট কাজ সম্পাদনের জন্য সিসি ব্লক নির্মান কাজ শুরু করা হয়েছে এবং নদীর পানি সমতল কাজ করার উপযুক্ত হলে অবশিষ্ট দৈর্ঘ্যে ড্রেজিং কাজ শুরু করা হবে।

২০২১-২০২২ অর্থ বছরে প্রকল্পটির আড়িয়াল খাঁ নদীর ৩.৩৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ২৫.১১ লক্ষ ঘনমিটার (৮.৮৬ কোটি ঘনফুট) মাটি/বালি ড্রেজিং করা হয়েছে। ড্রেজিংকৃত মাটি/বালি হতে ৮.১১ কোটি ঘনফুট মাটি/বালি "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটির নিকট হস্তান্তর করা হয়েছে। গত ২৭-০৫-২০২২খ্রিঃ তারিখে মাটি/বালি নিলাম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবচর, মাদারীপুরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট মাটি/বালি দ্বারা নিচু জমি ভরাট করে ভূমি পুনরুদ্ধার, কবরস্থান ও শিবচর হাইওয়ে থানা এলাকার ভিতরে ভরাট করা হয়েছে। এ প্রসঙ্গে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর জানান, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির ১৮-০৫-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে তাহাকে সভাপতি করে ৭(সাত) সদস্য বিশিষ্ট "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির নিকট বুঝিয়ে দেওয়া যৌথভাবে সরেজমিনে পরিমানকৃত বালু ২৭-০৫-২০২২ খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবচর, মাদারীপুরে অনুষ্ঠিত নিলামের মাধ্যমে আগ্রহী ক্রেতাগণকে বালু ক্রয়ের আহ্বান করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর জানান যে, যে সকল স্থানে বালু রাখা হয়েছে উক্ত জমির মালিকগণ বালু অপসারণে বাধা প্রদান করছেন। জমির মালিকগণ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর এর নিকট অভিযোগ করেন যে, সংশ্লিষ্ট ঠিকাদার জমির ভাড়া বাবদ কোন অর্থ তাদের পরিশোধ করেন নাই এবং ভাড়ার টাকা তাহাদের পরিশোধ করা না হলে বালু অপসারনে তাহারা বাধা প্রদান করবেন। এ বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর সদস্য-সচিবের নিকট জমি লীজ/ভাড়ার বিষয়ে জানতে চান। সদস্য-সচিব সভার উদ্দেশ্যে জানান যে, জমির

লীজ/ভাড়া সংক্রান্ত কোন দলিল/চুক্তিপত্র ঠিকাদার পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর কার্যালয়ে জমা প্রদান করেন নাই এবং দপ্তর হতে লীজ সংক্রান্ত কোন বিল ঠিকাদারকে প্রদান করা হয় নাই। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর এ প্রসংগে জানান যে, জমির ভাড়া না দেওয়ার জন্য গত ২৭-০৫-২০২২ খ্রিঃ তারিখে নিলাম কার্যক্রম সম্পন্ন করা যায়নি এবং সরকারি রাজস্ব আদায়ে বাধাগ্রস্ত হচ্ছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর এ বিষয়ে উক্ত কাজের ঠিকাদার খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) এর যথাযথ কর্তৃপক্ষ বরাবর দ্রুত জমির মালিকগণকে জমির ভাড়া পরিশোধ/পরিশোধের প্রমাণক উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর পানি উন্নয়ন বোর্ডকে পত্র প্রেরণের অনুরোধ করেন। উল্লেখ্য যে, এ বিষয়ে জটিলতা নিরসন না হওয়া পর্যন্ত এ কাজের চুক্তিকৃত BOQ- তে অন্তর্ভূক্ত জমির ভাড়া পরিশোধ করা যাবে না এবং জমাকৃত বালু সংক্রান্ত যে কোন জটিলতা সৃষ্টি হলে ঠিকাদারী প্রতিষ্ঠান দায়ী থাকবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

খুব শীঘ্রই আড়িয়াল খাঁ নদীর অবশিষ্ট দৈর্ঘ্যে ড্রেজিং কাজ শুরু হবে। উল্লেখ্য যে নদীর উভয় তীরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত কোন জমি নাই। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর উদ্দেশ্যে প্রস্তাব রাখেন যে, ড্রেজিং এর ফলে যে বিপুল পরিমান মাটি/বালি উত্তোলিত হবে তাহা যেকোন সরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মসজিদসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান সহ জনগুরুত্বপূর্ণ কাজে ব্যবহার এবং অবশিষ্ট বালু প্রচলিত বিধি বিধান মোতাবেক নিলামের মাধ্যমে বিক্রি করা যেতে পারে। এ সকল কাজে বালি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান জেলা প্রশাসক, মাদারীপুর বরাবর আবেদন করবেন এবং আবেদন গৃহীত হলে নিজ খরচে মাটি/বালি বহন করবেন। ভবিষ্যতে যে সকল স্থানে ড্রেজিংকৃত মাটি/বালি ফেলা হবে সে সকল স্থানের ভাড়া উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে একটি উপ-কমিটি গঠন করে জমির ভাড়া ও স্থান নির্ধারণ করবে। এই উপ-কমিটি গঠনের পূর্বে মাননীয় সংসদ সদস্য মাদারীপুর-১ ও জাতীয় সংসদের চীফ হুইপ জনাব নূর-ই-আলম চৌধুরী মহোদয়কে অবগত করতে হবে।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তভাবে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব উপস্থাপন করেন।

ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা বিষয়ে প্রস্তাবিত উপ-কমিটি

(১) উপজেলা চেয়ারম্যান (সংশ্লিষ্ট উপজেলা)	উপদেষ্টা
(২) উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)	সভাপতি
(৩) সহকারী কমিশনার (ভূমি)	সদস্য-সচিব
(৪) অফিসার ইনচার্জ (সংশ্লিষ্ট উপজেলা/থানা)	সদস্য
(৫) ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউপি)	সদস্য
(৬) খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর যথাযথ প্রতিনিধি	সদস্য
(৭) উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো	সদস্য

উক্ত কমিটি ড্রেজড ম্যাটেরিয়াল মজুদ করার জন্য নদীর দুই তীরে সুনির্দিষ্টভাবে জমি চিহ্নিত করবে, জমির মালিকদের সাথে খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) এর যথাযথ প্রতিনিধির মধ্যে জমির ভাড়া চুক্তি সম্পাদনে মনিটরিং/সহায়তা প্রদান করবে। এছাড়া খসড়া "ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা ২০২১" এর নির্দেশনা সমূহ নিয়েও আলোচনা হয়।

সড়ক ও জনপদ বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব নাজমুল হাসান সদস্য-সচিবের নিকট এ প্রকল্পটি বাস্তবায়নের পূর্বে ফিজিবিলিটি স্ট্যাডি এবং হাজী শরীয়তউল্লাহ সেতুর উজান ও ভাটিতে কিভাবে ড্রেজিং করা হবে তাহার পরিকল্পনা সম্পর্কে জানতে চান। সদস্য-সচিব জানান যে, অনুমোদিত ডিপিপি ও নকশা মোতাবেক সেতুর উজানে কমপক্ষে ১.০০ কিঃমিঃ এবং ভাটিতে কমপক্ষে ১.০০ কিঃমিঃ সহ মোট ২.০০ কিঃমিঃ ড্রেজিং কাজ বাকি রেখে ড্রেজিং কাজ করা হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর সেতুর নিরাপত্তার স্বার্থে এ বিষয়ে সকলকে সজাগ থাকার অনুরোধ জানান।

সভার সদস্য-সচিব সভাকে জানান যে, বিগত ১৪-১২-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং কাজ দ্বারা অপসারনযোগ্য মাটি/বালির একক মূল্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ফরিদপুর পওর সার্কেলের ১লা জুলাই ২০১৯ সালের সিডিউল অফ রেট অনুযায়ী প্রতি ঘনফুট মাটি/বালির মূল্য ০.৪৮ টাকা নির্ধারণ করা হয়েছিল। উক্ত রেট অফ সিডিউল পরিবর্তন হওয়ার সাথে সাথে প্রতি ঘনফুট মাটি/বালির মূল্য পরিবর্তিত হবে। ১০ ই অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নতুন রেট অফ সিডিউল অর্থ মন্ত্রণালয় হতে অনুমোদিত হয়েছে। সে মোতাবেক সদস্য-সচিব সভার নিকট মাটির একক মূল্য পরিবর্তনের প্রস্তাব করেন। বর্তমানে অনুমোদিত সিডিউল অফ রেট অনুযায়ী মাটি/বালির একক মূল্য অনুযায়ী প্রতি ঘনমিটার (৩৫.৩০ ঘনফুট) বালির একক মূল্য ২২.০৯ টাকা অর্থাৎ উক্ত সভায় প্রতি ঘনফুট বালির মূল্য ০.৬৩ টাকা নির্ধারণ করা হয়।

২নং আলোচ্যসূচিঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)(১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের বাপাউবো, মাদারীপুরে ১ম পর্যায়ের ৭টি খাল পুনঃখনন কাজের অগ্রগতি ও সমাপ্তকৃত কাজের মাটি ব্যবস্থাপনা ও বৃক্ষরোপণ সম্পর্কে আলোচনা।

সভার সদস্য-সচিব জানান যে, মাদারীপুর জেলার "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)(১ম সংশোধিত)" ভুক্ত ৭টি খালের মধ্যে নিম্নোক্ত তালিকাভুক্ত ১ নং ও ২ নং ক্রমিকে উল্লিখিত খাল সমূহ ২০১৮-২০১৯ সালে এবং ৪ নং ও ৫ নং ক্রমিকে উল্লিখিত খাল সমূহ ২০২০-২০২১ সালে সমাপ্ত হয়েছে এবং চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে। উক্ত তালিকাভুক্ত ৩ নং ক্রমিকে উল্লিখিত ভুরঘাটা খাল ৩০-০৬-২০২২ খ্রিঃ তারিখে এবং ৬ নং ক্রমিকে উল্লিখিত কুমার নদী হতে সরদার চরমাহামুদ খেয়াঘাট পর্যন্ত খাল ২৬-০৬-২০২২ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে এবং খাল খননের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য সাধিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তালিকাভুকক্ত ৭নং ক্রমিকে উল্লিখিত রামনগর খালটির পুনঃখনন কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। তবে চলমান বর্ষা মৌসুমে খালে পানি ভর্তি থাকায় খালের পুনঃখনন কাজ শুরু করা যায়নি। পানি যথেষ্ট নিম্ন তলে আসলে দ্রুত খাল পুনঃখনন কাজ শুরু করা হবে।

ক্রঃ নং	খালের নাম	উপজেলা	কার্য্যাদেশ অনুযায়ী দৈর্ঘ্য (কিঃমিঃ)	বাস্তবায়িত কাজের দৈর্ঘ্য (কিঃমিঃ)	চুক্তি মূল্য (লক্ষ টাকায়)	কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তির তারিখ	শতকরা অগ্রগতি (%)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১।	লক্ষীপুর কালিকাপুর কাটা খাল।	মাদারীপুর সদর	৩.৪৫	৩.১৫	৭৯.৭৪	১৫-০১-১৯	৩০-০৬-২০	৮৫.০০	২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্ত
২।	পোড়াকান্দী খাল।	রাজৈর	২.৭০	১.৭০	৩৮.৩৯	২০-০১-১৯	০৫-০৬-১৯	৭৬.০০	২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্ত
৩।	ভুরঘাটা খাল।	কালকিনি	১৯.০০	১৯.০০	৬৩৩.৭২	১৬-০৪-১৯	৩০-০৬-২২	৬৯.১২	২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত
৪।	গাড়ীরহাট-বাবুরহাট খাল।	শিবচর	১৩.২০	৮.৫০	৭৮৩.৫৬	১৬-০৪-১৯	৩০-০৬-২১	৪০.১৮	২০২০-২১ অর্থ বছরে সমাপ্ত
৫।	দিগনগর-কালামৃধা খাল।	রাজৈর	১৬.০০	১৫.৯১০	৭০১.০৭	২২-০৪-১৯	৩১-০৮-২১	৮৬.৯৯	২০২০-২১ অর্থ বছরে সমাপ্ত
৬।	কুমার নদী হতে সরদার চরমাহামুদ খেয়াঘাট পর্যন্ত খাল।	শিবচর	৩.০০	৩.০০	১৬৩.২৮	০১-০৩-২১	২৬-০৬-২২	৬৫.৯১	২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত
৭।	রামনগর খাল	কালকিনি	২.২০	-	৩৩.১০	২০-০৬-২২	২০-০৮-২৩	০.০০	চলমান

পুনঃখনন কাজ সমাপ্তকৃত খাল সমূহের দুই তীরে রোপিত বৃক্ষসমূহ পরিচর্যার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বন বিভাগের প্রতিনিধি জানান যে, উক্ত রোপিত বৃক্ষ সমূহ খাস জমিতে অবস্থিত হলে বন বিভাগের মাধ্যমে তা পরিচর্যা ও রক্ষণাবেক্ষন করা যেতে পারে। ব্যক্তিগত জমিতে রোপিত বৃক্ষসমূহ বন বিভাগ কর্তৃক পরিচর্যা করা সম্ভব হবে না। এমতাবস্থায় পাউবো ও সামাজিক বন বিভাগ যৌথভাবে পরিদর্শন করে খাস জমিতে রোপিত বৃক্ষসমূহ চিহ্নিত করবে এবং বন বিভাগের মাধ্যমে সে গুলি পরিচর্যা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার সিদ্ধান্তসমূহ ঃ

১। "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের ঠিকাদার খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) এর যথাযথ কর্তৃপক্ষ বরাবর দ্রুত জমির মালিকগণকে জমির ভাড়া পরিশোধ/পরিশোধের প্রমাণক উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুরকে পত্র প্রেরণ করতে হবে এবং এ বিষয়ে জটিলতা নিরসন না হওয়া পর্যন্ত এ কাজের চুক্তিকৃত BOQ- তে অন্তর্ভুক্ত জমির ভাড়া পরিশোধ করা যাবে না এবং জমাকৃত বালু সংক্রান্ত যে কোন জটিলতা সৃষ্টি হলে ঠিকাদারী প্রতিষ্ঠান দায়ী থাকবে।

২। আগামীতে ড্রেজিং এর ফলে যে বিপুল পরিমাণ মাটি/বালি উত্তোলিত হবে তাহা যেকোন সরকারি প্রতিষ্ঠানের নিজস্ব প্রয়োজনে (ঠিকাদারী কাজ ব্যতীত), স্কুল, কলেজ, মসজিদসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান সহ জনগুরুত্বপূর্ণ কাজে ব্যবহার এবং অবশিষ্ট বালু নিলামের মাধ্যমে বিক্রি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ সকল কাজে বালি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজ খরচে সুনির্দিষ্ট মাটি/বালির পরিমান উল্লেখ করে জেলা প্রশাসক, মাদারীপুর বরাবর আবেদন করবে এবং অনুমোদিত মাটি/বালি নিজ খরচে পরিবহন/স্থানান্তর করতে হবে।

৩। "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের অধীনে অবশিষ্ট ড্রেজিং কাজ হতে উত্তোলিত মাটি/বালি মজুদ/স্তুপিত করার বিষয়ে প্রয়োজনীয় পরিমান জমি ব্যবস্থাপনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সভাপতি করে একটি উপ-কমিটি গঠন করতে হবে এবং এই উপ-কমিটি কার্যক্রম শুরুর পূর্বে মাননীয় সংসদ সদস্য মাদারীপুর-১ ও জাতীয় সংসদের চীফ হুইপ জনাব নূর-ই-আলম চৌধুরী মহোদয়কে অবগত করতে হবে।

৪। "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের অধীনে অবশিষ্ট ড্রেজিং কাজ হতে উত্তোলিত মাটি/বালি একক দর ০.৬৩ টাকা নির্ধারণ করা হয়।

৫। "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)(১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প ভুক্ত মাদারীপুর জেলার কালকিনি উপজেলায় ভুরঘাটা খাল ও শিবচর উপজেলায় কুমার নদী হতে সরদার চরমাহামুদ খেয়াঘাট পর্যন্ত খাল পুনঃখনন কাজের সমাপ্ত বলে গণ্য করা হলো।

৬। "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)(১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের অধীন খননকৃত খাল সমূহের দুই পাড়ে বাপাউবো কর্তৃক রোপিত বৃক্ষসমূহ পাউবো ও সামাজিক বন বিভাগ যৌথভাবে পরিদর্শন করে খাস জমিতে রোপিত বৃক্ষসমূহ চিহ্নিত করবে এবং বন বিভাগের মাধ্যমে সে গুলি পরিচর্যা করবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/10/22

(ড. রহিমা খাতুন)
জেলা প্রশাসক, মাদারীপুর
ও
সভাপতি, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, মাদারীপুর।
ফোন ০৬৬১-৬২৭৭৭

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুর
E-mail : xenbwdbmadaripur@gmail.com

স্মারক নং-এম-৩/আর-৯/১/ ৫৯৯-১৫/২০২২/২৫৯০ (১৬) তারিখ ঃ ২০-১০-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর নির্বাচনী এলাকা-২১৮।
২। মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর নির্বাচনী এলাকা-২১৯।
৩। মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর নির্বাচনী এলাকা-২২০।
৪। জেলা প্রশাসক, মাদারীপুর।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। পুলিশ সুপার, মাদারীপুর।
৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর।
৮। জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর।
৯-১২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ সড়ক ও জনপথ বিভাগ/ জেলা পরিষদ, মাদারীপুর।
১৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। জেলা পরিবেশ কর্মকর্তা, মাদারীপুর।
১৫। ভারপ্রাপ্ত জেলা বন কর্মকর্তা, মাদারীপুর।
১৬। সহকারী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মাদারীপুর।

20/10/2022

(মোঃ সানাউল কাদের খান)
পরিচিতি নং-৮৭১২১১০০১
নির্বাহী প্রকৌশলী
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর
ও
সদস্য-সচিব, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
(সাধারণ শাখা)
www.madaripur.gov.bd

মাদারীপুর জেলার পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্য বিবরণী:

সভাপতি : ড. রহিমা খাতুন, জেলা প্রশাসক, মাদারীপুর।

সভার তারিখ : ২৩/০৩/২০২৩ খ্রিঃ।

সভার সময় : বেলা ৩.০০ ঘটিকা।

সভার স্থান : জেলা প্রশাসক, মাদারীপুর এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-১।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির" কার্যক্রম সম্পর্কে অবহিত করতে নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর ও সদস্য-সচিবকে আহ্বান করেন।

কমিটির সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর জনাব মোঃ সানাউল কাদের খান সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার পূর্বনির্ধারিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শুরু করেন।

১নং আলোচ্যসূচি: বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের ড্রেজড আর্থ ব্যবহার করে ভূমি উন্নয়ন প্রসঙ্গে আলোচনা।

সদস্য-সচিব সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, মাদারীপুর জেলার শিবচর উপজেলার ভিতর দিয়ে প্রবাহিত আড়িয়াল খাঁ নদীর বাম তীরে সন্যাসীরচর এবং বহেরাতলা ইউনিয়ন ও ডানতীরে শিরুয়াইল ও নিলখী ইউনিয়নের অবস্থান। আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে উক্ত ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহ রক্ষাকল্পে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি গত ২৮-০১-২০২০ খ্রিঃতারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির ডিপিপি মূল্য ৩৯,৪৪৭.৪৫ লক্ষ টাকা। প্রকল্পটিতে ৬.৩০০ কিমিঃ নদী তীর সংরক্ষণ কাজ এবং ১৪.৭৫০ কিমিঃ নদী খনন কাজ অন্তর্ভুক্ত আছে। ৩৬,৭২৮.৪৯ লক্ষ টাকা চুক্তি মূল্যে সরাসরি ক্রয় পদ্ধতিতে বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির বাস্তবায়নকাল জানুয়ারী ২০২০ হতে জুন ২০২৩ পর্যন্ত। বর্তমানে প্রকল্পটির সার্বিক অগ্রগতি ৪৬.২১%।

সদস্য সচিব মোঃ সানাউল কাদের খান আরও জানান, প্রকল্পের ৬.৩০০ কিমিঃ নদী তীর সংরক্ষণ কাজের মধ্যে সন্যাসীরচর ১.৩০০ কিমিঃ, বহেরাতলা ১.০০০ কিমিঃ ও শিরুয়াইল ও নিলখী ০.২০০ কিঃমিঃ সর্বমোট ২.৫০০ কিঃমিঃ কাজ বাস্তবায়ন হয়েছে। প্রকল্পের ১৪.৭৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে খননযোগ্য মাটি/বালির পরিমাণ ১০২.৫৪ লক্ষ ঘনমিটার (৩৬.২০ কোটি ঘনফুট)। ড্রেজিং কাজের মধ্যে ২০২১-২০২২ অর্থবছরে সন্যাসীরচর ও দত্তপাড়া ৩.৩৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ২৫.১১ লক্ষ ঘনমিটার মাটি/বালি ড্রেজিং করা হয়েছে। বর্তমান ২০২২-২০২৩ অর্থবছরে শিরুয়াইলে ২.৯০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ৯.৬৭ লক্ষ ঘনমিটার মাটি/বালি ড্রেজিং করা হয়েছে। সর্বমোট ৬.২৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ৩৪.৭৮ লক্ষ ঘনমিটার মাটি/বালির পোষ্ট-ওয়ার্ক টাস্কফোর্স কর্তৃক যাচাই সম্পন্ন হয়েছে। বর্তমানে ৩.০০০ কিঃমিঃ ড্রেজিং কাজ চলমান রয়েছে। এলজিইডি কর্তৃক নির্মাণাধীন উৎরাইল ব্রীজের স্থায়ীত্বের কথা বিবেচনায় ব্রীজের উজানে ০.৫০০ কিঃমিঃ ও ভাটিতে ০.৫০০ কিঃমিঃপর্যন্ত মোট ১.০০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ বাপাউবো কারিগরী কমিটির সুপারিশের আলোকে বাদ দেওয়া হয়েছে।

গত ২০২১-২০২২ অর্থবছরে সন্যাসীরচর ও দত্তপাড়া ইউনিয়নে ৩.৩৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ২৫.১১ লক্ষ ঘনমিটার (৮.৮৬ কোটিঘনফুট) ড্রেজিংকৃত মাটি/বালির মধ্যে ৮.১১ কোটি ঘনফুট মাটি/বালি "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটির নিকট হস্তান্তর করা হয়েছে। হস্তান্তরকৃত মাটি/বালি গত ২৭-০৫-২০২২খ্রিঃ তারিখ (১ম নিলাম) ও ২০-০২-২০২৩খ্রিঃ তারিখে (২য় নিলাম) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবচর, মাদারীপুরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট ৭৫.৩৪ লক্ষ ঘন ফুট মাটি/বালি দ্বারা নিচু জমি ভরাট করে ভূমি পুনরুদ্ধার, কবরস্থান ও শিবচর হাইওয়ে থানা এলাকার ভিতরে ভরাট করা হয়েছে।

এ প্রসঙ্গে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর জানান, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির ১৮-০৫-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে তাকে সভাপতি করে ৭(সাত) সদস্য বিশিষ্ট "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক জমাকৃত বালু ২৭-০৫-২০২২ খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবচর, মাদারীপুরে অনুষ্ঠিত নিলামের মাধ্যমে আগ্রহী ক্রেতাগণকে বালুক্রয়ের আহ্বান করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর এ প্রসংগে জানান যে, ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক জমির মালিকগণকে জমির ভাড়া না দেওয়ায় গত ২৭-০৫-২০২২ খ্রিঃ তারিখে নিলাম কার্যক্রম সম্পন্ন করা যায়নি এবং সরকারি রাজস্ব আদায়ে বাধাগ্রস্ত হচ্ছে। এ প্রসঙ্গে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড ও সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, এ কমিটির পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে ঠিকাদারকে এ কাজের চুক্তিকৃত BOQ-তে অন্তর্ভূক্ত জমির ভাড়া পরিশোধ করা হয়নি। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর জানান যে, জমাকৃত বালু বিক্রয়ের জন্য গত ২০-০২-২০২৩ খ্রিঃ তারিখে দ্বিতীয়বার নিলাম আহ্বান করা হলে নিলাম ডাকে অংশগ্রহনকারীগণ ভিত্তিমূল্যের চেয়ে অনেক কমদর উল্লেখ করেন যা নিতান্তই অগ্রহন যোগ্য বিধায় তা পরবর্তী সিদ্ধান্তের জন্য জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করা হয় । সভায় উক্ত নিলাম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সভার সভাপতি ৩য় বার নিলাম ডাক প্রক্রিয়াকরনের জন্য মতামত প্রকাশ করেন এবং জানান যে, ৩য় বার নিলাম ডাকেও যদি মজুদকৃত বালি/মাটির মূল্য ভিত্তিমূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ না হয় তবে পরবর্তী সিদ্ধান্তের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়কে সদয় সিদ্ধান্ত প্রদানের জন্য এই কমিটির পক্ষ হতে পত্র প্রেরণ করতে হবে।

বিগত সভায় গঠনকৃত ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা বিষয়ে গঠিত উপ-কমিটির নির্দেশনা মোতাবেক উক্ত ড্রেজিং কাজের খননকৃত বালি/মাটি উৎরাইল ব্রীজের উজানে এবং ভাটিতে প্রায় (৮০+৮০) ১৬০ একর সরকারী খাস জমিতে মজুদ করা হয়েছে। এছাড়াও আরোও ৮ (আট) টি স্থানে ব্যক্তি মালিকানাধীন জমিতে খননকৃত মাটি/বালি মজুদ করা হচ্ছে। এ বিষয়ে সভার সভাপতি উক্ত ১৬০ একর খাস জমিতে জেলা প্রশাসন, মাদারীপুর এর তত্ত্বাবধানে এমিউজমেন্ট পার্ক স্থাপন করা হবে মর্মে মতামত প্রকাশ করেন। তিনি সভাস্থল হতে মুঠোফোনে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর ও সভাপতি "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" উপ-কমিটির কার্যপরিধির আওতায় থেকে চলমান খননকৃত মাটি/বালি মজুদ করার জন্যনির্দেশনা প্রদান করেন । এছাড়া "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের ডিপিপিভুক্ত বনায়ন কার্যক্রম প্রস্তাবিত "এমিউজমেন্ট পার্ক" এর সরকারী খাস জমিতে ও নদী তীর সংরক্ষণ কাজ সংলগ্ন স্থানে রোপন করতে হবে। এ বিষয়ে জেলা বনবিভাগ কারিগরী সহায়তা প্রদান করবে।

<u>সভার সিদ্ধান্ত সমূহ:</u>

১। ২০২১-২০২২ অর্থবছরে সন্যাসীরচর ও দত্তপাড়া এলাকায় ড্রেজিংকৃত ও মজুদকৃত বালি/মাটি অনতি বিলম্বে নিলাম ডাকের (৩য় বার) ব্যবস্থা গ্রহণ করতে হবে। নিলাম ডাকের ভিত্তিমূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ দর পাওয়া না গেলে পরবর্তী সিদ্ধান্তের জন্য সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের বরাবর পত্র লিখতে হবে।

২। ২০২১-২০২২ অর্থবছরে নিলামকৃত সন্যাসীরচর ও দত্তপাড়া এলাকায় মজুদকৃত (৮১১.৩০ লক্ষ ঘনফুট) বালি/মাটির ডাইক সমূহের জমির লীজের ভাড়া নিলাম কার্য অথবা উক্ত বালি/মাটির বিষয়ে স্থায়ী সিদ্ধান্ত সম্পন্ন না হওয়া পর্যন্ত ঠিকাদারকে জমির লীজ বাবদ বিল পরিশোধ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর ও সভাপতি, "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট উপ-কমিটি" বর্তমান ২০২২-২০২৩ অর্থবছরের বালি/মাটির ডাইকসমূহের জমি লীজের চুক্তি যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে জেলা প্রশাসক, মাদারীপুর ও সভাপতি, "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি" প্রদত্ত নির্দেশনা মোতাবেক ডকুমেন্টেশনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

৪। বর্তমানে ড্রেজিংয়ের মাধ্যমে উত্তোলিত (প্রায় ২৫.৮৯ লক্ষ ঘনমিটার) মাটি/বালির একটি বড় অংশ আড়িয়াল খাঁ নদীর ডানতীরে উৎরাইল ব্রীজের উজান ও ভাটিতে প্রায় ১৬০ একর সরকারী খাস জমিতে মজুদ করা হয়েছে। উক্ত ১৬০ একর খাস জমিতে জেলা প্রশাসন, মাদারীপুর এর তত্ত্বাবধানে "এমিউজমেন্টপার্ক" করার জন্য জেলা প্রশাসন, মাদারীপুর কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। বর্তমানে বালি মজুদ করা হচ্ছে এমন ৮টি স্থান সহ অন্য কোন স্থানে বালু ভরাটের প্রয়োজন হলে ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট উপ-কমিটি, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি কে অবহিত করবে।

৬। প্রকল্পের ডিপিপিভুক্ত বনায়ন কার্যক্রম প্রস্তাবিত "এমিউজমেন্ট পার্ক" এর সরকারী খাস জমিতে ও নদী তীর সংরক্ষণ কাজ সংলগ্ন স্থানে রোপন করতে হবে।এ বিষয়ে জেলা বন বিভাগ কারিগরী সহায়তা প্রদান করবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে জেলা প্রশাসক, মাদারীপুর সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৩/২৩

(ড. রহিমা খাতুন)
জেলা প্রশাসক, মাদারীপুর
ও
সভাপতি, জেলা পানি সম্পদ উন্নয়ন ও
ব্যবস্থাপনা কমিটি, মাদারীপুর।
ফোন ০৬৬১-৬২৭৭৭

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুর
E-mail : xenbwdbmadaripur@gmail.com

স্মারক নং-এম-৩/আর-৯/১/এস-১১/২০২৩/ ৮৫০ তারিখ : ২৩/৩/২০২৩ খ্রঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

১। মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর নির্বাচনী এলাকা-২১৮/২১৯/২২০
২। জেলা প্রশাসক, মাদারীপুর।
৩। পুলিশ সুপার, মাদারীপুর।
৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর।
৫। জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর।
৬-৯। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ সড়ক ও জনপথ বিভাগ/ জেলাপরিষদ, মাদারীপুর।
১০। সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর।
১২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।
১৩। জেলা পরিবেশ কর্মকর্তা, মাদারীপুর।
১৪। ভারপ্রাপ্ত জেলা বন কর্মকর্তা, মাদারীপুর।
১৫। সহকারী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মাদারীপুর।

23/03/2023

(মোঃ সানাউল কাদের খান)
পরিচিতি নং-৮৭১২১১০০১
নির্বাহী প্রকৌশলী
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর
ও
সদস্য-সচিব,
জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, মাদারীপুর।

...সভার কার্যবিবরণী; জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী ২৩-০৩-২০২৩ খ্রঃ.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(সাধারণ শাখা)
www.madaripur.gov.bd

মাদারীপুর জেলার পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি	: জনাব মোহাম্মদ মাহফুজুর রশিদ খান, জেলা প্রশাসক, মাদারীপুর
সভার তারিখ	: ০৯/০৮/২০২৩ খ্রি.
সভার সময়	: বেলা ৪.০০ ঘটিকা
সভার স্থান	: জেলা প্রশাসক, মাদারীপুর এর সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-১।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির" কার্যক্রম সম্পর্কে অবহিত করতে নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর ও সদস্য-সচিবকে আহবান জানান।

কমিটির সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর জনাব মোঃ সানাউল কাদের খান সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার পূর্ব নির্ধারিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শুরু করেন।

১নং আলোচ্যসূচি: বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পের খননকৃত বালু ব্যবহার করে ভূমি উন্নয়ন ও খননকৃত বালু নিলামের মাধ্যমে বিক্রয় প্রসঙ্গে আলোচনা।

সদস্য-সচিব সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, মাদারীপুর জেলার শিবচর উপজেলার ভিতর দিয়ে প্রবাহিত আড়িয়াল খাঁ নদীর বাম তীরে সন্যাসীরচর এবং বহেরাতলা ইউনিয়ন ও ডানতীরে শিরুয়াইল ও নিলখী ইউনিয়নের অবস্থান। আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে উক্ত ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ রক্ষাকল্পে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি গত ২৮-০১-২০২০ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির ডিপিপি মূল্য ৩৯,৪৪৭.৪৫ লক্ষ টাকা। প্রকল্পের প্যাকেজ নং Arial Khan/Madaripur/DPM-৪৮ এর আওতায় ৬.৩ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ ও ১৪.৭৫ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ অন্তর্ভূক্ত আছে। উক্ত প্যাকেজটিতে ৩৬,৭২৮.৪৯ লক্ষ টাকা চুক্তিমূল্যে সরাসরি ক্রয় পদ্ধতিতে বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির বাস্তবায়নকাল ডিপিপি জানুয়ারী ২০২০ হতে জুন ২০২৩ পর্যন্ত ছিল। পরবর্তীতে জুন ২০২৪ পর্যন্ত সময় বর্ধিত করা হয়। বর্তমানে প্রকল্পটির সার্বিক অগ্রগতি ৬৮.০০%।

উক্ত প্যাকেজের ৬.৩০০ কিমিঃ নদী তীর সংরক্ষণ কাজের মধ্যে সন্যাসীরচর ১.৬০০ কিমিঃ, বহেরাতলা ১.০০০ কিমিঃ ও শিরুয়াইল ও নিলখী ০.৭০০ কিঃমিঃ সর্বমোট ৩.৩০০ কিঃমিঃ কাজ বাস্তবায়িত হয়েছে। প্রকল্পের ১৪.৭৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজের মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরে সন্যাসীরচর ও দত্তপাড়া ৩.৩৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ২৫.১১ লক্ষ ঘনমিটার বালি ড্রেজিং করা হয়েছে। ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরে দত্তপাড়া, বহেরাতলা ও শিরুয়াইলে ১০.৪০০ কিঃমিঃ দৈর্ঘ্যে বালি ড্রেজিং করা হয়েছে। উক্ত ১০.৪০০ কিঃমিঃ দৈর্ঘ্যের মধ্যে ৬.৫৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে বালির পোল্ডার ওয়ার্ক গ্রহণ করা হয়েছে এবং অবশিষ্ট ৩.৮৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে খননকৃত বালির পোল্ডার ওয়ার্ক গ্রহণের কাজ চলমান আছে। এলজিইডি কর্তৃক নির্মাণাধীন উৎরাইল ব্রীজের স্থায়ীত্বের কথা বিবেচনায় ব্রীজের উঁজানে ০.৫০০ কিঃমিঃ ও ভাটিতে ০.৫০০ কিঃমিঃ পর্যন্ত মোট ১.০০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ বাপাউবো কারিগরি কমিটির সুপারিশের আলোকে বাদ দেওয়া হয়েছে।

গত ২০২১-২০২২ অর্থ বছরে সন্ন্যাসীরচর ও দত্তপাড়া ইউনিয়নে ৩.৩৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ২৫.১১ লক্ষ ঘনমিটার (৮.৮৬ কোটি ঘনফুট) ড্রেজিংকৃত বালির মধ্যে ৮.১১ কোটি ঘনফুট বালি "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটির নিকট হস্তান্তর করা হয়েছে। সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটির সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুরকে বালি নিলাম বিষয়ে বিস্তারিত বলার জন্য অনুরোধ করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর সভায় জানান যে, হস্তান্তরকৃত বালির ১ম নিলাম গত ২৭-০৫-২০২২ তারিখে, ২য় নিলাম ২০-০২-২০২৩ তারিখে ও ৩য় নিলাম ০৩-০৮-২০২৩ তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবচর, মাদারীপুরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সর্বশেষ নিলামডাকের কার্যবিবরণী সভায় উপস্থিত করে তিনি বলেন, নিলাম ডাকে অংশগ্রহণকারীগণ ভিত্তি মূল্যের চেয়ে অনেক কম দর উল্লেখ করেন যা নিতান্তই অগ্রহণযোগ্য বিধায় নিলাম কার্য সম্পন্ন হয়নি এবং এ বিষয়টি জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করা হয়েছে। এছাড়া, পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক নিলামযোগ্য বালির বিষয়ে সিদ্ধান্তের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত উচিত মর্মে তিনি সভায় মতামত দেন। তিনি আরো জানান, "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটির নিকট যে বালি রাখা হয়েছে সেসকল জমির মালিকগণের জমির ভাড়া না পাওয়া ও ক্ষুব্ধ থাকা নিলাম না হওয়ার অন্যতম একটি কারণ। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরো জানান, ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট গঠন করা হলেও প্রয়োজনীয় রিসোর্স ও ক্যাপাসিটি না থাকায় এই কমিটির পক্ষে উক্ত বালির নিরাপত্তা প্রদান করা সম্ভব নয়।

এ প্রসঙ্গে সভাপতি বালি রাখার জমির ভাড়া বাবদ কোন অর্থ ঠিকাদারী প্রতিষ্ঠানকে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চান। উত্তরে সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর জানান উক্ত প্রকল্পে বালি রাখার জমির ভাড়া বাবদ অর্থ ধরা আছে কিন্তু বালি রাখার জমির ভাড়া বাবদ কোন অর্থ ঠিকাদারী প্রতিষ্ঠানকে পরিশোধ করা হয়নি। এক্ষেত্রে ভাড়া বাবদ বিল পরিশোধ করার নিয়ম অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান জমির মালিকদের সাথে যথামথ প্রক্রিয়ায় চুক্তি করবেন এবং সাথে জমির সর্বশেষ পর্চা/নামজরী, এনআইডি কার্ড, ছবি সংযুক্ত করবেন। সেই চুক্তিপত্র অত্র দপ্তরে জমা প্রদান করলে ঠিকাদারী প্রতিষ্ঠানকে জমি ভাড়ার বিল পরিশোধ করা হবে।

সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর সভায় আরো জানান যে, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থবছরে ড্রেজিং এর মাধ্যমে যে পরিমাণ বালি উত্তোলন করা হবে সেই বালি সরকারী/বেসরকারী জমিতে রাখার জন্য শিবচর উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, শিবচর এর নেতৃত্বে "ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা" উপকমিটি গঠন করা আছে।

জমির ভাড়া প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর জানান যে, ঠিকাদারী প্রতিষ্ঠানের সাব-ঠিকাদার কর্তৃক কিছু জমির মালিকগণের তালিকা প্রস্তুতপূর্বক ইতিপূর্বে ১০.০০ (দশ লক্ষ) টাকা তার এবং শিবচর উপজেলা পরিষদ চেয়ারম্যানের উপস্থিতিতে ক্ষতিগ্রস্থ জমির মালিকগণকে পরিশোধ করা হয়। এসময় সাব ঠিকাদারি প্রতিষ্ঠান জমির মালিকগণের নামের তালিকায় রেভিনিউ স্ট্যাম্পের উপর ক্ষতিগ্রস্থদের স্বাক্ষর গ্রহণ করেন। কিন্তু চুক্তিপত্রে স্বাক্ষর করতে জনগণ অনীহা প্রকাশ করায় কোন চুক্তিপত্র করা যায়নি। তিনি আরো জানান, মূল ঠিকাদারী প্রতিষ্ঠানের কোন উপযুক্ত প্রতিনিধিকে কখনোই প্রকল্প স্থানে/সাইটে পাওয়া না যাওয়ায় চুক্তিপত্র সম্পাদনে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। অবশিষ্ট জমির মালিকগণের ক্ষতিপূরণ যথাসময়ে প্রদান না করা হলে জমির মালিকগণের মধ্যে অসন্তোষ সৃষ্টি হতে পারে এবং এর ফলে ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় প্রতিবন্ধকতা সৃষ্টি হতে পারে। এ প্রসঙ্গে সভাপতি পরবর্তী সভায় খুলনা শিপইয়ার্ড লিঃ এর

উপযুক্ত প্রতিনিধিকে উপস্থিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলেন। তিনি এই প্রকল্পের প্রকল্প পরিচালককে সার্বিকভাবে যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুরকে অবহিত করতে বলেন।

সদস্য-সচিব আরো জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ড্রেজিং এর মাধ্যমে যে পরিমাণ বালি উত্তোলন করা হয়েছে সেই বালি ২১ টি সরকারী/বেসরকারী জমিতে রাখা হয়েছে। উক্ত ২১ টি স্পটের ড্রোন ফুটেজ সংরক্ষিত আছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। বিগত সভায় ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা বিষয়ে গঠিত উপ-কমিটির নির্দেশনা মোতাবেক উক্ত ড্রেজিং কাজের খননকৃত বমাটি উৎরাইল ব্রীজের উজানে এবং ভাটিতে সরকারী খাস জমিতে মজুদ করা হয়েছে। এ বিষয়ে সভার সভাপতি উক্ত জমিতে ইকোপার্ক স্থাপনের কথা জানান।

সভার সিদ্ধান্তসমূহ:

১। ২০২১-২০২২ অর্থ বছরে সন্ন্যাসীরচর ও দত্তপাড়া এলাকায় ড্রেজিংকৃত ও মজুদকৃত বালি/মাটি ৩য় বার নিলাম ডাকে উপযুক্ত মূল্য না পাওয়ায় সদয় সিদ্ধান্তের জন্য সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়কে মাদারীপুর জেলার পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি অবহিত করবেন।

২। ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরে বালি ডাইকসমূহের জমি লীজের চুক্তি যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে খুলনা শিপইয়ার্ড লিঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এই বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড অতিসত্বর উক্ত ডাইকসমূহে সঞ্চিত বালির পরিমাপ শেষে জেলা প্রশাসক, মাদারীপুরকে অবহিত করবেন এবং "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটির সহায়তায় দ্রুত নিলামের উদ্যোগ গ্রহণ করবেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে জেলা প্রশাসক, মাদারীপুর সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ মারুফুর রশিদ খান)
জেলা প্রশাসক, মাদারীপুর
ও
সভাপতি, জেলা পানি সম্পদ
উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি,
মাদারীপুর।
ফোন ০৬৬১-৬২৭৭৭

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
মাদারীপুর পওর বিভাগ, বাপাউবো, মাদারীপুর
E-mail : xenbwdbmadaripur@gmail.com

স্মারক নং-এম-৩/আর-৯/১/এস-১১/২০২৩/২৫৮৭ তারিখ : ০৯/০৮/২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর নির্বাচনী এলাকা-২১৮/২১৯/২২০
২। জেলা প্রশাসক, মাদারীপুর।
৩। পুলিশ সুপার, মাদারীপুর।
৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর।
৫। জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর।
৬-৯। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ সড়ক ও জনপথ বিভাগ/ জেলা পরিষদ, মাদারীপুর।
১০। সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর।
১২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

১৩। জেলা পরিবেশ কর্মকর্তা, মাদারীপুর।
১৪। ভারপ্রাপ্ত জেলা বন কর্মকর্তা, মাদারীপুর।
১৫। সহকারী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মাদারীপুর।

০২/০৪/২০২৩

(মোঃ সানাউল কাদের খান)
পরিচিতি নং-৮৭১২১১০০১
নির্বাহী প্রকৌশলী
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মাদারীপুর
ও
সদস্য-সচিব,
জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(রাজস্ব শাখা)
www.madaripur.gov.bd

মাদারীপুর জেলার পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব মোহাম্মদ মারুফুর রশিদ খান, জেলা প্রশাসক, মাদারীপুর
সভার তারিখ : ১৪/১২/২০২৩ খ্রি.
সভার সময় : বেলা ১২.০০ ঘটিকা
সভার স্থান : জেলা প্রশাসক, মাদারীপুর এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-১।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং "জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির" কার্যক্রম সম্পর্কে অবহিত করতে নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর ও সদস্য-সচিবকে আহবান জানান।

কমিটির সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মাদারীপুর জনাব মোঃ সানাউল কাদের খান সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার পূর্ব নির্ধারিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শুরু করেন।

১নং আলোচ্যসূচি: বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং (১ম সংশোধীত)" শীর্ষক প্রকল্পের খননকৃত বালু ব্যবহার করে ভূমি উন্নয়ন ও খননকৃত বালু নিলামের মাধ্যমে বিক্রয় প্রসঙ্গে আলোচনা।

সদস্য-সচিব সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, মাদারীপুর জেলার শিবচর উপজেলার ভিতর দিয়ে প্রবাহিত আড়িয়াল খাঁ নদীর বাম তীরে সন্যাসীরচর এবং বহেরাতলা ইউনিয়ন ও ডানতীরে শিরুয়াইল ও নিলখী ইউনিয়নের অবস্থান। আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে উক্ত ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ রক্ষাকল্পে "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় আড়িয়াল খাঁ নদী তীর সংরক্ষণ ও ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি গত ২৮-০১-২০২০ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির ডিপিপি মূল্য ৪০,৪২৮.২৪ লক্ষ টাকা। প্রকল্পের প্যাকেজ নং **Arial Khan/Madaripur/DPM-48** এর আওতায় ৬.৩০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ ও ১৩.৭৫০ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ অন্তর্ভুক্ত আছে। উক্ত প্যাকেজটিতে ৩৮,১৬১.৮৩ লক্ষ টাকা চুক্তিমূল্যে সরাসরি ক্রয় পদ্ধতিতে বাংলাদেশ নৌবাহিনীর অঙ্গ প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির বাস্তবায়নকাল জানুয়ারী ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত। বর্তমানে প্রকল্পটির সার্বিক অগ্রগতি ৭৭.৯৮%।

উক্ত প্যাকেজের ৬.৩০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের মধ্যে সন্যাসীরচর ১.৬০০ কিঃমিঃ, বহেরাতলা ১.০০০ কিঃমিঃ ও শিরুয়াইল ও নিলখী ০.৭০০ কিঃমিঃ সর্বমোট ৩.৩০০ কিঃমিঃ কাজ বাস্তবায়িত হয়েছে। প্রকল্পের ১৩.৭৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজের মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরে সন্যাসীরচর ও দত্তপাড়া ৩.৩৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ২৫.১১ লক্ষ ঘনমিটার মাটি/বালি ড্রেজিং করা হয়েছে। ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরে দত্তপাড়া, বহেরাতলা, শিরুয়াইল ও নিলক্ষীতে ১০.৪০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ৬৫.০০ লক্ষ ঘনমিটার মাটি/বালি ড্রেজিং করা হয়েছে।

গত ২০২১-২০২২ অর্থ বছরে সন্যাসীরচর ও দত্তপাড়া ইউনিয়নে ৩.৩৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে ২৫.১১ লক্ষ ঘনমিটার (৮.৮৫ কোটি ঘনফুট) ড্রেজিংকৃত বালির মধ্যে ৮টি ডাইকের ৮.১১ কোটি ঘনফুট মাটি/বালি "ড্রেজড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট" কমিটির নিকট হস্তান্তর করা হয়েছে এবং ০.৭৫ কোটি ঘনফুট মাটি/বালি দ্বারা লো-ল্যান্ড ফিলিং ও ভূমি উন্নয়ন করা হয়েছে। এ বিষয়ে মোঃ শাকিল আহমেদ, ইন্সপেক্টর (নিঃ), অফিসার ইনচার্জ, শিবচর হাইওয়ে থানা, মাদারীপুর রিজিয়ন, ফরিদপুর এবং মুরাদ মিয়া, চেয়ারম্যান, দত্তপাড়া ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর কর্তৃক প্রত্যয়ন পাওয়া গেছে।

